শ্রীশ্রীরাধাকৃষ্ণার্চ্চন-দীপিকা ।

শ্রীপাদ শ্রীজীবগোস্বামি-বিরচিতা

তথা—

তদনুগতেন

শ্রীকৃষ্ণদাস-গোস্বামিনা কৃতা—

বিবৃতিঃ ।

শ্রীহরিদাস-দাসেন প্রকাশিতা

(নবদ্বীপ, হরিবোল কুটীর)

চৈত্র, ৪৫৭ গৌরাব্দঃ ।

সমর্পণ-পত্রম্ ।

শ্রীগৌরাঙ্গগদাধরাঙ্ঘ্রি কমলে সদ্ভক্তিক্তঃ প্রেমবান্
শ্রীবৃন্দাবন–বাসনিষ্ঠভজনানন্দৈকচিত্তঃ সদা ।
শ্রীগ্রন্থ-শ্রবণে রতঃ প্রভুবর-শ্রীপ্রাণগোপালতঃ
শ্রীমদ্বৈষ্ণববর্য্য আশ্রিত-কৃপাসিন্ধুপ্রিয়ঃ পণ্ডিতঃ ॥

তস্মৈ নিত্যলীলাপ্রবিষ্ট-ভাগবতপরমহংসায়
শ্রীল রামকৃষ্ণদাস মহোদয়ায়
সপ্রশ্রয়মিদং গ্রন্থরত্নং সমর্পিতং—

আশ্রব—শ্রীহরিদাস দাসেন ।

অবতরণিকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের অপার করুণায় গৌড়ীয় বৈষ্ণব সম্প্রদায়ের আচার্য্যবর্য্য শ্রীপাদ শ্রীজীব গোস্বামিকৃত **শ্রীশ্রীরাধাকৃষ্ণার্চ্চনদীপিকা** প্রকাশিত হইলেন। শ্রীরাধা-সহলিত শ্রীকৃষ্ণের ভজনীয়ত্ব প্রতিপাদন করাই এই গ্রন্থরত্নের উদ্দেশ্য। তজ্জন্য শ্রীপাদ শ্রীজীব প্রথমতঃ লঘুভাগবতামৃতের ভক্তামৃত-প্রকরণ-অবলম্বনে আরোহ-ভূমিকাক্রমে শ্রীগোপীগণ-সম্বলিত শ্রীকৃষ্ণভজনেরই সর্ব্বশ্রেষ্ঠত্ব প্রতিপাদন করিয়াছেন। দ্বিতীয়তঃ এই গ্রন্থে শক্তিতত্ত্ব-বিবরণ, স্বরূপশক্তি-নির্ণয়, শ্রীতত্ত্ব-পর্য্যালোচনা, মহিষীগণের স্বরূপ-নিরূপণ, শ্রীরুক্মিণীদেবীর স্বয়ং লক্ষ্মীত্ব স্থাপন, ব্রজদেবীগণের স্বরূপ-নির্দ্ধারণ ও নামকরণ ইত্যাদি এবং শ্রীরাধার সর্ব্বশ্রেষ্ঠতা ও যুগল-উপাসনার বিনিশ্চয় হইয়াছে। এই গ্রন্থের বহু স্থলই শ্রীকৃষ্ণসন্দর্ভ, ভক্তিসন্দর্ভ ও প্রীতিসন্দর্ভাদিতে আলোচিত হইয়াছে, সুতরাং গ্রন্থবিস্তারভয়ে টীকাটিপ্পনী সংযোজিত হইল না।

শ্রীপাদ শ্রীজীবের শিষ্য শ্রীল কৃষ্ণদাসজিও এই গ্রন্থখানা অবলম্বনে শ্লোকাকারে ইহারই **বিবৃতি** করিয়াছেন, তাহাও গ্রন্থশেষে সন্নিবিষ্ট হইলেন। এই বিবৃতিকার কিন্তু প্রসিদ্ধ কবিরাজ গোস্বামী নহেন। ইনি সমগ্র গ্রন্থখানাকে নয়টি প্রকরণে বিভাগ করিয়াছেন। প্রথম প্রকরণে শ্রীব্রজদেবীগণের পূজ্যত্ব-নিত্যত্ব, দ্বিতীয়ে পূজাবিধি (মন্ত্রাদির সন্নিবেশ) ; তৃতীয়ে ভজনীয়তত্ত্বমধ্যে স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণের মুখ্যত্ব, চতুর্থে —শ্রীরুক্মিণীর স্বয়ং লক্ষ্মীত্ব, পঞ্চমে ব্রজদেবীগণের স্বরূপ, ষষ্ঠে তাঁহাদের অবতার সময়ে মায়িক পরোঢ়াত্ব-ব্যবহার, সপ্তমে শ্রীরাধার সর্ব্বশ্রেষ্ঠত্ব, অষ্টমে তাঁহার মহাভাবত্ব এবং নবমে শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রগণ ও মহানুভব ভক্তগণের সম্মতিক্রমে শ্রীরাধাকৃষ্ণের ভজন-বিনিশ্চয় করিয়াছেন। শ্রীপাদ শ্রীজীবের পদাঙ্ক অনুসরণ করিয়া শ্রীকৃষ্ণদাসজি বিস্তারিতভাবে এই গ্রন্থের সঙ্কলন করিয়াছেন। এই শ্রীকৃষ্ণদাসজি যে শ্রীজীবের শিষ্য ইহা শ্রীশ্রীরাধাদামোদরালয়ের গ্রন্থাগারস্থ প্রাচীন লেখ হইতে অবগত

হওয়া যায়। যথা—শ্রীসনাতন—শ্রীরূপ—শ্রীজীব—**শ্রীকৃষ্ণদাস**—শ্রীনন্দকুমার—শ্রীব্রজকুমার—শ্রীবৃন্দাবন—শ্রীগোপীরমণ—শ্রীব্রজলাল—শ্রীনবললাল—শ্রীগোবিন্দ—শ্রীগোপাল—শ্রীমাধব। এই শ্রীকৃষ্ণদাসজি যে অন্যান্য গ্রন্থও করিয়াছেন, তাহাও ঐ গ্রন্থাগারের প্রাচীন লেখ হইতে উদ্ধৃত করিতেছি—

শ্রীগোসাঞি কৃষ্ণদাসের গ্রন্থ শুনহ রসাল।
শ্রীরাধাকৃষ্ণার্চ্চনদীপিকা বিশাল॥
তার **টীকা** * আর **লঘু চম্পূ** কুতূহলী।
শ্রীহরিভক্ত **মনোরমা** ইতিহাসাবলী॥
আর **লঘুসন্দর্ভাদি** সিদ্ধান্তের সার।
যাতে তোষে রাউ রঙ্ক পণ্ডিত অপার॥
যশোমন্ত রাই নৃপবর মন্ত্রী সার।
মনঃশিক্ষা সুক্ষ্মা সেবা সুরুচি প্রচার॥
এসব প্রভুর গ্রন্থ শুনে পড়ে যেই।
শ্রীরাধাকৃষ্ণপদ ব্রজ-প্রেমে লভে সেই॥

দুঃখের বিষয় এই সব গ্রন্থ এমন বিপর্য্যস্ত অবস্থায় আছেন যে তাঁহাদের উদ্ধার-সাধন এক প্রকার অসম্ভব বলিলেও অত্যুক্তি হয় না। এই গ্রন্থের শেষে ইনি লিখিয়াছেন যে ১২৭০০০ গ্রন্থ শ্রীসনাতনাদি গোস্বামিগণ রচনা করিয়াছিলেন। এই 'গ্রন্থ' শব্দে এক একটি প্রকরণ বা প্রবন্ধ (Topic) ‡ বলিয়া ধরিলেও অদ্যাবধি প্রকাশিত বা দৃশ্যমান গ্রন্থসমূহের প্রবন্ধ-সংখ্যা গণনা দ্বারা পূর্ব্বোক্ত সংখ্যা-পূর্ত্তি হয় কিনা সন্দেহ। এই গৌড়ীয় বৈষ্ণব সমাজের আচার্য্যগণ শ্রীমন্ মহাপ্রভুর কৃপা-প্রেরণায় উদ্‌বুদ্ধ হইয়া বেদান্ত, স্মৃতি, কাব্য, নাটক, অলঙ্কার, ছন্দঃ, ব্যাকরণাদি সকল শাস্ত্রেই যে এক মহা অভিনব আকার বা স্বরূপ দান করিয়াছেন, তাহা বিশেষজ্ঞগণ একবাক্যে স্বীকার করিয়া থাকেন। কিন্তু

---

* এই টীকার নাম **প্রভা**।

‡ যেমন 'স্তবমালার' অন্তর্গত গোবিন্দবিরুদাবলী, চাটুপুষ্পাঞ্জলি, গীতাবলী এবং 'স্তবাবলীর' অন্তর্গত বিলাপকুসুমাঞ্জলি, ব্রজবিলাস স্তব, বিশাখানন্দদ স্তোত্র ইত্যাদি।

এই সকল গ্রন্থের যথোপযুক্ত অধ্যয়ন, অধ্যাপনা ও গবেষণাদির অভাবে ইঁহারা অন্ধকারাবৃত কারাকক্ষে কীটভোজ্য হইয়া লোকলোচনের অন্তরালেই অবস্থান করিলেন !! গৌড়েশ্বরবাদিগণের পক্ষে ইহা অল্প পরিতাপের বিষয় নহে !!!

এক্ষণে প্রকৃত প্রস্তাবের অনুসরণ করিতেছি। এই গ্রন্থখানার শেষে লিপিকাল আছে—সম্বৎ ১৭১৪ বৈশাখ সুদী ১৩। ইহাতে জানা যায় যে ইঁহার রচনা-কাল শ্রীজীবগোস্বামির পরে এবং ১৫৭৯০ শকাব্দার পূর্ব্বেই হইবে।

বরাহনগর পাটবাড়ীর শ্রীগৌরাঙ্গ-গ্রন্থ-মন্দিরের একখানা পুঁথিও এই নামেই পাওয়া গিয়াছে। ঐ গ্রন্থখানিও শ্রীপাদ শ্রীজীবেরই পদাঙ্কানুসরণে লিখিত এবং তাহারই সংক্ষিপ্ত সংস্করণ বলিলেও চলে। শ্রীবৃন্দাবন কেশীঘাটের প্রভুদের মন্দিরে ঐ পুঁথিখানার নাম—শ্রীরাধাকৃষ্ণার্চ্চনচন্দ্রিকা। ইহার (রচনাকাল ?) লিপিকাল এইভাবে দেওয়া আছে—

অদ্রিগ্রৌমাতৃগণাখ্যে শাকে বৃন্দাবনান্তরে।
রাধাকৃষ্ণার্চ্চনা সূক্ষ্মা দীপিকা লিখিতা ময়া ॥

অর্থাৎ ১৫১৮ শাকে বৃন্দাবনে এই সূক্ষ্ম রাধাকৃষ্ণার্চ্চনদীপিকা লিখিত হইয়াছে। ইহা সর্ব্বাংশেই শ্রীজীবের গ্রন্থবৎ অথচ সংক্ষিপ্ত বলিয়া এস্থলে সন্নিবিষ্ট হইল না। মূল গ্রন্থখানা শ্রীবৃন্দাবনের কেশীঘাটের ও পুরাণাসহরের শ্রীগোস্বামিদের পুস্তকাগারে পাইয়াছি এবং বিবৃতিখানা শ্রীরাধাদামোদরের তিনখানা পুঁথি ও বরাহনগরের একখানা পুঁথির সাহায্যে সঙ্কলিত হইয়াছে। ইঁহাদের সকলের শ্রীচরণে দীনহীন প্রকাশক কৃতজ্ঞতাপাশে আবদ্ধ রহিল। সকল প্রকারের ত্রুটি বিচ্যুতির জন্য জীবাধম প্রকাশকই দায়ী। সুধী কৃপালু বৈষ্ণবগণ গ্রন্থশোধন করিয়া মূল গ্রন্থের গুরুগম্ভীর তাৎপর্য্য আস্বাদন করিলেই কৃতার্থ হইব। ইতি

বৈষ্ণবদাসানুদাস—

শ্রীধাম বৃন্দাবন }
৪৫৭ গৌরাব্দ } শ্রীহরিদাস দাস।

সাঙ্কেতিকচিহ্নাদিঃ

গো-চ = গোপালচম্পূঃ ।

বি = বিষ্ণুপুরাণ ।

লঘুভা = লঘুভাগবতামৃত ।

হ-ভ-বি = হরিভক্তিবিলাস ।

ল-মা = ললিতমাধব ।

গো-বি = গোবিন্দবিরুদাবলী ।

স-ক-দ্রু = সঙ্কল্পকল্পদ্রুম ।

• শ্রীশ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ •

শ্রীশ্রীরাধাকৃষ্ণার্চ্চন-দীপিকা।

সনাতনসমো যস্য জ্যায়ান্ শ্রীমান্ সনাতনঃ।
শ্রীবল্লভোঽনুজঃ সোঽসৌ শ্রীরূপো জীবসদ্গতিঃ॥ ১॥
পুরাণসংহিতাতন্ত্রমন্ত্রশ্রুতি-সমন্বিতং।
গীতাভাগবতং শাস্ত্রং জয়তাদ্ ব্রজধামসু॥ ২॥
শ্রীদামোদর-রাধার্চ্চনমর্হতি ব্রজস্থানাং।
আবশ্যকতামশ্রাব্যনয়ো রত্রাধিদেব্যং হি॥ ৩॥

অথ যৎ খলু শ্রীরাধা-সম্বলিতঃ শ্রীকৃষ্ণ উপাস্যতে, তত্র কশ্চিৎ শাস্ত্র-প্রমাণকত্বং ন মন্যতে, তং প্রতীদং ক্রমঃ।

'শিরোমণিপ্রভু' পদ কমল-চিন্তনে।
'রাধাকৃষ্ণার্চ্চন' ভাষা করিয়ে লিখনে॥

(১) যাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা শ্রীশ্রীমৎ সনাতন গোস্বামিপ্রভু সনাতনতনু শ্রীহরির ন্যায় (অথবা চতুঃসনান্তর্গত সনাতনের তুল্য) পূজ্য, শ্রীবল্লভ যাঁহার কনিষ্ঠ ভ্রাতা—সেই শ্রীশ্রীরূপগোস্বামিচরণই জীবের (শ্রীজীবগোস্বামির) একমাত্র মুখ্য গতি।

(২) ব্রজধামের যাবতীয় প্রমাণ-স্বরূপে পুরাণ, সংহিতা, তন্ত্র, মন্ত্র ও শ্রুতি সমন্বিত গীতা ও ভাগবত শাস্ত্র জয়যুক্ত হউন অর্থাৎ ব্রজমণ্ডলের মহামহিমা মুক্তকণ্ঠে উদ্ঘোষিত করুন।

(৩) শ্রীশ্রীরাধা-দামোদরই ব্রজমণ্ডলের অধিদেবতা, অতএব ব্রজবাসিগণের শ্রীরাধাদামোদরার্চনা অবশ্য কর্ত্তব্যতারূপে নির্দিষ্ট হইয়াছে।

লক্ষ্মীরভিতঃ স্ত্রিতমা গোপ্যো লক্ষ্মীতমাঃ প্রথিতাঃ।
রাধা গোপীতমা চেদস্যাঃ কা বা সমা রামা ইতি ॥ ৪ ॥

আস্তাং তাবৎ লক্ষ্মী-বিজেতৃ-গুণগণ-গোপীগণ-প্রধানতয়া শ্রীকৃষ্ণসন্দর্ভাদৌ নির্ণীতা। অত্র চ নির্দ্দেক্ষ্যমাণা স্বয়ং ভগবতঃ শ্রীকৃষ্ণস্য স্বয়ং লক্ষ্মীরূপা শ্রীরাধা। গোপীজনমাত্র-সম্বলিতঃ স উপাস্যত ইত্যত্র শাস্ত্রাণি শৃণু। তত্রারোহ-ভূমিকাক্রমেণ দর্শ্যন্তে।

আরাধনং হি কৃষ্ণস্য ভবেদাবশ্যকং যথা।
তথা তদীয়ভক্তানাং নো চেদ্দোষোঽস্তি দুস্তরঃ ॥ ৫ ॥

অত্র **শ্রীকৃষ্ণস্য** যথা গৌতমীয়তন্ত্রে—

অসারে ঘোরসংসারে সারং কৃষ্ণপদার্চনং।

---

(৪) কোনও ব্যক্তি যে শ্রীরাধার সহিত শ্রীকৃষ্ণের (যুগল) উপাসনা হইতে পারে—এ বিষয়ে শাস্ত্রপ্রমাণত্ব স্বীকার করে না, তাহাকে লক্ষ্য করিয়া আমরা বলিতেছি—চতুর্দ্দশভুবনে সকল রমণী হইতে লক্ষ্মী শ্রেষ্ঠা, গোপীগণ কিন্তু লক্ষ্মীতমা অর্থাৎ বৈকুণ্ঠবিলাসিনী লক্ষ্মী হইতেও শ্রেষ্ঠতরা বলিয়া প্রসিদ্ধ আছে। আর শ্রীরাধা গোপীতমা অর্থাৎ সকল গোপী মধ্যে বরিষ্ঠা, অতএব তাঁহার সমান আর কি কোনও রমণী আছে?

(৫) লক্ষ্মীবিজয়ি-গুণগণবিশিষ্ট গোপীগণ এবং এই গোপীগণের মধ্যেও সর্ব্বপ্রধানা যে শ্রীরাধা—এই তত্ত্ব শ্রীকৃষ্ণসন্দর্ভাদিতে নিরূপিত হইয়াছে। এই গ্রন্থেও স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণের স্বয়ং (সাক্ষাৎ) লক্ষ্মীরূপা শ্রীরাধাই নির্ণীত হইবেন। (এই কথা সম্প্রতি বাদ দিয়াও) গোপীজন-সম্মিলিত শ্রীকৃষ্ণই যে উপাস্য—এই সম্বন্ধে শাস্ত্রসমূহ দেখান হইতেছে। উচ্চ, উচ্চতর সোপান ক্রমেই এই প্রস্তাব আরম্ভ করিতেছি। শ্রীকৃষ্ণের আরাধনা করিবার যেমন আবশ্যকতা স্বীকার করা হয়, তদ্রূপ তদীয় ভক্তগণেরও আরাধনার প্রয়োজনীয়তা স্বীকৃত হইয়া থাকে, নচেৎ দুর্লঙ্ঘ্য দোষ হইয়া থাকে।

(৬) **শ্রীকৃষ্ণোপাসনা** বিষয়ে গৌতমীয় তন্ত্র

জন্মাসাদ্য মনুষ্যেষু শুদ্ধে চ পিতৃমাতরি ॥
যো নার্চয়তি কল্পঃ সন্ তস্মাৎ পাপতরো হি কঃ ? ৬ ॥ ইতি
মহাভারতে—
মাতৃবৎ পরিরক্ষন্তং সৃষ্টিসংহার-কারকং।
যো নার্চ্চয়তি দেবেশং তং বিদ্যাদ্ ব্রহ্মঘাতকং ॥ ৭ ॥ ইতি
অথ **তদীয়ানাহ** যথা পাদ্মে—
মার্কণ্ডেয়োঽম্বরীষশ্চ বসুর্ব্যাসো বিভীষণঃ।
পুণ্ডরীকো বলিঃ শম্ভুঃ প্রহ্লাদো বিদুরো ধ্রুবঃ ॥ ৮ ॥
দাল্ভ্যঃ পরাশরো ভীষ্মো নারদাদ্যাশ্চ বৈষ্ণবৈঃ।
সেব্যা হরিং নিষেব্যামী নো চেদ্দোষঃ পরং ভবেৎ ॥ ৯ ॥
তথা হরিভক্তিসুধোদয়ে (১৩।৭৬)
অর্চয়িত্বা তু গোবিন্দং তদীয়ান্নার্চয়ন্তি যে।
ন তে বিষ্ণোঃ প্রসাদস্য ভাজনং দাম্ভিকা জনাঃ ॥ ১০ ॥

বলিতেছেন—এই অসার ঘোর সংসারে শ্রীকৃষ্ণচরণার্চনাই সার। মনুষ্য মধ্যে এবং বিশুদ্ধ পিতৃ-মাতৃ কুলে উৎপন্ন হইয়া যে হরিভজনের সম্যক্ যোগ্য হইয়াও তাহা (হরিভজন) না করে, সেই ব্যক্তি হইতে অধিকতর পাপী আর কে হইবে ?

(৭) মহাভারতে—মাতৃবৎ সর্ব্বতোভাবে রক্ষণশীল ; সৃষ্টি, স্থিতি ও সংহারকারী দেবেশ শ্রীকৃষ্ণকে যে অর্চনা করে না, তাহাকে ব্রহ্মঘাতী বলিয়া জানিবে।

(৮-৯) **শ্রীকৃষ্ণভক্তোপাসনা** বিষয়ে পদ্ম-পুরাণ বলিতেছেন—মার্কণ্ডেয়, অম্বরীষ, বসু (উপরিচর), ব্যাস, বিভীষণ, পুণ্ডরীক, শম্ভু, প্রহ্লাদ, বিদুর, ধ্রুব, দাল্ভ্যঃ (মুনি), পরাশর, ভীষ্ম, নারদাদি হরিভক্তগণকে বৈষ্ণবগণ হরিসেবানন্তর অর্চনা করিবেন ; নতুবা দোষ অনিবার্য্য।

(১০) হরিভক্তিসুধোদয়ে—যাহারা গোবিন্দের অর্চনা করিয়া

পাদ্মোত্তরখণ্ডে—

আরাধনানাং সর্বেষাং বিষ্ণোরারাধনং পরং।
তস্মাৎ পরতরং দেবি! তদীয়ানাং সমর্চ্চনম্॥ ১১॥
অর্চয়িত্বা তু গোবিন্দং তদীয়ান্নার্চয়েত্তু যঃ।
ন স ভাগবতো জ্ঞেয়ঃ কেবলং দাম্ভিকঃ স্মৃত ইতি॥ ১২॥

তত্র পূর্বত্র চ তদীয়শব্দেন তস্য ভক্তা এব উচ্যন্তে, নত্বন্যে

দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব আসুর এব চ।
বিষ্ণুভক্তিপরো দৈব আসুর স্তদ্বিপর্যয়ঃ॥ ১৩॥

ইতি বিষ্ণুধর্মাগ্নিপুরাণাদিনিয়মাৎ। তৎসৃষ্ট্যাদিলীলাগতত্বেঽপি তদুদাসীনেষ্বৌদাসীন্যস্য যোগ্যত্বং। তদ্দ্বেষ্টৃষু তদ্দ্বেষস্যৈবেতি চ। তথৈবং দর্শিতং সপ্তমে রাজসূয়ারম্ভে (১।১৫-২০) শ্রীযুধিষ্ঠিরাদিভিঃ শিশুপালং প্রতি গালিপ্রদানাদিনা। অতঃ শ্রীভগবতাপ্যুক্তং—'প্রবৃত্তিঞ্চ নিবৃত্তিঞ্চ' (গীতা ১৬) ইত্যারভ্য

ভক্তগণের অর্চনা করে না, তাহারা বিষ্ণুর প্রসাদ (প্রসন্নতা) লাভ করিতে পারে না, যেহেতু তাহারা দাম্ভিক (বিষ্ণুবঞ্চক)।

(১১-১২) পদ্মপুরাণে—সকল দেবদেবীর আরাধনা হইতেও বিষ্ণুর আরাধনাই শ্রেষ্ঠ; হে দেবি! তাহা হইতেও আবার ভক্তগণের আরাধনা শ্রেষ্ঠতর। আর গোবিন্দ অর্চনা করিয়া যে ব্যক্তি 'তদীয়' ভক্তগণের আরাধনা করে না—তাহাকে ভাগবত (ভক্ত) বলিয়া জানিবে না, সে কেবল দাম্ভিকই বটে!!

(১৩-১৪-১৫) (১০ হইতে ১২ শ্লোকের) 'তদীয়' শব্দে হরিভক্তগণই বাচ্য, অন্য কেহই নহে। বিষ্ণুধর্ম্ম অগ্নিপুরাণ প্রভৃতি এই নিয়ম করিয়াছেন 'এই পৃথিবীতে দ্বিবিধ প্রাণী সৃজন হইয়াছে, দৈব ও আসুর। বিষ্ণুভক্ত দৈব এবং বিষ্ণুর অভক্তই আসুর সৃষ্টি।' যদিও এই আসুর প্রকৃতি লোকগণ সেই বিষ্ণুরই সৃষ্টিস্থিতিলয়াত্মক লীলারই অধীন, তথাপি ভগবানের প্রতি উদাসীন (বহির্মুখ) জনগণের প্রতি ঔদাসীন্য

"তানহং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু নরাধমান্।
ক্ষিপাম্যজস্রমশুভানাসুরীষ্বেব যোনিষু ॥ ১৪ ॥
আসুরীং যোনিমাপন্না মূঢ়া জন্মনি জন্মনি।
মামপ্রাপ্যৈব কৌন্তেয়! ততো যান্ত্যধমাং গতিম্ ॥" ১৫ ॥
ইত্যন্তেন। [গীতা ১৬।১৯-২০]

তথা-"অবজানন্তি মাং মূঢ়া মানুষীং তনুমাশ্রিতং।
পরং ভাবমজানন্তো মম ভূতমহেশ্বরং ॥ ১৬ ॥
মোঘাশা মোঘকর্ম্মাণো মোঘজ্ঞানা বিচেতসঃ।
রাক্ষসী মাসুরীঞ্চৈব প্রকৃতিং মোহিনীং শ্রিতাঃ ॥" ১৭ ॥
[গীতা ৯।১১-১২]

ইত্যনেন স্বভক্তাঃ স্তুতাঃ।
মহাত্মানস্তু মাং পার্থ দৈবীং প্রকৃতিমাশ্রিতাঃ।
ভজন্ত্যনন্যমনসো জ্ঞাত্বা ভূতাদিমব্যয়ং ॥ ১৮ ॥

(তটস্থভাব) এবং ভগবদ্বিদ্বেষীগণে দ্বেষ করাই যুক্তিযুক্ত। শ্রীমদ্ভাগবত সপ্তম স্কন্ধে রাজসূয়ারম্ভে এ বিষয়ে প্রমাণ দিতেছেন। শ্রীযুধিষ্ঠির প্রভৃতি শিশুপালকে তিরস্কারাদি করিয়াছেন। সুতরাং শ্রীভগবানও গীতাতে বলিয়াছেন—'আসুর-স্বভাব জনগণ (ভাগবতধর্ম্মে) প্রবৃত্তি ও (তদ্বিরুদ্ধ ধর্ম্ম হইতে) নিবৃত্তির বিষয় জানে না' ইত্যাদি। 'আমি সেই দ্বেষকারী ক্রূর-প্রকৃতি অশুভকারী নরাধম সকলকে পুনঃপুনঃ এই সংসারে আসুর যোনিতে নিক্ষেপ করিয়া থাকি। হে কৌন্তেয়! জন্ম জন্ম আসুর যোনিতে উৎপন্ন ঐ মূঢ় জনগণ আমাকে না পাইয়া উত্তরোত্তর অধম গতি প্রাপ্ত হয়।

(১৬-১৭) পুনরায়-'আমি সর্ব্বভূতের মহেশ্বর-এই পরম তত্ত্ব না জানিয়া ঐ মূঢ় ব্যক্তিগণ মানুষদেহধারী আমাকে অবজ্ঞা করিয়া থাকে। বিফলাশা, নিষ্ফল-কর্ম্মা ও বৃথা জ্ঞান-প্রয়াসী ঐ বিবেকশূন্য লোকগণ মোহ-কারিণী রাক্ষসী (তামসী) ও আসুরী (রাজসী) স্বভাব প্রাপ্ত হইয়া থাকে।'

সততং কীর্ত্তয়ন্তো মাং যতন্তশ্চ দৃঢ়ব্রতাঃ।
নমস্যন্তশ্চ মাং ভক্ত্যা নিত্যযুক্তা উপাসতে ॥ ১৯ ॥
[গীতা ৯।১৩-১৪]

অতএবৈকাদশে—মদ্ভক্তপূজাভ্যধিকা।

মম পূজাতোঽপ্যভি সর্ব্বতোভাবেনাধিকা অধিকমৎপ্রীতিকরীত্যর্থঃ। তস্মান্মদ্ভক্তপূজাবশ্যকা চান্তরঙ্গা চেতি স্থিতে—

তেষামপি সর্ব্বেষাং প্রহ্লাদঃ প্রবরো মতঃ।
সর্ব্বেষু হরিভক্তেষু প্রহ্লাদো হি মহত্তমঃ ॥ ২০ ॥

সপ্তমে (৯।২৬) প্রহ্লাদস্যৈব হি বাক্যং—

ক্বাহং রজঃ প্রভব ঈশ তমোঽধিকেঽস্মিন্
জাতঃ সুরেতরকুলে ক্ব তবানুকম্পা।

(১৮—১৯) আবার পরবর্ত্তী শ্লোক-সমূহ দ্বারা শ্রীভগবান্ স্বভক্তগণেরই প্রশংসা করিতেছেন—হে পার্থ! মহাত্মাগণ সাত্ত্বিকী প্রকৃতি আশ্রয় পূর্ব্বক সর্ব্বভূতের আদি ও অব্যয় আমাকে অবগত হইয়া অনন্যচিত্তে ভজন করেন। তাঁহারা কেহ কেহ সর্ব্বদা আমার নামকীর্ত্তন করেন, কেহ কেহ বা দৃঢ়ব্রত (নিয়ম নিষ্ঠা পূর্ব্বক) আমার অর্চ্চনা করেন, কেহ কেহ বা ভক্তিভরে দণ্ডবৎ প্রণামাদি করেন—এইভাবে তাঁহারা নিরন্তর অনবহিতচিত্তে আমাকেই উপাসনা করেন।'

(২০) একাদশ স্কন্ধেও উক্ত হইয়াছে যে 'আমা হইতেও আমার ভক্তের পূজা সাতিশয় ফলবতী। অর্থাৎ সর্ব্বতোভাবে আমার অধিকতর প্রীতিদায়ক। কাজেই সিদ্ধান্ত হইল এই যে **ভগবদ্ভক্ত-পূজা আবশ্যক ও অন্তরঙ্গ সাধন মধ্যেই গণনীয়।**'

(এক্ষণে **ভক্ততারতম্য** প্রদর্শন পূর্ব্বক বলিতেছেন) —সকল ভক্তের মধ্যে **প্রহ্লাদই** প্রবর বলিয়া শাস্ত্রাদির অভিমত। যেহেতু সকল হরিভক্ত হইতে তিনিই মহত্তম।

(২১) সপ্তম স্কন্ধে প্রহ্লাদ স্বয়ং বলিয়াছেন—'হে ঈশ রজো-

ন ব্রহ্মণো ন তু ভবস্য ন বৈ রমায়া
যন্মেঽর্পিতঃ শিরসি পদ্মকরঃ প্রসাদঃ ॥ ২১ ॥

তত্রৈব (৭।১০।২১) শ্রীনৃসিংহবাক্যং—

ভবন্তি পুরুষা লোকে মদ্ভক্তাস্ত্বামনুব্রতাঃ।
ভবান্ মে খলু ভক্তানাং সর্ব্বেষাং প্রতিরূপধৃক্ ॥২২॥ ইতি

সর্ব্বতঃ পাণ্ডবাঃ শ্রেষ্ঠাঃ প্রহ্লাদাদীদৃশাদপি।
শ্রীমদ্ভাগবতং সম্যক্ প্রমাণং স্ফুটমীক্ষতে ॥ ২৩ ॥

যথা (৭।১০।৪৮-৫০) শ্রীনারদবাক্যং—

যূয়ং নৃলোকে বত ভূরিভাগা
লোকং পুনানা মুনয়োঽভিযন্তি।
যেষাং গৃহানাবসতীতি সাক্ষাদ্
গূঢ়ং পরং ব্রহ্ম মনুষ্যলিঙ্গম্ ॥ ২৪ ॥

গুণোৎপন্ন ও তমোবহুল অসুরকুলে উৎপন্ন আমিই বা কোথায়? আর আপনার অনুকম্পাই বা কোথায়? ব্রহ্মা, শিব, এমন কি সাক্ষাৎ রমা প্রভৃতিরও শিরোদেশে যে করকমলার্পণ-রূপ প্রসাদ অর্পিত হয় না, কৃপাবলে তাহাই আপনি এই আমার মস্তকে অর্পণ করিলেন!!' ঐ স্কন্ধে শ্রীনৃসিংহদেবও বলিয়াছেন—'এই পৃথিবীতে তোমার অনুগত পুরুষগণ আমার ভক্ত হইবে; যেহেতু তুমিই আমার সকল ভক্তের প্রতিরূপধারী অর্থাৎ সর্ব্ব ভক্তশ্রেষ্ঠ।

(২৩) আবার এবম্বিধ প্রহ্লাদ হইতে **পাণ্ডবগণই** সর্ব্বতোভাবে শ্রেষ্ঠ। এ সম্বন্ধে শ্রীমদ্ভাগবতই সম্যক্ প্রমাণ দিতেছেন—

(২৪) হে রাজন্ যুধিষ্ঠির! প্রহ্লাদ ভাগ্যবান্, আমরা মন্দভাগ্য —এই ভাবিয়া তোমরা বিষণ্ণ হইওনা। তোমরাই এই মনুষ্যলোকে মহাভাগ্য, যেহেতু ভুবন-পাবন মুনিগণ তোমাদের গৃহে সতত সমাগত করেন। তাহারও কারণ—তোমাদের আলয়ে সাক্ষাৎ পরব্রহ্ম নররূপে নিগূঢ় ভাবে বাস করিয়া থাকেন।

স বা অয়ং ব্রহ্ম মহদ্ বিমৃগ্য-
কৈবল্যনির্ব্বাণসুখানুভূতিঃ।
প্রিয়ঃ সুহৃদ্ বঃ খলু মাতুলেয়
আত্মার্হণীয়ো বিধিকৃদ্ গুরুশ্চ ॥২৫॥
ন যস্য সাক্ষাদ্ ভবপদ্মজাদিভিঃ
রূপং ধিয়া বস্তুতয়োপবর্ণিতং।
মৌনেন ভক্ত্যোপশমেন পূজিতঃ
প্রসীদতামেষ স সাত্বতাং পতিঃ ॥২৬॥

ব্যাখ্যাতঞ্চ শ্রীস্বামিচরণৈঃ—'অহো! প্রহ্লাদস্য ভাগ্যং যেন দেবো দৃষ্টঃ। বয়ন্তু মন্দভাগ্যা ইতি বিষাদন্তং রাজানং প্রত্যাহ—যূয়মিতি ত্রিভিঃ। পদ্যত্রয়স্য তাৎপর্য্যার্থস্তৈরেব লিখিতঃ —ন তু প্রহ্লাদস্য গৃহেষু পরং ব্রহ্ম বসতি; ন চ তদ্দর্শনার্থং মুনয় স্তদ্ গৃহানভিযন্তি, ন চ তস্য মাতুলেয়াদিরূপেণ বর্ত্ততে, ন চ স্বয়মেব প্রসন্নঃ। অতো যূয়মেব ততোঽপি অস্মত্তোঽপি ভূরিভাগা ইতি ভাবঃ। ইতি

---

(২৫) সেই শ্রীকৃষ্ণই ব্রহ্ম—ইনিই মহাজন কর্ত্তৃক অন্বেষণীয় কৈবল্য-মুক্তির সুখানুভবের আধার স্বরূপ। তিনি তোমাদের প্রিয়, সুহৃদ্, মাতুলপুত্র, আত্মা, পূজ্য, আজ্ঞাকারী ও গুরু।

(২৬) শিব বিরিঞ্চি-প্রমুখ দেবগণ নিজ ২ বুদ্ধিবলে যাঁহার রূপ বিনিশ্চয় করিয়া বর্ণন করিতে পারেন না, এবং যিনি মৌনব্রত, ভক্তিযোগ ও উপশমাদি দ্বারা পূজিত হন, সেই সাত্বত-পতি ভগবান্ প্রসন্ন হউন—এই প্রার্থনা।

এ প্রসঙ্গে শ্রীধরস্বামিপাদের ব্যাখ্যা এইরূপ—'অহো! প্রহ্লাদের কি মহাভাগ্য, তিনি শ্রীকৃষ্ণ-সাক্ষাৎকার করিয়াছেন!! আমরা কিন্তু মন্দভাগ্য' এই ভাবে বিষণ্ণ রাজাকে সম্বোধন করিয়া নারদ এই শ্লোকত্রয় বলিয়াছেন। তাৎপর্য্যার্থ এই—প্রহ্লাদের গৃহে পরব্রহ্ম বাস করেন না, আর তদ্দর্শন-লোভে মুনিগণও তথায় গমন করেন না। ভগবান্ প্রহ্লাদের

সদাতিসন্নিকৃষ্টত্বান্মমতাধিক্যতো হরেঃ।
পাণ্ডবেভ্যোঽপি যদবঃ কেচিচ্ছ্রেষ্ঠতমা মতাঃ ॥২৭॥ ইতি

তথা শ্রীদশমে (৮২।২৮-৩০)

অহো ভোজপতে! যূয়ং জন্মভাজো নৃণামিহ।
যৎ পশ্যথাঽসকৃৎ কৃষ্ণং দুর্দ্দর্শমপি যোগিনাম্॥ ২৮॥
তদ্দর্শন-স্পর্শনানুপথপ্রজল্প-
শয্যাসনাশন-সযৌনসপিণ্ডবন্ধঃ।
যেষাং গৃহে নিরয়বর্ত্মনি বর্ত্ততাং বঃ
স্বর্গাপবর্গ-বিরমঃ স্বয়মাস বিষ্ণুঃ ॥২৯॥

তথা (১০।৯০।৪৬)

শয্যাসনাটনালাপক্রীড়াস্নানাশনাদিষু।
ন বিদুঃ সন্তমাত্মানং বৃষ্ণয়ঃ কৃষ্ণচেতসঃ ॥ ৩০ ॥ ইতি

মাতুলেয়াদি সম্বন্ধেও আবদ্ধ নহেন, আর তিনি তাঁহার প্রতি স্বয়ংই প্রসন্ন হয়েন নাই। কাজেই তোমরাই সেই প্রহ্লাদ হইতে, এমন কি আমাদিগ হইতেও মহাভাগ্য।

(২৭-৩০) সর্ব্বদা অতি সান্নিধ্যে বাস করিবার জন্য এবং শ্রীহরির মমতাধিক্য বশতঃ এই পাণ্ডবগণ হইতেও কোনও কোন যাদবগণ শ্রেষ্ঠতম। দশম স্কন্ধে উক্ত হইয়াছে—'অহো! ভোজপতে! ইহলোকে মনুষ্যগণ মধ্যে আপনারাই সার্থক জন্মধারণ করিয়াছেন; যেহেতু আপনারা যোগিদেরও দুর্দ্দর্শ শ্রীকৃষ্ণকে মুহুর্মুহু দর্শন করিয়া থাকেন। তাঁহার সতত দর্শন, স্পর্শন, অনুগমন, কথোপকথন, শয়ন, উপবেশন, বিবাহ ও গোত্রসম্বন্ধে আপনারা সম্বদ্ধ হইয়াছেন। স্বর্গ ও মোক্ষের স্পৃহা নিরসনকারী স্বয়ং বিষ্ণু সংসার-প্রবাহে পরাঙ্মুখ আপনাদের গৃহেই অবস্থান করিতেছেন, অর্থাৎ আপনারা পরম ভক্তি লাভে কৃতকৃতার্থ হইয়াছেন!! অন্যত্র বলা হইয়াছে—শ্রীকৃষ্ণে নিবিষ্টচিত্ত যাদবগণ শয়ন, উপবেশন, পর্য্যটন, আলাপ, ক্রীড়া, স্নান ও ভোজনাদি-বিষয়ে নিজেদের দেহদৈহিকতত্ত্ব পর্য্যন্ত বিস্মৃত হইয়াছিলেন!!

যদুভ্যোঽপি বরিষ্ঠোঽসৌ ভগবান্ শ্রীমদুদ্ধবঃ।
যাদবেন্দ্রস্য যো মন্ত্রী শিষ্যো ভৃত্যঃ প্রিয়ো মহান্॥
আবাল্যাদেব গোবিন্দে ভক্তিরস্য সদোত্তমা॥ ৩১॥

তথা তৃতীয়ে (২।২):—
যঃ পঞ্চহায়নো মাত্রা প্রাতরাশায় যাচিতঃ।
তন্নৈচ্ছদ্ রচয়ন্ যস্য সপর্য্যাং বাললীলয়া॥ ৩২॥

শ্রীদশমে চ (৪৬।১-২):—
বৃষ্ণীণাং প্রবরো মন্ত্রী কৃষ্ণস্য দয়িতঃ সখা।
শিষ্যো বৃহস্পতেঃ সাক্ষাদুদ্ধবো বুদ্ধিসত্তমঃ॥ ৩৩॥
তমাহ ভগবান্ প্রেষ্ঠং ভক্তমেকান্তিনং ক্বচিৎ।
গৃহীত্বা পাণিনা পাণিং প্রপন্নার্ত্তিহরো হরিঃ॥ ৩৪॥

একাদশে চ (১৬।২৪):—ত্বন্তু ভাগবতেষহমিতি। (১১।৪৯):—'ত্বং মে ভৃত্যঃ সুহৃৎ সখেতি' চ। (১৪।১৫):—'ন চ সঙ্কর্ষণো ন শ্রী নৈ'বাত্মা চ যথা ভবান্' ইতি চ॥

(৩১-৩৫) যাদবগণ মধ্যেও আবার ভগবান্ শ্রীমান্ **উদ্ধবই** বরিষ্ঠ; ইনি যাদবেন্দ্রের (শ্রীকৃষ্ণের) মন্ত্রী, শিষ্য, ভৃত্য ও মহাপ্রিয়। বাল্যকাল হইতেই সদা সর্ব্বদা গোবিন্দে ইঁহার উত্তমা ভক্তি প্রকট হইয়াছিল। তৃতীয় স্কন্ধে উক্ত হইয়াছে— উদ্ধব পাঁচ বৎসর বয়সে বাল্যলীলাক্রমে শ্রীকৃষ্ণের প্রতিকৃতি রচনা করিয়া তাহার সেবা করিতে করিতে এতই আবিষ্ট হইতেন যে জননী প্রাতঃকালীন ভোজন সম্পাদন জন্য আহ্বান করিলেও তিনি ভোজনে অনিচ্ছাই প্রকাশ করিতেন।' দশমস্কন্ধে আছে—'শ্রীকৃষ্ণের প্রিয় সখা, সাক্ষাৎ বৃহস্পতির শিষ্য এবং প্রভূত বুদ্ধিসম্পন্ন উদ্ধবই বৃষ্ণিবংশীয়দিগের প্রবর মন্ত্রী ছিলেন। একদা একান্তী ও প্রিয়তম ভক্ত সেই উদ্ধবের হস্তে স্বহস্ত স্থাপন করিয়া শরণাগতদুঃখহারী ভগবান্ হরি বলিলেন।' একাদশেও বলিয়াছেন—'হে উদ্ধব! ভাগবতগণ মধ্যে তুমিই আমি (তোমাতেই আমি বর্ত্তমান আছি)।' 'তুমি আমার ভৃত্য, সুহৃৎ ও সখা।' 'ব্রহ্মা, শঙ্কর, সঙ্কর্ষণ এমন কি লক্ষ্মীও, অধিক আর কি বলিব, আমার আত্মাও তোমার মত ভক্তের ন্যায় আমার প্রিয়তম

অতএব তৃতীয়ে (৪।৩০) স্বয়ন্তথৈবাচরিতং—

নোদ্ধবোঽণ্বপি মন্ন্যূনো যদ্‌গুণৈর্নার্দ্দিতঃ প্রভুঃ।
অতো মদ্বয়ুনং লোকে গ্রাহয়ন্নিহ তিষ্ঠতু ॥ ৩৫ ॥ ইতি

যদ্ যস্মাদ্ গুণৈঃ সত্ত্বাদিভি নার্দ্দিতঃ ন পীড়িতঃ গুণাতীতঃ ইত্যর্থঃ। যতঃ প্রভুঃ ভক্তিরসাস্বাদে প্রভবিষ্ণুঃ।

ব্রজদেব্যো বরীয়স্য ঈদৃশাদুদ্ধবাদপি।
যদাসাং প্রেমমাধুর্য্যং স এষোপ্যভিযাচতে ॥ ৩৬ ॥

তথাহি শ্রীদশমে (৪৭।৫৭)

দৃষ্ট্বৈবমাদি গোপীনাং কৃষ্ণাবেশাত্মবিক্লবম্।
উদ্ধবঃ পরমঃ প্রীত স্তা নমস্যন্নিদং জগৌ ॥ ৩৭ ॥

নমস্যন্নিতি বর্ত্তমান-শতৃপ্রয়োগো নমস্কারস্যানবচ্ছিন্নত্বং বোধয়তি। ইদং বক্ষ্যমাণং তদেবাহ—

এতাঃ পরং তনুভৃতো ভুবি গোপবধ্বো
গোবিন্দ এব নিখিলাত্মনি রূঢ়ভাবাঃ।
বাঞ্ছন্তি যদ্ভবভিয়ো মুনয়ো বয়ঞ্চ
কিং ব্রহ্মজন্মভি রনন্ত কথারসস্য ॥৩৮ ইতি(১০।৪৭।৫৮)

নহে। এইজন্যই তৃতীয় স্কন্ধে (৪ ৩০) বলা হইয়াছে—শ্রীকৃষ্ণ নিজ কাল-শক্তি প্রয়োগে সংবৃদ্ধ স্বীয় কুল সংহার করিয়া আত্মদেহ অন্তর্ধান করিবার নিমিত্ত এই চিন্তা করিয়া স্বয়ং উদ্ধব সম্বন্ধে ব্যবস্থা করিলেন— "আমি এই মর্ত্ত্যলোক হইতে উপরত হইব, সম্প্রতি জ্ঞানিবর উদ্ধবই মদ্বিষয়ক জ্ঞান লাভের উপযুক্ত পাত্র, উদ্ধব আমা অপেক্ষা কিঞ্চিন্মাত্রও ন্যূন নহে,যেহেতু বিষয়ে উঁহার চিত্ত-বিক্ষোভ হয় না; এবং ভক্তিরসাস্বাদে ইহার সুনৈপুণ্যও আছে। অতএব এই উদ্ধবই মৎসংক্রান্ত জ্ঞান লোক-দিগকে উপদেশ দিয়া এই মর্ত্ত্যলোকে অবস্থান করুক।"

(৩৬-৩৮) এবম্বিধ গুণগৌরববিশিষ্ট উদ্ধব হইতেও আবার **ব্রজদেবীগণই** বরীয়সী; যেহেতু ইঁহাদের প্রেম-মাধুর্য্য

ভাবস্তু দুর্লভত্বাদ্ধি তাসাং তৎসিদ্ধয়ে পুনঃ।
পাদরেণূক্ষিতং যেন তৃণজন্মাপি যাচ্যতে ॥ ৩৯ ॥

তথাহি শ্রীদশমে (৪৭।৬১):—

আসামহো চরণরেণুজুষামহং স্যাং
বৃন্দাবনে কিমপি গুল্মলতৌষধীনাং।
যা দুস্ত্যজং স্বজনমার্য্যপথঞ্চ হিত্বা
ভেজুর্মুকুন্দ-পদবীং শ্রুতিভির্বিমৃগ্যাম্ ॥ ইতি ৪০ ॥

শ্রুতিভির্বিমৃগ্যা যা মুকুন্দপদবী তদ্ভজনবিশেষস্তাং। তস্যাঃ মৃগ্যত্বং শ্রুতিভিরেবোক্তং, যথা তত্রৈব—(১০।৮৭।২৩)

নিভৃতমরুন্মনোক্ষদৃঢ়যোগযুজো হৃদি যন্
মুনয় উপাসতে তদরয়োঽপি যযুঃ স্মরণাৎ।
স্ত্রিয় উরগেন্দ্রভোগভুজদণ্ড-বিষক্তধিয়ো
বয়মপি তে সমাঃ সমদৃশোঽঙ্ঘ্রিসরোজসুধাঃ ইতি ॥ ৪১ ॥

কৃষ্ণাবেশপ্রবৃত্ত বিবিধ বৈক্লব্যের সাক্ষাৎ দর্শনে পরম প্রীত হইয়া তাঁহাদিগকে নমস্কার করিতে করিতে এই শ্লোকটী উচ্চকণ্ঠে গাহিয়াছেন—"ইহলোকে এই গোপবধূগণই যথার্থ দেহ ধারণ করিয়াছেন! কারণ, ইঁহারা অখিলাত্মা ভগবানে মহাভাব প্রাপ্ত হইয়াছেন! এই প্রেমেরই কণা লাভ করিবার জন্য ভবভীত মুমুক্ষুগণ মুনিগণ (মুক্তগণ) এবং আমরাও বাঞ্ছা করিয়া থাকি! অহো! হরি-কথায় যাহার রস (অনুরাগ) নাই, তাহার আবার লক্ষ লক্ষ ব্রহ্মজন্মেই বা কি প্রয়োজন?"

(৩৯-৪১) ব্রজদেবীদের এই ভাব দুর্লভ বলিয়াই ত ঐ ভাবসিদ্ধির জন্য উদ্ধব মহারাজ পুনঃ পুনঃ উহাঁদিগের চরণরেণু দ্বারা অভিষিক্ত তৃণজন্মও প্রার্থনা করিয়াছেন। যথা—(দশমে) এই গোপীসকল দুস্ত্যজ্য স্বজন (আত্মীয় বন্ধুবান্ধব) ও আর্য্যধর্ম্ম (পাতিব্রত্য) পরিত্যাগ করিয়াই শ্রুতিগণ কর্ত্তৃক অন্বেষণীয় শ্রীগোবিন্দপাদপদ্ম ভজনা করিয়াছেন!! অহো! বৃন্দাবন-মধ্যে ইঁহাদেরই চরণরেণুসেবী গুল্মলতা ওষধি মধ্যে যেন যে কিছু জন্মলাভ করিয়াও কৃতার্থ হইতে পারি!!!" শ্রুতিগণ যে শ্রীকৃষ্ণের এহ

অত্র প্রতিযুগান্তস্থস্যাপি শব্দস্য দ্বয়েন যুগ্মদ্বয়ং পৃথগ বগম্যতে। ততশ্চ তদ্ব্রহ্মাখ্যতত্ত্বং মুনয় উপাসতে তদরয়োপি যযুঃ স্মরণাৎ। স্ত্রিয়ঃ শ্রীব্রজদেব্যঃ অঙ্ঘ্রিসরোজসুধা স্তৎপ্রেমময়-মাধুর্য্যাণি যযুঃ। বয়মপি সমদৃশ স্তাভিঃ সমভাবাঃ সত্যঃ সমা স্তাভিঃ তুল্যতাং প্রাপ্তাঃ; ব্যূহান্তরেণ গোপ্যো ভূত্বা তবাঙ্ঘ্রিসরোজ সুধা যযিম ইত্যর্থঃ। অত্র বৃহদ্বামনপুরাণে তাসাং প্রার্থনা-পূর্ব্ব-কাণি বাক্যানি সন্তি। স্ত্রীশব্দস্য গোপীবাচকত্বং, তদরয়োঽপি যযুঃ

ভজন-মার্গের অন্বেষণ করেন, তদ্বিষয়ে শ্রুতিগণই বলিতেছেন; (যথা শ্রীদশমে) "মুনিগণ প্রাণ, মন ও ইন্দ্রিয়সংযম পূর্ব্বক দৃঢ়যোগসহকারে হৃদয়ে যে ব্রহ্ম তত্ত্ব উপাসনা করেন, আপনার স্মরণ-প্রভাবে আপনার শত্রুগণও সেই তত্ত্বই প্রাপ্ত হইয়াছে। আর ভুজগেন্দ্র-দেহবৎ-ভুজ-দণ্ডের দর্শনে বা স্পর্শনে সমাসক্তমতি ব্রজনারীগণও আপনার চরণ-কমলের সুধা অর্থাৎ প্রেমময় মাধুর্য্যরাশি প্রাপ্ত হইয়াছেন। আমরা শ্রুতিগণও তাঁহাদের সমানভাব প্রাপ্ত হইয়া তাঁহাদের তুল্যত্ব প্রাপ্ত হইয়াছি। ব্যূহা-ন্তরে গোপী হইয়া তোমার চরণ-কমলসুধা প্রাপ্ত হইয়াছি।" এই সম্পর্কে বৃহদ্বামনপুরাণে ঐ শ্রুতিদিগের প্রার্থনাময় বাক্য সমূহও উদ্ধৃত হইয়াছে*। পূর্ব্বোক্ত শ্লোকে 'স্ত্রী' শব্দে গোপীই বাচ্য। "যে বস্তুকে শত্রুগণও স্মরণ-

---

* শ্রুতিগণ প্রার্থনা করিতেছেন—"হে কৃষ্ণ! কোটি কন্দর্প-লাবণ্যবিজয়ী তোমাকে দর্শন করিয়া আমাদের মন কামিনীভাবে বিভা-বিত হইয়া কামে মোহিত হইয়াছে গোকুলের রমণীগণ যেরূপে তোমাকে 'রমণ' বুদ্ধি করিয়া কামতত্ত্বে ভজন করেন, আমরাও তোমাকে সেইরূপে প্রাপ্ত হইতে অভিলাষ করি। তদুত্তরে শ্রীকৃষ্ণও বলিলেন—"তোমাদের মনোরথটি সুন্দর হইলেও কিন্তু ব্যাপারটি দুর্লভ ও দুর্ঘটই বটে। আমার অনুমোদনে কিন্তু তাহাও সত্যই হইবে আগামী সারস্বত কল্পে তোমরা ব্রজগোপী হইবে; বৃন্দাবনে রাসমণ্ডলে আমি তোমাদের প্রিয়তম হইব এবং জারধর্ম্মে আমাতে সম্যক্ স্নেহাদি প্রাপ্ত হইয়া তোমরাও কৃত-কৃতার্থ ই হইবে।"

স্মরণাদিত্যনেনাসুরাণামপি মোক্ষদাতৃত্বেন অন্যতয়া প্রসিদ্ধস্য শ্রীকৃষ্ণস্যৈবালম্বনত্বেন লব্ধত্বাৎ; তাসামেব তস্মিন্ কেবলেন রাগেণ ভজন-প্রসিদ্ধেঃ। তদেতদপ্যাস্তাং—, শ্রীনারায়ণাঙ্কস্থিতায়া লক্ষ্মীতোঽপি তাসাং পরমবৈলক্ষণ্যং তেনৈব তাদৃশনিজভক্তি--হেতুত্বেন দর্শিতং। যথা তত্রৈব—(১০।৪৭।৬০)

"নায়ং শ্রিয়োঽঙ্গ উ নিতান্তরতেঃ প্রসাদঃ।
স্বর্যোষিতাং নলিনগন্ধরুচাং কুতোঽন্যাঃ ॥" ৪২ ॥

ইত্যনেন লক্ষ্ম্যাদিকা নিরবশেষা এব স্ত্রিয়ো নামূভিঃ সালক্ষণ্যং প্রাপ্নুবন্তীতি বিলক্ষণা। তত্রাপ্যুদগাদিত্যনেন স প্রসাদস্তাসু রাসপ্রসঙ্গে উদিতবানেব নতু জাত ইতি স্বাভাবিক প্রেম--

---

প্রভাবে প্রাপ্ত হইয়াছে"—এই উক্তি দ্বারা অসুরগণেরও মোক্ষদাতৃত্ব ধর্ম্মটি প্রসিদ্ধ শ্রীকৃষ্ণরূপ আলম্বনেই পাওয়া যায় আর গোপীগণই শ্রীকৃষ্ণের প্রতি কেবলমাত্র অনুরাগে ভজন করিয়াছেন বলিয়া সর্ব্বত্রই প্রসিদ্ধ আছে। আচ্ছা, এই কথাও না হয় পরিত্যাগ করিলাম। শ্রীনারায়ণের বক্ষোবিলাসিনী লক্ষ্মী হইতেও তাঁহাদের পরমবৈলক্ষণ্যকথা সেই উদ্ধবই (ঐ দশমস্কন্ধে) গোপীভাবাপ্তিরূপ নিজ ভক্তির হেতুরূপে উপন্যস্ত করিয়াছেন।

(৪২) "রাসোৎসবে শ্রীহরির ভুজদণ্ড দ্বারা কণ্ঠে কণ্ঠে গৃহীত হইয়া ব্রজসুন্দরীগণ যে প্রসাদ লাভ করিয়াছেন—অন্যান্য কামিনীগণের কথা ত দূরেই থাকুক—যিনি একান্ত অনুরক্ত হইয়া তাঁহার বক্ষঃস্থলে বাস করিতেছেন,সেই লক্ষ্মীও সেই প্রসাদ লাভ করিতে পারেন নাই,আর যে সকল স্বর্গকামিনী পদ্মগন্ধা ও পদ্মকান্তি-তাঁহারা ত পানই নাই!!" এই শ্লোকদ্বারা ইহাই বুঝা যাইতেছে যে লক্ষ্মী প্রভৃতি অশেষ স্ত্রীমণ্ডলীই ঐ গোপীগণের সম-লক্ষণা নহেন; ফলতঃ ইঁহারা সর্ব্ব-বিলক্ষণই বটে। আবার ঐ শ্লোকে 'উদগাৎ' শব্দ (গোপীগণের সম্পর্কে যে প্রসাদ 'আবির্ভূত' হইয়াছিল এই কথা) দ্বারা বুঝা যায় যে ঐ প্রসাদ উদিত-মাত্রই হইয়াছে, উৎপন্ন হয় নাই; অতএব উঁহারা স্বাভাবিক প্রেমবতী

বত্যাঃ, কেবলস্য শ্রীবৃন্দাবন-বিহারিণঃ পূর্ণভগবতঃ সর্ব্বতো বিলক্ষণস্য নিত্য প্রেয়সীরূপা ইতি। সর্ব্বতো বিলক্ষণা লক্ষ্মীবিশেষত্বেন প্রাপ্তাঃ। তস্মাত্তাভিঃ সহ তস্য পূজনমাবশ্যকমিত্যায়াতং। ততঃ স্থূণানিখনন-ন্যায়েন তদর্থং তাসাং স্বরূপং নিরূপ্যতে। তত্রাদৌ শ্রীভাগবতসন্দর্ভে "ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে" ইত্যাদিনা শ্রীভগবন্তং সুষ্ঠু নির্দ্ধার্য্য তস্য শক্তি-দ্বয়ী নিরূপিতা। মায়াখ্যা স্বরূপভূতাখ্যা চ। তত্র—(২।৯।৩৩)

"ঋতেঽর্থং যৎ প্রতীয়েত ন প্রতীয়েত চাত্মনি।
তদ্বিদ্যাদাত্মনো মায়াং যথাভাসো যথা তমঃ॥ ৪৩॥

এবং কেবল শ্রীবৃন্দাবনবিহারী পূর্ণভগবান্ সর্ব্ববিলক্ষণ শ্রীকৃষ্ণের নিত্য-প্রেয়সীরূপাই বটেন!! ইঁহাদের সর্ব্ব-বৈলক্ষণ্যও লক্ষ্মী হইতে বিশেষত্ব থাকায় নিরূপিত হইতেছে। অতএব এই **গোপীগণসহিত শ্রীকৃষ্ণের পূজা আবশ্যক**—এই সিদ্ধান্তই স্থিরীকৃত হইল।

এক্ষণে স্থূণা নিখনন-ন্যায়ে * গোপীগণ-সম্বলিত শ্রীকৃষ্ণের পূজার আবশ্যকত্ব দেখাইবার জন্য **গোপীদিগের স্বরূপ** নিরূপিত হইতেছে। প্রথমতঃ শ্রীভাগবত-সন্দর্ভে "একই পরমতত্ত্ব সাধনবশে ব্রহ্ম, পরমাত্মা ও ভগবান্ এই ত্রিশব্দবাচ্য হইয়া থাকেন" এই ভাগবতের বচনে শ্রীভগবানকে উত্তমরূপে নির্দ্ধারণ করিয়া তাঁহার দ্বিবিধা শক্তির প্রসঙ্গ করা হইয়াছে উহারা যথাক্রমে মায়াশক্তি ও স্বরূপভূতা শক্তি।

(৪৩) তন্মধ্যে "যথার্থ অর্থাৎ পরমার্থভূত আমাকে পরিত্যাগ করিয়াও দ্বিতীয়চন্দ্র প্রভৃতির ন্যায় যাহা প্রতীয়মান হয় এবং প্রকৃত পদার্থ হইয়াও যাহা রাহুর ন্যায় প্রতীতই হয় না, তাহাকেই আমার মায়া

---

* পুনঃ পুনঃ চেষ্টা করিয়া যেরূপ খুঁটি পুঁতিতে হয়, তদ্রূপ যুক্তিতর্কাদির বহুশঃ অবতারণা দ্বারা কোনও দুরূহবিষয়ের হৃদয়ঙ্গম করাইবার চেষ্টাকে 'স্থূণানিখনন' ন্যায় বলে।

ইত্যনেন—"এষা মায়া ভগবতঃ সৃষ্টিস্থিত্যন্তকারিণী।
ত্রিবর্ণা * বর্ণিতাস্মাভিঃ কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি ?৪৪

ইত্যনেন মায়াশক্তি নিরূপিতা। তত্র তস্যা অংশাশ্চ দর্শিতাঃ।

অথ "যন্ন স্পৃশন্তি ন বিদু র্মনো বুদ্ধীন্দ্রিয়াসবঃ"-(৬।১৬।২৩) ইত্যাদিনা, "ত্বমাদ্যঃ পুরুষঃ সাক্ষাৎ ঈশ্বরঃ প্রকৃতেঃ পরঃ। মায়াং ব্যুদস্য চিচ্ছক্ত্যা কৈবল্যে স্থিত আত্মনী"—(১।৭।২৩) ত্যনেন চ স্বরূপভূতাচিন্ত্যশক্তি দর্শিতা। তস্যা বৃত্তিভেদেনাস্তায়াঃ—

'শ্রিয়া পুষ্ট্যা গিরা কান্ত্যা কীর্ত্ত্যা তুষ্ট্যেলয়োর্জয়ে'ত্যাদিনা কিয়ন্তো ভেদাশ্চ দর্শিতাঃ। (১০।৩৯।৫৫) সা চ শক্তিদ্বয়ী অপরা পরা চেতি শ্রীবিষ্ণুপুরাণে দর্শিতা—

'সর্ব্বভূতেষু সর্ব্বাত্মন্ যা শক্তিরপরা তব।
গুণাশ্রয়া নমস্তস্যৈ শাশ্বতায়ৈ সুরেশ্বর॥ ৪৫ ॥

বলিয়া জানিবে।

(৪৪) এবং "আমরা এক্ষণে ভগবানের এই সৃষ্টি স্থিতি ও লয়কারিণী ত্রিবর্ণা (শুক্ল, লোহিত ও কৃষ্ণ) মায়া বর্ণন করিলাম, আর কি শুনিতে ইচ্ছা হয়, বলুন দেখি।" ইত্যাদি শ্লোকে মায়াশক্তি নিরূপিত হইয়াছে এবং তাহার অংশসমূহও দেখান হইয়াছে ‡

(৪৫) আবার—"আকাশের ন্যায় অন্তরে ও বাহিরে বিস্তৃত থাকিলেও যাহাকে মন, বুদ্ধি ও ইন্দ্রিয়গণ জ্ঞানশক্তিদ্বারা জানিতে পারে না এবং প্রাণ ক্রিয়াশক্তিদ্বারা স্পর্শ করিতে পারেনা, তাহাই ব্রহ্ম, তাহাকে নমস্কার করি " ইত্যাদি শ্লোকে এবং তুমিই সাক্ষাৎ আদিপুরুষ ভগবান্।

---

* ত্রয়ো বর্ণা যস্যাঃ সা। তথা চাথর্ব্বণিকাঃ পঠন্তি—'সিতাসিতা চ কৃষ্ণা চ সর্ব্বকামদুঘা বিভো' রিতি। শ্বেতাশ্বতরে চ—'অজামেকাং লোহিতশুক্লকৃষ্ণামিতি'॥

‡ ভগবৎসন্দর্ভ ১১৭ অনুচ্ছেদ দ্রষ্টব্য। মহালক্ষ্মীরূপা শক্তি ও বহিরঙ্গা মায়াশক্তির বিভেদ যথা—শ্রী, পুষ্টি, গীঃ, কান্ত, কান্তি তুষ্টি,

যাতীতগোচরা বাচাং মনসাঞ্চাবিশেষণা।
জ্ঞানিজ্ঞানপরিচ্ছেদ্যা বন্দে তামিশ্বরীং পরামিত্যনেন। ৪৬

তত্র প্রথমা শ্রীবৈষ্ণবানাং জগবদুপেক্ষণীয়া, যন্ময়ী এব খলু তস্য জগত্তা। দ্বিতীয়া তু তেষাং শ্রীভগবদ্‌বদুপাস্যা তদীয়স্বরূপভূতা, যন্ময্যেব খলু তস্য ভগবত্তা। তত্রৈকমেব স্বরূপং শক্তিত্বেন শক্তিমত্ত্বেন চ বিরাজতীতি। যস্য শক্তেঃ স্বরূপভূতত্বং নিরূপিতং, চিচ্ছক্তিমত্তা-প্রধানেন বিরাজমানং ভগবৎসংজ্ঞমা-প্নোতীতি তত্রৈব দর্শিতমেব। তদেবং শক্তিত্ব-প্রাধান্যেন বিরাজ-মানা লক্ষ্মীসংজ্ঞামাপ্নোতীতি দর্শয়িতুং প্রকরণমুত্থাপ্যতে।

তত্র তাবদেকস্যৈব স্বরূপস্য সত্ত্বা-চিত্ত্বাদানন্দাচ্চ স্বরূপভূতা শক্তিরপ্যেকা ত্রিধা; তদুক্তং শ্রীবিষ্ণুপুরাণে (১।১২।৬৯)

তুমিই অন্তর্য্যামী-সংজ্ঞ ঈশ্বর। তুমি কিন্তু উভয়-প্রকাশে বর্ত্তমান থাকলেও প্রকৃতির সহিত তুমি সঙ্গশূন্য এবং চিচ্ছক্তি দ্বারা মায়াকে নিরাস করিয়া কেবলানুভবানন্দে স্ব-স্বরূপে অবস্থিত।' ইত্যাদি শ্লোক দ্বারা তাঁহার স্বরূপভূত অচিন্ত্যশক্তিও দেখান হইয়াছে। যদিও তাহার অনন্ত বৃত্তিভেদ স্বীকার করা হয়, তথাপি কতিপয় বিভেদমাত্র প্রদর্শিত হইল, যথা—শ্রী, পুষ্টি, গীঃ, কান্তি, কীর্ত্তি, তুষ্টি, ইলা, উর্জা ইত্যাদি।

(৪৫-৪৬) এই শক্তি দ্বয়কে শ্রীবিষ্ণুপুরাণে অপরা ও পরা সংজ্ঞা দেওয়া হইয়াছে। মায়াখ্যা **অপরা** শক্তি — হে সর্ব্বাত্মন্ হে সুরেশ্বর! তোমার অপরা নামিকা যে ত্রিগুণাশ্রয়া শক্তি সর্ব্বভূতে বিদ্যমান রহিয়াছে, সেই শাশ্বতা (নিত্য) শক্তিকে প্রণাম করি। আবার স্বরূপাখ্য **পরা** শক্তি — যে শক্তি বাক্যসমূহের এবং মনোবৃত্তিসমূহেরও দুর্ভেদ্য, কেবল মাত্র জ্ঞানিদিগের জ্ঞানের বিষয়ীভূত, সেই ঈশ্বরী পরা শক্তিকে বন্দনা করি। তন্মধ্যে প্রথমা শক্তি শ্রীবৈষ্ণবগণের সম্বন্ধে জগতের ন্যায় উপেক্ষ্যা; ইহারই সাহায্যে প্রভুর জগৎ নির্ব্বাহ হয়। দ্বিতীয়া পরা শক্তি কিন্তু শ্রীভগবানের স্বরূপ ভূতা, অতএব ভগবানের ন্যায় ভক্তগণের উপাস্যা। এই শক্তির দ্বারাই

ইলা, উর্জ্জা, বিদ্যা, অবিদ্যা ইত্যাদি।

হ্লাদিনী সন্ধিনী সম্বিত্ত্বয্যেকা সর্ব্বসংস্থিতে।
হ্লাদতাপকরী মিশ্রা ত্বয়ি নো গুণবর্জ্জিতে ইতি ॥ ৪৭ ॥

ব্যাখ্যাতঞ্চ শ্রীস্বামিভিঃ—হ্লাদিনী আহ্লাদকরী সন্ধিনী সন্ততা সম্বিৎ বিদ্যাশক্তি একা মুখ্যা অব্যভিচারিণী স্বরূপভূতেতি যাবৎ। সর্ব্বসংস্থিতে সম্যক্ স্থিতি র্যস্মাৎ তস্মিন্ সর্ব্বাধিষ্ঠানভূতে ত্বয্যেব, নতু জীবেষু। জীবেষু চ যা গুণময়ী ত্রিধা সা ত্বয়ি নাস্তি। তামেবাহ—হ্লাদতাপকারী মিশ্রেতি। হ্লাদকরী নাম মনঃপ্রসাদোত্থা সাত্ত্বিকী, তাপকরী বিষয়বিয়োগাদিষু তাপকরী তামসী, তদুভয়মিশ্রা বিষয়জন্যা রাজসী।

তাঁহার ভগবত্তা নির্ব্বাহ হইয়া থাকে। বিশেষ এই যে একই স্বরূপ শক্তি ও শক্তিমান্ হইয়া বিরাজ করেন, যেহেতু শক্তি শক্তিমানে কোনও ভেদ নাই। যে স্বরূপের শক্তির স্বরূপভূতত্ব নিরূপিত হইল, সেই স্বরূপই যখন চিচ্ছক্তি প্রধান হইয়া বিরাজ করেন, তখন তিনি 'ভগবান্' সংজ্ঞায় অভিহিত হন। ইহাও ঐ ভগবৎ সন্দর্ভে [১০৩-১০৮ অনুচ্ছেদে] প্রতিপাদিত হইয়াছে। এখানে ঐ স্বরূপই আবার শক্তিত্ব-প্রধান হইয়া বিরাজমানা লক্ষ্মী সংজ্ঞা প্রাপ্ত হইয়া থাকেন—এই কথা বুঝাইবার জন্য অন্য প্রকরণ আরম্ভ হইতেছে।

(৪৭-৪৮) ঐ একই স্বরূপের সত্ত্ব চিত্ত্ব ও আনন্দত্ব লইয়া ঐ একই স্বরূপ-শক্তি ত্রিপ্রকারে প্রকাশিত হন; বিষ্ণুপুরাণে উক্ত হইয়াছে —"সকলের সংস্থান অর্থাৎ আধারভূত তোমাতে কেবল হ্লাদিনী, সন্ধিনী ও সম্বিৎ বিদ্যমান আছে, কিন্তু গুণ-সম্পর্কবিহীন তোমাতে হ্লাদতাপকরী ও মিশ্রা শক্তি নাই।" শ্রীধরস্বামী এই শ্লোকের ব্যাখ্যা করিয়াছেন—হ্লাদিনী = আনন্দদায়িকা, সন্ধিনী = সত্তা, সম্বিৎ = বিদ্যাশক্তি, মুখ্যা হইয়া অব্যভিচারিণী স্বরূপভূতা হইয়া সর্ব্বাধিষ্ঠান-স্বরূপে তোমাতেই বর্ত্তমান আছে, কিন্তু জীবসমূহে তাহা নাই। জীবে যে গুণময়ী ত্রিধাশক্তি আছে, তাহা তোমাতে নাই। হ্লাদকরী = মনঃপ্রসাদোত্থা সাত্ত্বিকী, তাপকরী = বিষয়-বিয়োগাদিতে উৎপন্না তামসী, মিশ্রা = বিষয়জন্যা

তত্র হেতুঃ—সত্ত্বাদিগুণৈর্ব্বর্জিতে। তদুক্তং-সর্ব্বজ্ঞ সূক্তৌ—

হ্লাদিন্যা সম্বিদাশ্লিষ্টঃ সচ্চিদানন্দ ঈশ্বরঃ।
স্বাবিদ্যা-সংবৃতো জীবঃ সংক্লেশনিকরাকরঃ॥ ৪৮॥

অত্র ক্রমাদুৎকর্ষেণ সন্ধিনী সম্বিৎ হ্লাদিন্যো জ্ঞেয়াঃ। অত্র চ—সদ্রূপোঽপি যয়া সত্ত্বাং দধাতি ধারয়তি চ সা সর্ব্বদেশ-কালদ্রব্যাদিব্যাপ্তিকরী **সন্ধিনী**। তথা সম্বিদ্রূপোঽপি যয়া সংবেত্তি সংবেদয়তি চ সা **সম্বিৎ**। তথা হ্লাদরূপোঽপি যয়া সম্বিদুৎকর্ষরূপয়া তং হ্লাদং বেত্তি বেদয়তি চ, সা **হ্লাদিনীতি** বিবেচনীয়ম্। তদেবং তস্যা স্ত্র্যাত্মকত্বে সিদ্ধে যেন স্বপ্রকাশকতা-লক্ষণেন তদ্বৃত্তিবিশেষেণ স্বরূপং বা স্বরূপশক্তি

রাজসী। তুমি গুণত্রয়-বর্জ্জিত বলিয়া তোমাতে ঐ ত্রিবিধশক্তি নাই। সর্ব্বজ্ঞসূক্তেও আছে—"হ্লাদিনী ও সম্বিৎশক্তি দ্বারা (অতএব সন্ধিনীশক্তি দ্বারাও) আশ্লিষ্ট (আলিঙ্গিত) হইয়া ঈশ্বর সচ্চিদানন্দ হন। কিন্তু নিজ অবিদ্যা দ্বারা সম্যক্ আচ্ছাদিত-স্বরূপ জীব আধ্যাত্মিকাদি তাপত্রয়েরই আকর।" এই শ্লোকে সন্ধিনী, সম্বিৎ ও হ্লাদিনী ক্রমোৎকর্ষ-জ্ঞাপিকা মনে করিতে হইবে।

(৪৯) ঈশ্বর সদ্রূপ হইয়াও যে শক্তি দ্বারা স্বয়ং সত্ত্ব ধারণ করেন এবং অন্যান্য সকলকে ধারণ করান, সেই সর্ব্বদেশকালদ্রব্যাদির ব্যাপ্তিকরী শক্তিই **সন্ধিনী**। সেইরূপ তিনি সম্বিদ্রূপ হইয়াও যে শক্তি দ্বারা স্বয়ং সম্যক্ জ্ঞাত হন এবং অপরকে জ্ঞাত করান, সেই শক্তির নামই **সম্বিৎ**। এবং তিনি হ্লাদরূপ হইয়াও সম্বিৎ শক্তির উৎকর্ষ-রূপা যে শক্তি দ্বারা সেই আহ্লাদকে নিজে জানেন এবং অপর সকলকেও জানান—তাহাই **হ্লাদিনী** এইরূপে এই শক্তিত্রয়কে বিবেচনা করিতে হইবে। এইভাবে ঐ মূলশক্তির ত্র্যাত্মকত্ব অর্থাৎ ত্রিরূপত্ব সিদ্ধ হইলে যে স্বপ্রকাশকতালক্ষণযুক্ত তাঁহার বৃত্তিবিশেষ দ্বারা স্বরূপ স্বরূপশক্তি অথবা তদ্বিশিষ্ট কোনও তত্ত্বের আবির্ভাব হয়—তাহাকে **বিশুদ্ধ-সত্ত্ব** বলা হয়। ঐ বিশুদ্ধসত্ত্বও কিন্তু অন্য-নিরপেক্ষ তৎপ্রকাশই বটে,

র্বা বিশিষ্টং বাবির্ভবতি, তদ্বিশুদ্ধসত্ত্বং, তচ্চান্যনিরপেক্ষ স্তৎ প্রকাশ ইতি। জ্ঞাপনজ্ঞানবৃত্তিকত্বাৎ সম্বিদেবা তস্যা মায়য়াঃ স্পর্শাভাবাদ্ বিশুদ্ধত্বং। তদুক্তং বিষ্ণুপুরাণে—

সত্ত্বাদয়ো ন সন্তীশে যত্র চ প্রাকৃতা গুণাঃ।
স শুদ্ধঃ সর্ব্ববিশুদ্ধেভ্যঃ পুমানাদ্যঃ প্রসীদতু ॥ ৪৯ ॥

শ্রীদশমে চ—'বিশুদ্ধসত্ত্বং তব ধাম শান্তমি'ত্যাদি (২৭।৪) "হরি হি নির্গুণঃ সাক্ষাৎ ঈশ্বরঃ প্রকৃতেঃ পরঃ। স সর্ব্বদৃগুপদেষ্টা চ তং ভজন্নির্গুণো ভব।।" ইতি (১০।৮৮।৫) একাদশে চ—(২৫।১২) "সত্ত্বং রজ স্তম ইতি গুণা জীবস্য নৈব মে" ইতি। গীতোপনিষৎসু চ—(৭-১২।১৩) যে চৈব সাত্ত্বিকা ভাবা রাজসা স্তামসাশ্চ যে। মত্ত এবেতি তান্ বিদ্ধি নত্বহং তেষু তে ময়ি। ত্রিভি গুর্ণময়ৈ র্ভাবৈরেভিঃ সর্ব্বমিদং জগৎ। মোহিতং নাভিজানাতি মামেভ্যঃ পরমব্যয়মিতি।

অতএব উহাকে জ্ঞাপন ও জ্ঞানবৃত্তিময় বলিয়া সম্বিৎ শক্তিই বলা হয়। উহার সহিত মায়ার স্পর্শ নাই বলিয়াই উহা বিশুদ্ধ। বিষ্ণুপুরাণেও এই কথাই বলা হইয়াছে—"যাহাতে প্রাকৃত গুণ আছে, এবম্বিধ সত্ত্বাদি ঈশ্বরে নাই; (অতএব তাঁহাতে অপ্রাকৃত নিখিলকল্যাণগুণরাজি বর্ত্তমান আছেই—বুঝিতে হইবে।) ঈশ্বর সর্ব্বশুদ্ধ বস্তুর ও শুদ্ধতা-সম্পাদক। সেই আদিপুরুষ প্রসন্ন হউন।" শ্রীদশমে—'হে ভগবন্! তোমার বিগ্রহ বিশুদ্ধ-সত্ত্ব অর্থাৎ প্রাকৃতগুণ-বর্জ্জিত এবং শান্ত (একরূপ)' ইত্যাদি। "হরি সাক্ষাৎ নির্গুণ, প্রকৃতির পর অর্থাৎ তৎসঙ্গ রহিত, তিনি পুরুষ, সর্ব্বদ্রষ্টা ও সর্ব্বসাক্ষী। তাহাকে ভজন করিলেই লোক নির্গুণত্ব প্রাপ্ত হইতে পারে।" শ্রীএকাদশে—"সত্ত্ব, রজঃ ও তমোগুণ জীবেরই, আমার নহে।" গীতাতেও আছে—"সাত্ত্বিক, রাজসিক ও তামসিক যে সকল ভাব আছে, তাহা আমা হইতেই হইয়াছে বটে, কিন্তু তাহাদের মধ্যে আমি নাই; তাহারা আমাতে আছে অর্থাৎ আমি উহাদের স্রষ্টা হইলেও সম্পূর্ণ নির্লিপ্ত। এই তিনটি গুণময় ভাব দ্বারা সমগ্র জগৎ মোহিত হইয়া আমাকে ইহাদের

অত্র চ ইদমেব শুদ্ধসত্বং সন্ধিন্যংশ-প্রধানং চেদাধারশক্তিঃ জ্ঞাপনাংশ-প্রধানমাত্মবিদ্যা। হ্লাদিনীসারাংশ-প্রধানং গুহ্যবিদ্যা। যুগপচ্ছক্তিত্রয়-প্রধানং মূর্ত্তিশ্চ। তত্রাধারশক্ত্যা ভগবদ্ধাম প্রকাশতে। তদুক্তং—"যৎ সাত্বতাঃ পুরুষরূপমুশন্তি সত্বং। লোকো যত ইতি। তথা—জ্ঞানতৎপ্রবর্ত্তকলক্ষণবৃত্তিদ্বয়কয়াত্মবিদ্যয়া তদ্বৃত্তিরূপমুপাসকাশ্রয়জ্ঞানং প্রকাশতে। এবং ভক্তি-তৎপ্রবর্ত্তকলক্ষণবৃত্তিদ্বয়কয়া গুহ্যবিদ্যয়া তদ্বৃত্তিরূপা প্রীত্যাত্মিকা ভক্তিঃ প্রকাশতে। এতা এব বিষ্ণুপুরাণে (১।৯।১১৮) লক্ষ্মীস্তবে স্পষ্টীকৃতাঃ

যজ্ঞবিদ্যা মহাবিদ্যা গুহ্যবিদ্যা চ শোভনে।
আত্মবিদ্যা চ দেবি ত্বং বিমুক্তিফলদায়িনী॥ ইতি ৫০॥

যজ্ঞবিদ্যা কর্ম্ম, মহাবিদ্যা অষ্টাঙ্গযোগঃ, গুহ্যবিদ্যা ভক্তিঃ আত্মবিদ্যা জ্ঞানং; তত্তৎসর্ব্বাশ্রয়ত্বাৎ ত্বমেব তদ্রূপা বিবিধানাং

অতীত ও অব্যয় বলিয়া সম্যক্ রূপে জানেন।।

(৫০) এই শুদ্ধ সত্বই আবার সন্ধিনী অংশের প্রাধান্যে আধারশক্তি হয়, জ্ঞাপনাংশ-প্রাধান্যে আত্মবিদ্যা হয়, হ্লাদিনীসারাংশপ্রাধান্যে গুহ্যবিদ্যা হয় আর একই সময়ে শক্তিত্রয়ের প্রাধান্যে মূর্ত্তি হয়। তন্মধ্যে আধারশক্তি দ্বারা ভগবদ্ধাম প্রকাশিত হয়, উক্তও হইয়াছে—"সাত্বত (বৈষ্ণব) গণ পুরুষের যে রূপকে কামনা করে, তাহাই (বিশুদ্ধ) সত্ব এবং ইহা দ্বারাই ভগবদ্ধাম প্রকাশ পায়।" আবার জ্ঞান ও তৎপ্রবর্ত্তক লক্ষণ (জ্ঞাপন) বৃত্তিদ্বয়বিশিষ্ট আত্মবিদ্যা দ্বারা উহার বৃত্তিরূপ উপাসকাশ্রিত জ্ঞান প্রকাশ হয়। এবং ভক্তি ও তৎপ্রবর্ত্তক লক্ষণ (সম্বেদনা) বৃত্তিদ্বয়যুক্ত গুহ্যবিদ্যা দ্বারা উহারই বৃত্তিস্বরূপ প্রীত্যাত্মিকা (প্রেমময়ী) ভক্তির প্রকাশ হয়। ইহাও বিষ্ণুপুরাণে লক্ষ্মীস্তবে স্পষ্ট করিয়া বলা হইয়াছে। "হে শোভনে! দেবি! তুমিই যজ্ঞবিদ্যা (কর্ম্ম), মহাবিদ্যা (অষ্টাঙ্গযোগ), গুহ্যবিদ্যা (ভক্তি) ও আত্মবিদ্যা (জ্ঞান) প্রভৃতি সর্ব্ববিদ্যার আশ্রয় হইয়া ঐ ঐ রূপে বিবিধ মুক্তি এবং অন্যান্য বিবিধ ফলরাজির দাত্রী হইয়াছ।" শ্রুতিও বলিতেছেন—"এই পরব্রহ্মের বিবিধ

অন্যেষাঞ্চ বিবিধানাং ফলানাং দাত্রী ভবসীত্যর্থঃ। শ্রুতিশ্চ—পরাস্য শক্তি বিবিধৈব শ্রূয়তে স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চেতি।

অথৈবংভূতানন্তবৃত্তিকা যা স্বরূপশক্তিঃ সা ত্বিহ ভগবদ্বামাংশবর্ত্তিনী মূর্ত্তিমতী লক্ষ্মীরেবেত্যাহ—'অনপায়িনী ভগবতী শ্রীঃ সাক্ষাদাত্মনো হরেঃ।' (১২।১১।২০) ইতি; টীকা চ—অনপায়িনী হরেঃ শক্তিঃ। তত্র হেতুঃ সাক্ষাদাত্মনঃ স্ব-স্বরূপস্য চিদ্রূপত্বাৎ তস্যা স্তদভেদাদিত্যর্থঃ ইত্যেষা। অত্র সাক্ষাৎ শব্দেন "মায়াপরেত্যাভিমুখে চ বিলজ্জমানা ইতি (২।৭।৪৭) 'বিলজ্জমানয়া যস্য স্থাতুমীক্ষাপথেঽমুয়া। বিমোহিতা বিকত্থন্তে মমাহমিতি দুর্ধিয়ঃ॥' (২।৫।১৩) ইত্যুক্ত্যা মায়া নেতি ধ্বনিতং। অত্র অনপায়িত্বং যথা হয়শীর্ষপঞ্চরাত্রে—

পরমাত্মা হরি র্দেবঃ তচ্ছক্তিঃ শ্রীরিহোদিতা।
শ্রী র্দেবী প্রকৃতিঃ প্রোক্তা কেশবঃ পুরুষঃ স্মৃতঃ॥
ন বিষ্ণুনা বিনা দেবী ন হরিঃ পদ্মজাং বিনা॥ ইতি ৫১॥

পরমা স্বাভাবিকী-শক্তির কথা শুনা যায়—তাহারা জ্ঞান, বল ও ক্রিয়াশক্তি প্রভৃতি।"

(৫১) এবম্বিধ অনন্তবৃত্তিময়ী যে স্বরূপশক্তি, তিনি এস্থলে ভগবানের বামপার্শ্বে অবস্থিতা মূর্ত্তিমতী **লক্ষ্মীই**। শ্রীদ্বাদশে উক্ত হইয়াছে—"সাক্ষাৎ ভগবতী শ্রী শ্রীহরির নিজের অনপায়িনী (অচলা) শক্তি। টীকায় শ্রীধরস্বামিপাদ বলিয়াছেন—শ্রীহরির শক্তি সর্ব্বাবস্থায় নিশ্চল, তাহার কারণ এই যে সাক্ষাৎ আত্মার অর্থাৎ স্ব-স্বরূপ চিদ্রূপ এবং ঐ শক্তির সহিত ঐ চিদ্রূপাত্মক স্বরূপের অভেদ। এই শ্লোকে সাক্ষাৎ শব্দ-প্রয়োগে এই ধ্বনিত হইতেছে যে ঐ লক্ষ্মী মায়াতীতা, যেহেতু মায়া ভগবত্তত্ত্বের দৃষ্টিপথে অবস্থান করিতে সঙ্কুচিত হয়। আমাদের ন্যায় মন্দবুদ্ধিলোকগণই কেবল ঐ মায়াতে মুগ্ধ হইয়া 'আমি আমার' বলিয়া আত্মশ্লাঘা করিয়া থাকে। কাজেই ঐ লক্ষ্মী কখনই মায়া নহে। তাঁহার অনপায়িত্ব সম্বন্ধে হয়শীর্ষপঞ্চরাত্রে উক্ত হইয়াছে—"পরমাত্মা হরি দেবতা

বিষ্ণুপুরাণে (১।৯।১৪৩)

নিত্যৈব সা জগন্মাতা বিষ্ণোঃ শ্রীরনপায়িনী।
যথা সর্ব্বগতো বিষ্ণু স্তথা শ্রী স্তৎ সহায়িনী ॥ ৫২ ॥
দেবত্বে দেবদেহা সা মানুষত্বে চ মানুষী।
হরে র্দেহানুরূপাং বৈ করোত্যেষাত্মন স্তনুম্ ॥ ৫৩ ॥ ইতি চ

ব্রহ্মসংহিতায়াং (৮)—"নিয়তিঃ সা রমা দেবী তৎপ্রিয়া তদ্বশস্বদেতি।" নিয়ম্যতে স্বয়ং ভগবত্যেব নিয়তা ভবতীতি স্বরূপভূতা শক্তিঃ। দেবী দ্যোতমানা প্রকাশরূপেত্যর্থঃ। চিদ্রূপ-মপি স্কান্দে—

অপরং ত্বক্ষরং যা সা প্রকৃতি র্জড়রূপিকা।
শ্রীঃ পরা প্রকৃতিঃ প্রোক্তা চেতনা বিষ্ণুসংশ্রয়া ॥ ৫৪ ॥

ততশ্চ 'ভগবান্ কৃষ্ণসংজ্ঞ এব' ইতি নির্দ্ধারিতে 'ন বিষ্ণুনা

এবং তাঁহার শক্তিকে শ্রী বলা হয়। ইঁহাকে দেবী (দ্যোতমানা বা পরমা-সুন্দরী) প্রকৃতি এবং কেশবকে পুরুষ বলা হয়। বিষ্ণু ব্যতীত দেবী থাকেন না, আবার শ্রী ব্যতীতও হরি থাকেন না।

(৫২-৫৪) বিষ্ণুপুরাণে—"সেই জগন্মাতা নিত্যা এবং বিষ্ণুর অনপায়িনী (অবিচলা) শ্রী। বিষ্ণু যেরূপ সর্ব্বগত (সর্ব্বব্যাপী) তদ্রূপ শ্রীও তাঁহার সর্ব্ববিষয়ে সহায়কারিণী বিষ্ণুর দেবদেহ-ধারণে তিনি দেবী, মানুষদেহধারণে তিনি মানুষী হন। ইনি হরির দেহানুরূপ নিজদেহ প্রকাশ করেন।" ব্রহ্মসংহিতায়ও আছে—"সেই রমাদেবী নিয়তি পুরুষে-রই প্রিয়া ও বশবর্ত্তিনী।" নিয়তি শব্দের ব্যুৎপত্তি এই—যাহা স্বয়ং ভগবানেই কেবল নিয়তা (সংযতা) হয় অর্থাৎ স্বরূপভূতা শক্তি। দেবী শব্দে দ্যোতমানা বা প্রকাশরূপাই বুঝায়। উহাঁর চিদ্রূপত্ব বিষয়ে স্কন্দ-পুরাণের উক্তি এই—অক্ষর (ব্রহ্ম) কিন্তু অপরই (সর্ব্বপর অর্থাৎ সর্ব্বশ্রেষ্ঠ)। যাহা (অপরা) প্রকৃতি-বাচ্যা, তাহা জড়রূপাই। আর শ্রীকে পরা প্রকৃতি বলা হয় এবং ইনি চেতন ও বিষ্ণুকে আশ্রয় করিয়াছেন।

তৎপর ভগবান্ কৃষ্ণ-সংজ্ঞ বলিয়া নির্দ্ধারিত হইলে এই প্রশ্ন

বিনা দেবীত্যাদি 'দেবত্বে দেবদেহা সে'ত্যাদি তদীয়স্বরূপভূতা ঈশবামাংশবর্ত্তিনী লক্ষ্মী কিমাখ্যা ? ইতি নির্দ্ধার্য্যা। তত্র দ্বয়োরপি পুর্য্যোঃ শ্রীমহিষ্যাখ্যা জ্ঞেয়া। তদীয় স্বরূপশক্তিত্বং স্কান্দ প্রভাসখণ্ডে শিবগৌরীসংবাদে গোপ্যাদিত্য-মাহাত্ম্যে দৃষ্টং। যথা—

"পুরা কৃষ্ণো মহাতেজা যদা প্রভাসমাগতঃ।
সহিতো যাদবৈঃ সর্ব্বৈঃ ষট্‌ষষ্ঠাশৎপ্রকোটিভিঃ॥ ৫৫॥
ষোড়শৈব সহস্রাণি গোপ্য স্তত্র সমাগতাঃ।
লক্ষমেকং তথা ষষ্ঠিরেতে কৃষ্ণসুতাঃ প্রিয়ে॥"৫৬॥ ইত্যুপক্রম্য
"ততো গোপ্যো মহাদেবি! বিদ্যা যাঃ ষোড়শ স্মৃতাঃ।
তাসাং নামানি তে বক্ষ্যে তানি হ্যেকমনাঃ শৃণু॥ ৫৭॥
লম্বিনী চন্দ্রিকা কান্তা ক্রূরা শান্তা মহোদয়া।
ভীষণী নন্দিনী শোকা সুপূর্ব্বা বিমলা ক্ষয়া॥ ৫৮॥
সুভদ্রা শোভনা পুণ্যা হংসশীতা কলাঃ ক্রমাৎ।
হংস এব মতঃ কৃষ্ণঃ পরমাত্মা জনার্দ্দনঃ।
তস্যৈতাঃ শক্তয়ো দেবি! ষোড়শৈব প্রকীর্ত্তিতা॥ ৫৯॥

উঠিল যে পূর্ব্বোক্ত (৫১) শ্লোকে বলা হইয়াছে "বিষ্ণু ব্যতীত দেবী থাকে না" ইত্যাদি, (৫৩) শ্লোকে উক্ত হইয়াছে "বিষ্ণুর দেবত্বে তিনিও দেবী হন, তাঁহার মনুষ্যরূপদেহধারণে তিনিও মানুষী হন", ইত্যাদিতে প্রতিপন্ন তাহার স্বরূপভূতা বামাংশবর্ত্তিনী লক্ষ্মীর আখ্যা কি? এক্ষণে ইহাই নির্দ্ধারণ করিতে হইবে। পুরীদ্বয়ে (মথুরা ও দ্বারকায়) তিনি **মহিষী** পদ-বাচ্য। এই মহিষীগণ যে তাঁহার স্বরূপশক্তিভূতা তাহাও স্কন্দপুরাণ প্রভাসখণ্ডে হরগৌরীসম্বাদে গোপ্যাদিত্য-মাহাত্ম্যে দেখা যায় যথা—

(৫৫-৬২) "প্রাচীনকালে মহাতেজস্বী শ্রীকৃষ্ণ যখন প্রভাসে সমাগত হইয়াছিলেন,—তৎকালে তাঁহার সঙ্গে ৫৬ কোটি যাদবগণও আসিয়াছিলেন। ১৬ হাজার গোপীও তথায় সমবেত হইয়াছিলেন এবং একলক্ষ যাট হাজার কৃষ্ণপুত্রাদিও আসিয়াছিলেন।" এইভাবে আরম্ভ

চন্দ্ররূপী মতঃ কৃষ্ণঃ কলারূপাস্তু তাঃ স্মৃতাঃ।
সংপূর্ণমণ্ডলা তাসাং মালিনী ষোড়শী কলা ॥ ৬০ ॥
প্রতিপত্তিথিমারভ্য সঞ্চরত্যাসু চন্দ্রমাঃ।
ষোড়শৈব কলা যাস্তু গোপীরূপা বরাননে ॥ ৬১ ॥
একৈকশস্তাঃ সম্ভিন্নাঃ সহস্রেণ পৃথক্ পৃথক্।
এবন্তে কথিতং দেবি রহস্যং জ্ঞান-সম্ভবং ॥
য এবং বেদ পুরুষঃ স জ্ঞেয়ো বৈষ্ণবো বুধৈঃ ॥ ৬২ ॥

তত্র গোপ্যো রাজ্ঞ্য ইত্যর্থঃ। গোপো ভূপেঽপীত্যমরঃ। নন্দিনী অবতার-শক্তিঃ। হংসশীতেত্যত্র প্রাপ্তস্য হংসস্য বাচ্যমাহ হংস এবেতি। স চ চন্দ্ররূপী চন্দ্রদৃষ্টান্তেনোদ্দেশ্য ইত্যর্থঃ। কলা-রূপা ইতি তাশ্চ শক্তয়ঃ চন্দ্রস্যামৃতেত্যাদি* কলা দৃষ্টান্তেনোদ্দেশ্যা

করিয়া শেষে বলিলেন—"হে মহাদেবি! বিশ্বারূপা ষোড়শ গোপী আছেন, —তাঁহাদের নাম তোমাকে বলিতেছি; একাগ্রমনে শ্রবণ কর। (১) নন্দিনী, (২) চন্দ্রিকা, (৩) কান্তা, (৪) ক্রুরা, (৫) শান্তা, (৬) মহোদয়া, (৭) ভীষণী, (৮) নন্দিনী, (৯) শোকা, (১০) সুবিমলা, (১১) ক্ষয়া, (১২) শুভদা, (১৩) শোভনা, (১৪) পুণ্যা, (১৫) হংসশীতা। পরমাত্মা জনার্দন হংস-স্বরূপ; হে দেবি! তাঁহার এই ষোড়শ-শক্তি প্রকীর্ত্তিত হইয়াছে। শ্রীকৃষ্ণ চন্দ্র সদৃশ এবং তাঁহারা কলা-রূপিণী। তাঁহাদের মধ্যে সম্পূর্ণ-মণ্ডলা মালিনীই ষোড়শী কলা। প্রতিপদ তিথি হইতে আরম্ভ করিয়া চন্দ্র কলা-সমূহে ভ্রমণ করে। হে বরাননে! এই যে গোপীরূপা ষোড়শকলার কথা বলা হইল, তাঁহারা প্রত্যেকেই পৃথক্ পৃথক্ ভাবে সহস্র ভেদ প্রাপ্ত হইয়াছেন!! হে দেবি! এই তোমাকে জ্ঞান-মূলক রহস্য বলিলাম। যে লোক এই রহস্য অবগত আছেন, পণ্ডিত-গণ তাঁহাকেই বৈষ্ণব বলিয়া জানেন।

* অমৃতা মানদা পূষা পুষ্টিস্তুষ্টী রতি র্ধৃতিঃ। শশিনী চন্দ্রিকা কান্তি র্জ্যোৎস্না শ্রীঃ প্রীতি রঙ্গদা॥ পূর্ণা পূর্ণামৃতা কামদায়িন্যঃ শশিন কলাঃ॥ ইতি রুদ্রযামলম্।

ইত্যর্থঃ। অনুক্তামন্তিমাং মহাশক্তিমাহ—সংপূর্ণেতি। সেয়ন্তু কলা-সমষ্টিরূপা জ্ঞেয়া; দৃষ্টান্তোপাদানাচ্চন্দ্রস্য তাদৃশত্বমাহ-প্রতিপদিতি। আস্য এতত্তুল্যত্বে বিবক্ষিতমাহ—ষোড়শেবেতি। ষোড়শানামেব বিদ্যারূপত্বাৎ, এতদুপদেশস্য জ্ঞানসম্ভব-রহস্যত্বাৎ, তজ্জ্ঞানস্য বৈষ্ণবত্বানুমাপকলিঙ্গত্বাচ্চ। ক্রূরাভীষণাশোকানা--মপি ভগবৎস্বরূপভূতানামেব সতীনাং 'মল্লানামশনি'রিত্যাদিবৎ শ্রীকৃষ্ণস্য কঠিনত্বপ্রত্যায়কত্বাৎ। 'মৃত্যু র্ভোজপতে' রিতিবৎ দুর্জ্জনবিত্রাসকত্বাৎ। অসতাং শাস্তেতিবৎ তদীয়শোকহেতুত্বাদেবঞ্চ

---

(৬৭) এস্থলে গোপীশব্দের অর্থ রাজ্ঞী। অমরকোশে গোপশব্দ রাজাবাচক। লম্বিনী=অবতারশক্তি। 'হংস-শীতা' শব্দের 'হংস' পদের বাচ্য নিরূপণ করিতেছেন=হংসই জনার্দ্দন। (অতএব হংসশীতা= শ্রীকৃষ্ণের শীতলকারিণী)। শ্রীকৃষ্ণ চন্দ্ররূপ অর্থাৎ চন্দ্রদৃষ্টান্তে তাঁহার পরিচয় করান যায়; সেই শক্তি সকল কলারূপা অর্থাৎ চন্দ্রের অমৃতা, মানদা, পূষা প্রভৃতি কলাদৃষ্টান্তে তাঁহাদের পরিচয় দেওয়া যায়। ষোড়শ শক্তির মধ্যে পঞ্চদশ শক্তির বিবরণ দিয়া অনুক্তা অন্তিমা মহাশক্তির পরিচয়প্রসঙ্গে বলিতেছেন যে উনি সম্পূর্ণমণ্ডলা মালিনী। অর্থাৎ কলা-সমষ্টিরূপা। দৃষ্টান্ত উপপাদন জন্য চন্দ্রের শ্রীকৃষ্ণসাদৃশ্য বলা হইয়াছে। চন্দ্র যেরূপ প্রতিপদাদি ষোড়শ তিথি ভোগ করেন, তদ্রূপ শ্রীকৃষ্ণচন্দ্রও এই ষোড়শশক্তিতে বিহারপরায়ণ হয়েন। এই ষোড়শ শক্তি বিদ্যারূপা ও এই উপদেশটিও জ্ঞান-সম্ভব রহস্যত্ব বলিয়া এবং ঐ জ্ঞানও আবার বৈষ্ণবত্ব-পরিচায়ক চিহ্নবিশেষ বলিয়া পূর্ব্বে উক্ত হইয়াছে "যে লোক এই রহস্য অবগত আছেন, পণ্ডিতগণ তাঁহাকে বৈষ্ণব বলিয়া মনে করেন।"

অনন্তর শ্রীকৃষ্ণের স্বরূপশক্তিতে "ক্রূরা, ভীষণা ও শোকা" এই নামত্রয়ের যাথার্থ্য নিরূপণ-প্রসঙ্গে বলিতেছেন—"মল্লগণের পক্ষে শ্রীকৃষ্ণ বজ্র" এই বাক্যে শ্রীকৃষ্ণের কাঠিন্য বুঝায়, "ভোজরাজের মৃত্যু" এই বাক্যে তাঁহার দুর্জ্জন-বিত্রাসকত্ব এবং "অসদগণের শাসনকর্ত্তা" এই বাক্যে তাঁহার শোক-হেতুত্ব প্রভৃতি যেরূপ বিশেষ বিশেষ স্থলে উপপন্ন হইয়াছে

তত্তন্নিরুক্তিরূপপদ্যতে। যথা প্রকাশৈকরূপায়া এব সূর্য্যকান্তো রুলূকেষু তমিস্রাদিব্যঞ্জকতা। 'তত্র শ্চন্দ্ররূপী মত কৃষ্ণঃ কলারূপস্তু তাঃ স্মৃতা' ইতি স্ফুটমেব স্বরূপভূতত্বং দর্শিতং, তদেবং তাসাং স্বরূপশক্তিত্বে লক্ষ্মীত্বং তাসাং সিদ্ধত্যেব। তদেবমভিপ্রেত্য তাসাং লক্ষ্মীত্বমাহ শ্রীশুকঃ—

গৃহেষু তাসামনপায্যতর্ক্যকৃন্
নিরস্ত-সাম্যাতিশয়েষবস্থিতঃ।
রেমে রমাভি নিজকামসংপ্লুতো
যথেতরো গার্হমেধিকাংশ্চরন্॥' ৬৩॥১০।৫৯।৪৩

টীকা চ—রমাভি র্লক্ষ্ম্যা অংশভূতাভি রিত্যেষা। স্বরূপ-শক্তিত্বাদেব 'রেমে' ইত্যুক্তং। অতো নিজঃ স্বীয়ঃ পরমানন্দশক্তি-বিশেষোদয়রূপ-প্রেমবিশেষ-স্বরূপো যঃ কামঃ তেন সংপ্লুতো

—তদ্রূপ স্বরূপশক্তিগণেরও ঐ ঐ নাম-নিরুক্তি প্রতিপাদিত হইতেছে। দেখাও ত যায় যে যাবতীয় বস্তুর প্রকাশন-ধর্ম্মশীল সূর্য্যরশ্মি কিন্তু পেঁচকের নিকটে অন্ধকারাদির ব্যঞ্জক হইয়া থাকে। অতএব শ্রীকৃষ্ণকে চন্দ্ররূপী আর ঐ নন্দিনী প্রভৃতি শক্তিসমূহকে কলারূপে বর্ণনা করার তাৎপর্য্য এই যে উহাতে তাঁহাদের স্বরূপ-শক্তিত্বই প্রদর্শিত হইয়াছে। তাঁহাদের স্বরূপশক্তিত্বই যখন সিদ্ধ হইল, তখন তাঁহাদের লক্ষ্মীত্বও সুতরাং সিদ্ধই হইল। এই অভিপ্রায়েই শ্রীশুকদেব শ্রীদশমে বলিয়াছেন—"সাধারণ গৃহস্থ ব্যক্তি যেমন গৃহধর্ম্ম যাজন করে, তদ্রূপ অচিন্ত্যশক্তি-সমন্বিত স্বাত্মারাম শ্রীকৃষ্ণ মহিষীগণের অসমোর্দ্ধগৃহ-সমূহে নিরন্তর অবস্থান পূর্ব্বক রমাগণের সহিত বিহার করিতে প্রবৃত্ত হইলেন।" শ্রীস্বামিপাদ টীকায় 'রমা'শব্দে 'লক্ষ্মীর অংশভূতা' এই ব্যাখ্যা করিয়াছেন। তাঁহারা স্বরূপশক্তি বলিয়াই তাঁহাদের সহিত 'রমণ করেন'—এই কথা প্রযুক্ত হইয়াছে। অতএব শ্রীকৃষ্ণ স্বকীয় পরমানন্দ শক্তিবিশেষের উদয়ে প্রেমবিশেষ-স্বরূপ যে কাম তাহার দ্বারা সংপ্লুত অর্থাৎ সম্যক্ ব্যাপ্ত হইলেন।

ব্যাপ্ত ইতি। তত্র শ্রীসত্যভামায়া ভূশক্তিরূপত্বং পাদ্মোত্তরখণ্ডাদৌ, যমুনায়াঃ কৃপাশক্তিরূপত্বং স্কান্দ--যমুনা--মাহাত্ম্যাদাবিত্যন্বেষণীয়ং। কিন্তু সত্যভামায়া হরিবংশাদৌ সৌভাগ্যাতিশয়স্য বিবক্ষিতত্বাৎ প্রেমশক্তিপ্রচুর-ভূশক্তিত্বং জ্ঞেয়ং। স্বয়ং লক্ষ্মীস্তু রুক্মিণী। "দ্বারকায়ামভূদ্ রাজন্! মহামোদঃ পুরৌকসাম্। রুক্মিণ্যা রময়োপেতং দৃষ্ট্বা কৃষ্ণং শ্রিয়ঃ পতিম্॥" (১০।৫৪।৬০) ইত্যাদিষু তস্যামেব ভূরিশঃ প্রসিদ্ধেঃ। অতঃ স্বয়ং লক্ষ্মীত্বেনৈব পরস্পর-যোগ্যতামাহ শ্রীশুকঃ—

"অস্যৈব ভার্য্যা ভবিতুং রুক্মিণ্যর্হতি না পরা।
অসাবপ্যনবদ্যাত্মা ভৈষ্ম্যাঃ সমুচিতঃ পতিঃ।" ৬৪॥ ১০।৫৩।৩৭

অতঃ স্বয়ং ভগবতোঽনুরূপত্বেন স্বয়ং লক্ষ্মীত্বং প্রসিদ্ধমেব।

---

(৬৪) এই স্বরূপশক্তিরূপা মহিষীগণমধ্যে শ্রীসত্যভামার ভূশক্তিরূপত্ব পাদ্মোত্তরখণ্ডাদিতে, শ্রীযমুনার কৃপাশক্তিরূপত্ব স্কন্দপুরাণ যমুনা-মাহাত্ম্য প্রভৃতি অন্বেষণ করিলে জানা যাইবে। বিশেষ কথা এই যে হরিবংশাদিতে সত্যভামার সৌভাগ্যাতিশয় বর্ণিত হওয়ায় তাঁহাকে প্রেমশক্তিপ্রচুর ভূশক্তিত্বই জানিতে হইবে। আর স্বয়ং লক্ষ্মী হইলেন--রুক্মিণী। শ্রীদশমে ইহার প্রমাণ আছে—"হে রাজন্! দ্বারকাবাসিজনগণের পরম আনন্দ হইয়াছিল এই যে তাঁহারা লক্ষ্মীরূপা রুক্মিণীর সহিত মিলিত শ্রীপতি শ্রীকৃষ্ণকে দর্শন করিয়াছিলেন।" এইভাবে বহু শ্লোকে রুক্মিণীর মহাপ্রসিদ্ধি বর্ত্তমান আছে। অতএব তাঁহার স্বয়ং লক্ষ্মীত্ব-হেতু শ্রীশুকদেব বিদর্ভবাসিগণের মুখে শ্রীকৃষ্ণ ও রুক্মিণীর পরস্পর যোগ্যতা কীর্ত্তন করিয়াছেন। "রুক্মিণী এই কৃষ্ণেরই ভার্য্যা হইবার যোগ্যা, অন্য কোনও রমণীই নহে। অনবদ্য-স্বরূপ ইনিই ভীষ্মনন্দিনীর সমুচিত পতি।" অতএব স্বয়ং ভগবানের অনুরূপা (সদৃশা) বলিয়াই শ্রীরুক্মিণীদেবীর স্বয়ং লক্ষ্মীত্বই নিষ্পন্ন হইল।

অথ শ্রীবৃন্দাবনে তদীয়-স্বরূপশক্তি-প্রাদুর্ভাবাঃ শ্রীব্রজদেব্যঃ। যথা ব্রহ্মসংহিতায়াং—

আনন্দচিন্ময়রস-প্রতিভাবিতাভি
স্তাভি র্য এব নিজরূপতয়া কলাভিঃ।
গোলোক এব নিবসত্যখিলাত্মভূতো
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি॥ ইতি ৫।৩৭

তত্র তাভিঃ শ্রীগোপীভিঃ, মন্ত্রে (৫।২৪) * তচ্ছব্দ-প্রয়োগাৎ। আনন্দচিন্ময়রসেন প্রেমরসবিশেষেণ প্রতিভাবিতাভি স্তৎপ্রধানাভিরিত্যর্থঃ হ্লাদিনীসারবৃত্তি-বিশেষরূপত্বাৎ। কলাত্বেনৈব নিজরূপত্বে সিদ্ধে পুন নিজরূপতয়োক্তিঃ প্রকটলীলায়াং পরকীয়াভাসত্বস্য ব্যবচ্ছেদার্থং। যত উক্তং তত্রৈব—'শ্রিয়ঃ কান্তাঃ কান্তঃ পরমপুরুষ' [৫।৫৬] ইতি শ্রীপরমপুরুষয়ো রৌপপত্যং নাস্তীতি যুক্তঞ্চ দর্শিতবান্। এতদভিপ্রায়েণৈব স্বায়ম্ভুবাগমেঽপি শ্রীভূলীলা-শব্দৈঃ তৎপ্রেয়সীবিশেষত্বমুপদিষ্টং। অত-

---

(৬৫) শ্রীবৃন্দাবনে **শ্রীব্রজদেবীগণ** শ্রীকৃষ্ণের স্বরূপশক্তির প্রাদুর্ভাব। যথা ব্রহ্মসংহিতায়—"যাঁহারা আনন্দচিন্ময়রসে প্রতিভাবিত, যাঁহারা নিজরূপতাহেতু শ্রীকৃষ্ণের কলা, তাঁহাদের সহিত নিখিলাত্মভূত যে ভগবান্ গোলোকেই বাস করিয়া থাকেন, সেই আদি-পুরুষ গোবিন্দকে আমি ভজন করি।" এখানকার 'তাভিঃ' "তাঁহাদের সহিত" এই শব্দের 'তৎ' শব্দবাচ্য গোপীগণই বুঝিতে হইবে, যেহেতু পূর্ব্ব (২৪) শ্লোকের মন্ত্রে 'গোপী'শব্দ-প্রয়োগ হইয়াছে। আনন্দচিন্ময়রস অর্থাৎ প্রেমরসবিশেষ দ্বারা প্রতিভাবিত, তাৎপর্য্য এই যে উহাঁরা প্রেমরস-বিশেষ-প্রধানা, যেহেতু তাঁহারা হ্লাদিনীর সারের বৃত্তিবিশেষরূপা অর্থাৎ পরমভাববতী। 'কলা' বলিলেই যখন তাঁহাদের নিজরূপত্ব অর্থাৎ

---

* কামকৃষ্ণায় গোবিন্দঙে গোপীজন ইত্যপি।
বল্লভায় প্রিয়া বহ্নে র্মন্ত্রং তে দাস্যতি প্রিয়ম্॥

এব "গোপীজনা বিদ্যাকলাপ্রেরক" ইত্যত্র তাপনী-বাক্যে শ্রীমদ্দশাক্ষরস্থ-নামনিরুক্তৌ—যে গোপীজনা স্তে আ সম্যগ্ যা বিদ্যা পরমপ্রেমরূপা তস্যাঃ কলাবৃত্তিরূপা ইতি ব্যাখ্যেয়ং। রাজ-বিদ্যা রাজগুহ্যমিত্যাদি গীতা-প্রকরণাৎ (৯) ভগবত্যবিদ্যা-সংশ্লেষাভাবাৎ, তদুক্তং হ্লাদিনীত্যাদিনা। তত স্তাসাং প্রেরক স্তৎ ক্রীড়ায়াং প্রবর্ত্তকঃ। স চ পতিত্ব এব বিশ্রান্তঃ। ইতি বল্লভ শব্দেনৈকার্থ্যমেব। জন্মজরাভ্যাং ভিন্ন ইত্যাদৌ 'স বো হি স্বামী ভবতীতি' তস্যামেব শ্রুতৌ তাঃ প্রতি দুর্ব্বাসা-বাক্যাৎ। স্ত্রী-সম্বন্ধে স্বামী শব্দঃ পত্যাবেব রূঢ়ঃ। স্বামিনো দেবৃদেবরা বিত্যমর-কোষাৎ। 'পাদন্যাসৈ' রিত্যাদৌ [১০।৩৩।৭] 'কৃষ্ণ

স্বরূপশক্তিত্ব বুঝায়, তখন "নিজরূপতাহেতু" এই কথা বলার তাৎপর্য্য এই যে প্রকট লীলায় পরকীয়ার আভাসত্বের ব্যবচ্ছেদ (ব্যবধান) করিতে হইয়াছে। যেহেতু ব্রহ্মসংহিতাতেই তৎপরে উক্ত হইয়াছে—"কান্তাগণ শ্রী এবং পরমপুরুষই কান্ত।" শ্রী (লক্ষ্মী) ও পরমপুরুষ নারায়ণের ঔপপত্য সম্ভবই নহে; অতএব 'নিজরূপতা' শব্দ প্রকটলীলার পরকীয়াভাসত্ব-ব্যবধায়ক বলিয়া ঠিকই দেখাইয়াছি। এই অভিপ্রায়েই স্বায়ম্ভুব আগমেও "শ্রী ভূ লীলা" শব্দ দ্বারা শ্রীকৃষ্ণের প্রেয়সীবিশেষেরই উপদেশ করা হইয়াছে। এই জন্যই তাপনীশ্রুতির "গোপীজনাবিদ্যা কলা প্রেরকঃ" এই বাক্যে শ্রীমদ্দশাক্ষরনামের নিরুক্তিকালে এইরূপ ব্যাখ্যা করিতে হইবে—যাঁহারা গোপীজন, তাঁহারা সম্যক্ প্রেমরূপা যে বিদ্যা তাহার কলাবৃত্তিরূপা। শ্রীমদ্ভগবদ্ গীতায় এই প্রেমরূপা শক্তিকে লক্ষ্য করিয়াই 'রাজবিদ্যা রাজগুহ্য' ইত্যাদি শ্লোক আরম্ভ করিয়া নবম অধ্যায়টি শেষ করিয়াছেন। অপরন্তু ভগবানে অবিদ্যার সহিত সংস্পর্শ নাই বলিয়াও পূর্ব্বোক্ত ব্যাখ্যাই সমীচীন বলিতে হইবে। এই অবিদ্যার সহিত সংশ্লেষশূন্যতা সম্বন্ধে পূর্ব্বেই উক্ত হইয়াছে—সচ্চিদানন্দ ঈশ্বর আহ্লাদিনী ও সম্বিৎ কর্তৃক আশ্লিষ্ট, পক্ষান্তরে মহাক্লেশের আকর জীবই অবিদ্যা-সংবৃত ইত্যাদি। এক্ষণে পূর্ব্বোক্ত তাপনী শ্রুতির 'প্রেরক' শব্দ লাগাইতেছেন—গোপীগণ শ্রীকৃষ্ণের পরম প্রেমশক্তিরূপা বলিয়া তিনি

ন্ধব' ইতি শ্রীশুকবচনং। ঋষভস্য জগুঃ কৃতানীত্যত্র [১০।৩৩।২১] টীকা চ 'ঋষভস্য পত্যু' রিত্যেষা। সঙ্গীতসারে চ—'গোপী-পতি রনন্তোঽপি বংশধ্বনিবশং গত' ইতি। ব্রহ্মাণ্ডপুরাণে শ্রুতি-গোপীপতি র্বংশবিভূষিতকরাম্বুজ' ইতি। শ্রীশঙ্করাচার্য্যকৃত-যমুনা স্তোত্রে চ—"বিধেহি তস্য রাধিকাধবাঙ্ঘ্রি পঙ্কজে রতি"মিতি। উদ্ধবং প্রতি শ্রীভগবতা চ—"বল্লব্যো মে মদাত্মিকা" ইতি (১০।৪৬।৬) তদিদং "গচ্ছোদ্ধব ব্রজং সৌম্য পিত্রো র্নঃ প্রীতি-মাবহ" ইতি (১০।৪৬।৩) বল্লবাভিমানিতামাত্মনি ব্যজ্য শ্রীকৃষ্ণস্য বচনং, ব্রাহ্মণস্য সমব্রাহ্মণীতিবৎ গোপরূপস্য সমগোপীরূপা ইত্যর্থঃ। অত স্তাসামপি তথৈবাভিমানং তত্রৈবোক্তং—"অপি

তাহাদের প্রেরক অর্থাৎ বিবিধ ক্রীড়ার প্রবর্ত্তক। তাহারও আবার চরম বিশ্রান্তি পতিরূপেই। কাজেই 'প্রেরক' শব্দ ও 'বল্লভ' শব্দ একার্থ-বাচক বলিতে হইবে। যেহেতু ঐ তাপনীতেই 'জন্মজরাদির অতীত' ইত্যাদি বলিয়া দুর্ব্বাসা মুনিই তাঁহাদিগকে আবার বলিয়াছেন—'তিনিই তোমাদের স্বামী হইবেন'। স্ত্রী-সম্বন্ধে স্বামী শব্দ কিন্তু পতিতেই রূঢ়। অমরকোষও বলিতেছেন— স্বামির কনিষ্ঠ ভ্রাতাকে দেবা ও দেবর কহে। শ্রীশুকদেবও বলিয়াছেন—কৃষ্ণবধূগণ পদন্যাস, করকম্পন ইত্যাদি দ্বারা বিরাজ করিতেছেন। শ্রীদশমে (৩৩।২১) শ্লোকের 'ঋষভের' লীলা সমূহ গান করিতে লাগিলেন।' এই বাক্যের 'ঋষভ' শব্দে শ্রীধর স্বামী **পতিই** লক্ষ্য করিয়াছেন। সঙ্গীতসারে—গোপী**পতি** অনন্তও বংশীধ্বনির বশীভূত হইয়াছিলেন। ব্রহ্মাণ্ডপুরাণে—শ্রুতিচরা গোপীগণের **পতি** যিনি বংশীভূষিত করপদ্ম ইত্যাদি। শ্রীশঙ্করাচার্য্যের যমুনা-স্তোত্রে—'রাধিকাধব কৃষ্ণের চরণ-পদ্মে তাহার রতি দান কর' উদ্ধবকে শ্রীভগবান্ নিজেই বলিয়াছেন—আমার বল্লবীগণ মদাত্ম-স্বরূপা। হে সৌম্য উদ্ধব! তুমি ব্রজে যাও এবং আমার মাতা পিতার প্রীতি দান কর।' এই উক্তির তাৎপর্য্যানুসারে শ্রীকৃষ্ণ নিজেতে বল্লবত্ব অভিমান ব্যঞ্জনা করিয়া গোপীগণকে 'বল্লবী' বলিয়াছেন। যেমন ব্রাহ্মণের সমান ব্রাহ্মণীই হয়, তদ্রূপ গোপরূপ কৃষ্ণের সমান গোপী।

বত মধুপুর্য্যামার্য্যপুত্রোঽধুনাস্তে" ইতি (১০।৪৭।২১) তথৈব চ কুমারীণাং সঙ্কল্প-বচনং—"নন্দগোপসুতং দেবি! পতিং মে কুরুতে নম" ইতি (১০।২২।৪)। ন কেবলং সাধারণরীত্যা দাম্পত্য-ব্যবহার স্তাভি র্মম, কিন্তু মদাত্মিকা মৎস্বরূপশক্তয় ইত্যর্থঃ। আত্মশব্দস্য মনোবাচকত্বে 'তা মন্মনস্কা' (১০।৪৬।৪) ইত্যাদ্যুক্তং পুনরুক্তং স্যাৎ। উক্তঞ্চ তাসাং স্বরূপশক্তিত্বং শ্রীশুকদেবেন—

তাভি র্বিধুতশোকাভি র্ভগবানচ্যুতো বৃতঃ।
ব্যরোচতাধিকং তাত পুরুষঃ শক্তিভি র্যথা॥ ৬৬ ইতি

তাভিঃ শক্তিভিঃ যথা যাবত্তথা—'তত্রাতিশুশুভে তাভি র্ভগবান্ দেবকীসুত' ইত্যাদি (১০।৩০।৭) 'চকাশ গোপীপরিষদ্-গতোঽর্চ্চিত' ইত্যাদি (১০।৩২।১৪) 'ব্যরোচতৈণাঙ্ক ইবোড়ুভি র্বৃত' ইত্যাদি (১০ ২৯।৪৩)। স্বরূপশক্তিত্বাদেবাধিকং ব্যরোচত

অতএব তাঁহাদিগের এই জাতীয় অভিমানই ঐ প্রসঙ্গে দৃষ্ট হয়—'আর্য্য-পুত্র এখনও মধুপুরীতে আছেন কি?' কুমারীগণও সংকল্প-বচনে কাত্যায়নীর নিকট প্রার্থনা করিয়াছেন—'হে দেবি! নন্দনন্দনকে আমাদের পতি কর, তোমাকে নমস্কার।' তাহাদের সহিত আমার যে কেবল সাধারণভাবেই দাম্পত্য ব্যবহার আছে, তাহা নহে; তাহারা কিন্তু মদাত্মিকা অর্থাৎ আমার স্বরূপশক্তি। যদি আত্মা শব্দে মনই বাচ্য হয়, তবে পূর্ব্ববর্ত্তী (৪) শ্লোকের "তাহারা মদ্গতমনা" এই উক্তি থাকার জন্য পুনরুক্তি-দুষ্ট হইবে। শ্রীশুকদেবও তাহাদের স্বরূপ-শক্তিত্ব স্বীকার করিয়া বলিয়াছেন—

(৬৬) "ভগবান্ অচ্যুত সেই বিধুত-শোকা গোপীগণ কর্তৃক পরিবেষ্টিত হইয়া শক্তিবৃত পুরুষের ন্যায় সাতিশয় শোভা পাইতে লাগিলেন।" অন্যত্র আছে"তাহাদের সহিত সেই রাসমণ্ডলে ভগবান্ দেবকীসুত অতিশয় শোভিত হইলেন।" "গোপীমণ্ডলী-মধ্যগত ও অর্চিত হইয়া দীপ্তি প্রকাশ করিতেছেন।" এবং নক্ষত্রগণ-বেষ্টিত চন্দ্রবৎ বিশেষভাবে শোভিত হইলেন' ইত্যাদি উক্তি-নিবন্ধন বুঝিতে হইবে যে স্বরূপশক্তিবশতঃই

ইত্যাদ্যুক্তমুপপদ্যতে। স্বশক্ত্যৈকপ্রকাশাৎ শ্রীভগবতঃ। অত স্তাসাং লক্ষ্মীসংজ্ঞত্বমপ্যুক্তং ব্রহ্মসংহিতায়াং 'লক্ষ্মীসহস্রশতসংভ্রম-সেব্যমানমিতি (৫।২৯), 'শ্রিয়ঃ কান্তাঃ কান্তঃ পরমপুরুষ' ইতি (৫।৫৬) শ্রীদশমে চ 'গোপ্যো লব্ধাচ্যুতং কান্তং শ্রিয় একান্ত বল্লভমিতি (১০।৩৩।১৪) গোপ্য এব শ্রিয় কান্তং মনোহরং একান্তে বল্লভং রহোরমণং 'তস্মাৎ' নায়ং শ্রিয়োঽঙ্গ ইতি (১০।৪৭।৬০) শুকানুবাদঃ সামান্য-লক্ষ্মীবিজয়ং ব্যনক্তি। লক্ষ্মীসহস্রেতি বিরিঞ্চি-বাণী-লক্ষ্মীবিশেষত্বমুরীকরোতি। কুরুত্বেঽপি শ্রীযুধিষ্ঠিরাদীনাং পাণ্ডব-সংজ্ঞত্বং, লক্ষ্মীত্বেপি ব্রজদেবীনাং গোপীসংজ্ঞত্বমিতি। তস্মাত্তাসাং পরমলক্ষ্মীরূপত্বেন তন্নিত্যপ্রেয়সীত্বং সিদ্ধং। তথাচ গৌতমীয় তন্ত্রে দশার্ণ ব্যাখ্যায়াং — (২০।২১)

তাঁহাদের সহিত তাঁহার শোভাতিশয় প্রকাশ পাইয়াছে। যেহেতু শ্রীভগবান্ কেবলমাত্র স্বশক্তি-সহিতই প্রকাশমান। অতএব তাঁহারা লক্ষ্মী বলিয়াই ব্রহ্মসংহিতাতে উক্ত হইয়াছেন—'শ্রীগোবিন্দকে শতসহস্র লক্ষ্মীগণ সতত সম্ভ্রম (গৌরব) সহকারে সেবা করিতেছেন।" এবং যত্রত্য শ্রীগণই কান্তা এবং পরমপুরুষই একমাত্র কান্ত' ইত্যাদি। শ্রীদশমেও—"গোপীরূপা লক্ষ্মীগণ মনোহর রহোরমণকে প্রাপ্ত এবং তাঁহার বাহু দ্বারা কণ্ঠে কণ্ঠে গৃহীত হইয়া গান করিতে করিতে বিহারে প্রবৃত্ত হইলেন।" অতএব শ্রীদশমের (৪৭।৬০) শ্লোকে যে লক্ষ্মীর প্রসঙ্গ আছে (রাসোৎসবে গোপীগণ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক কণ্ঠে কণ্ঠে গৃহীত হইয়া যে প্রসাদ লাভ করিয়াছেন—তাহা লক্ষ্মীও পান নাই)—তাহাতে সামান্যতঃ লক্ষ্মীর পরাজয়ই অভিব্যক্ত হইয়াছে। আর "লক্ষ্মীসহস্র" ইত্যাদি ব্রহ্মসংহিতা-বচনে ব্রহ্মার বাণী (সরস্বতী) রূপা লক্ষ্মী-বিশেষকেও ধরিতে হইবে। শ্রীযুধিষ্ঠিরাদি পঞ্চভ্রাতা 'কৌরব' হইলেও যেরূপ তাঁহাদের 'পাণ্ডব' সংজ্ঞা হইয়াছে, তদ্রূপ ব্রজদেবীগণের লক্ষ্মীত্ব সত্ত্বেই গোপীসংজ্ঞা হইয়াছে। ইঁহারা যখন পরম-লক্ষ্মীরূপা, তখন ত ইঁহাদের শ্রীকৃষ্ণের নিত্য প্রেয়সীত্ব সিদ্ধই হইল। গৌতমীয়তন্ত্রে দশাক্ষর-মন্ত্র ব্যাখ্যা প্রসঙ্গে বলা হইয়াছে যে—

গোপীতি প্রকৃতিং বিদ্যাজ্জন স্তত্ত্ব-সমূহকঃ।
অনয়োরাশ্রয়ো ব্যাপ্ত্যা কারণত্বেন চেশ্বরঃ।। ৬৭
সান্দ্রানন্দপরং জ্যোতি র্বল্লভেন চ কথ্যতে।
অথবা গোপী প্রকৃতি র্জন স্তদংশমণ্ডলং।। ৬৮
অনয়ো র্বল্লভঃ প্রোক্তঃ স্বামী কৃষ্ণাখ্য ঈশ্বরঃ।।
কার্য্যকারণয়োরীশঃ শ্রুতিভি স্তেন গীয়তে ॥ ৬৯
অনেকজন্মসিদ্ধানাং গোপীনাং পতিরেব বা।
নন্দনন্দন ইত্যুক্ত স্ত্রৈলোক্যানন্দ-বর্দ্ধনঃ ॥ ৭০

অতএব প্রথমা প্রকৃতিঃ প্রধানং, দ্বিতীয়া স্বরূপশক্তিঃ; তত্ত্বানি মহদাদীনি অংশাঃ—

'জ্ঞানশক্তিবলৈশ্বর্য্যবীর্য্যতেজাংস্যশেষতঃ ॥
ভগবচ্ছব্দ-বাচ্যানি বিনা হেয়ৈ গু'ণাদিভিঃ ॥ ৭১ ইতি
বিষ্ণুপুরাণোক্তাঃ।

অত্র অনেকজন্মসিদ্ধানামিতি 'বহূনি মে ব্যতীতানি জন্মানি তব চার্জ্জন' ইতিবৎ অনাদিসিদ্ধত্বমেব বোধয়তি। 'পতিরেবে'ত্যেবকারেণ প্রকটলীলায়ামুপপতিত্ব-ব্যবহারস্তু মায়িক এবেত্যর্থঃ। স চাগ্রে দর্শয়িষ্যতে। 'বা' শব্দস্তস্মৈ-

---

(৬৭-৭০) 'গোপী' শব্দে প্রকৃতি এবং জন' শব্দে তত্ত্ব-সমূহ; এই উভয়ের ব্যাপক বলিয়া যিনি আশ্রয় এবং কারণ বলিয়া যিনি ঈশ্বর এবং সান্দ্রানন্দ-বিশিষ্ট পরম জ্যোতিঃ তিনিই 'বল্লভ' শব্দ বাচ্য। অথবা 'গোপী' শব্দে প্রকৃতি, 'জন' শব্দে তাহার অংশসমূহ এবং 'বল্লভ' শব্দ এই উভয়ের স্বামী কৃষ্ণাখ্য ঈশ্বরই বাচ্য। এইজন্য শ্রুতিসমূহ বলিয়াছেন যে ঈশ্বর কার্য্যকারণের (নিয়ন্তা)। কিম্বা 'বল্লভ' শব্দে অনেকজন্মসিদ্ধ (নিত্যসিদ্ধ) গোপীগণের পতিই বাচ্য, তাঁহার নাম নন্দনন্দন এবং তিনি ত্রিলোকেরই আনন্দ-বর্দ্ধন।

(৭১) এ স্থলে প্রথম প্রকৃতি শব্দে প্রধান (মায়া) শক্তিই লক্ষ্য এবং দ্বিতীয় প্রকৃতি শব্দ স্বরূপশক্তির বাচক, আর তত্ত্ব-সমূহ মহৎ প্রভৃতি।

বোত্তর-পঙ্কতা-বোধনায়। তদেবমাদিভি র্বিশিষ্টত্বেনৈব তদারাধনাদাসাং নিত্যপ্রেয়সীত্বং সিদ্ধং। তচ্চ তাসাং তদারাধানানাং চানাদ্যনন্তভাবিত্বাৎ। স হি মন্ত্রে চতুর্দ্ধা প্রতীয়তে। মন্ত্রস্য কারণরূপত্বেন বর্ণসমুদায়রূপত্বেন, অধিষ্ঠাতৃদেবতারূপত্বেন, আরাধ্যরূপত্বেন চ। অত্র কারণরূপত্বং তদধিষ্ঠাতৃদেবতারূপত্বঞ্চোক্তং ব্রহ্মসংহিতায়াং—'প্রকৃত্যা পুরুষেণ চেতি' (৫।৩) প্রকৃতি র্মন্ত্রস্য স্বরূপং স্বয়মেব শ্রীকৃষ্ণঃ কারণরূপত্বাৎ, তদেবোক্তমৃষ্যাদিস্মরণে কৃষ্ণঃ প্রকৃতিরিতি। স এব অধিষ্ঠাতৃদেবতারূপঃ। বর্ণসমুদায়রূপত্বঞ্চোক্তং তত্রৈব—'কামঃ কৃষ্ণায়ে'ত্যাদিনা (৫।২৪)। উক্তঞ্চ হয়শীর্ষপঞ্চরাত্রে "বাচ্যত্বং বাচকত্বঞ্চ দেবতামন্ত্রয়োরিহ। অভেদেনোচ্যতে ব্রহ্মন্ তত্ত্ববিদ্ভি র্বিচারতঃ॥" ইতি। আরাধ্যরূপত্বঞ্চ তত্রৈব ব্রহ্মসংহিতায়াং—'ঈশ্বরঃ পরমঃ কৃষ্ণঃ সচ্চিদানন্দবিগ্রহঃ। অনাদি-

---

প্রাকৃত হেয় গুণরহিত জ্ঞান, শক্তি, বল, ঐশ্বর্য্য, বীর্য্য, তেজ প্রভৃতি নিখিল কল্যাণগুণগণই 'ভগব শব্দ-বাচ্য'। অতএব 'অংশসমূহ' বলিতে অপ্রাকৃত গুণরূপ স্বরূপ-ধর্ম্মসমূহকেই বুঝিতে হইবে। "হে অর্জ্জুন! আমার ও তোমার বহু বহু জন্ম অতীত হইয়াছে" গীতার এই উক্তির ন্যায় "অনেক জন্মসিদ্ধ গোপী" বলিতে তাঁহাদের অনাদিসিদ্ধত্বই বুঝাইতেছে। "গোপীগণের পতিই" এই বাক্যের অবধারণার্থক 'ই'কার দ্বারা জানা যায় যে প্রকটলীলায় উপপতিত্ব-ব্যবহারটি মায়িকই। তাহা অগ্রে প্রদর্শিত হইবে (৭৮ অনুচ্ছেদের পরে)। অতএব এই সিদ্ধান্ত স্থিরীকৃত হইল যে এবম্বিধ গোপীজন-সম্বলিত শ্রীকৃষ্ণেরই আরাধনা সর্ব্বশাস্ত্রে প্রবর্ত্তন করায় এই গোপীগণ তাঁহার নিত্যপ্রেয়সী। যেহেতু তদ্বিষয়ক শ্রুতি এবং তদীয় আরাধনাসমূহ অনাদি অনন্তকাল হইতেই চলিয়া আসিতেছে।

শ্রীকৃষ্ণ অষ্টাদশাক্ষর মন্ত্রে চারিপ্রকারে প্রতীয়মান হইতেছেন। (১) মন্ত্রের কারণরূপে, (২) বর্ণসমুদায়রূপে, (৩) অধিষ্ঠাতৃ দেবতারূপে এবং (৪) আরাধ্যরূপে। তন্মধ্যে তাঁহার কারণরূপত্ব ও অধিষ্ঠাতৃদেবতা-

রাদিরিত্যাদিনা (৫।১) ক্বচিদ্ দুর্গায়া অধিষ্ঠাতৃত্বং তু শক্তি-শক্তিমতোরভেদ-বিবক্ষয়া। অত উক্তং গৌতমীয়-কল্পে—যঃ কৃষ্ণঃ সৈব দুর্গা স্যাদ্ যা দুর্গা কৃষ্ণ এব স' ইতি। যতঃ শ্রীকৃষ্ণ স্তত্র স্বরূপ-শক্তিরূপেণ দুর্গা নাম, তস্মান্নেয়ং মায়াংশভূতা দুর্গা ইতি গম্যতে। নিরুক্তিশ্চাত্র—দুঃখেন গুর্বারাধনাদি-প্রয়াসেন গম্যতে জ্ঞায়তে ইতি। তথাচ নারদপঞ্চরাত্রে শ্রুতিবিদ্যাসম্বাদে—

জানাত্যেকা পরা কান্তং সৈব দুর্গা তদাত্মিকা।
যা পরা পরমা শক্তি র্মহাবিষ্ণু-স্বরূপিণী॥ ৭২

রূপত্ব সম্বন্ধে ব্রহ্মসংহিতা বলিতেছেন—'অষ্টাদশাক্ষর মহামন্ত্রের ষট্পদ পুরুষ ও প্রকৃতি দ্বারা অধিষ্ঠিত। প্রকৃতি = মন্ত্রের স্বরূপ, শ্রীকৃষ্ণ কারণ-রূপে তাহাতে বিদ্যমান বলিয়া তিনিই প্রকৃতি। 'ঋষি' প্রভৃতির স্মরণ-কালে কৃষ্ণকেই প্রকৃতি বলা হয়। ঐ মন্ত্রাধিষ্ঠাতৃদেবতারূপে পুরুষও আবার শ্রীকৃষ্ণই। "কাম কৃষ্ণায়" ইত্যাদি পদ্যে (অষ্টাদশাক্ষর মন্ত্রের প্রতি বর্ণে) বিরাজমান বলিয়া তিনিই বর্ণসমুদায়-রূপী। এ বিষয়ে হয়শীর্ষ পঞ্চরাত্রের বচন এই—"হে ব্রহ্মন্! তত্ত্ববিদ্গণ বিচার করিয়া এই সিদ্ধান্ত করিয়াছেন যে অষ্টাদশাক্ষরে দেবতা ও মন্ত্রের বাচ্যবাচকত্ব অভেদই।" তাঁহারই আরাধ্যরূপত্ব সম্পর্কে ব্রহ্মসংহিতা বলিতেছেন—"শ্রীকৃষ্ণ পরম ঈশ্বর, সচ্চিদানন্দঘন-মূর্ত্তি, অনাদি অথচ সকলেরই আদি (মূল)" ইত্যাদি। তবে যে কোথাও দুর্গাকেই এই অষ্টাদশাক্ষর মন্ত্রের অধিষ্ঠাতৃদেবতা বলা হয়, তাহার কারণ কি? ইহার উত্তর—শক্তি ও শক্তিমানের অভেদ-বিবক্ষাই বলিব। অতএব গৌতমীয়-কল্পে বলা হইয়াছে—"যিনি কৃষ্ণ তিনিই দুর্গা; যিনি দুর্গা, তিনিই আবার কৃষ্ণ" ইত্যাদি। বুঝা যায়—ঐ অষ্টাদশাক্ষর মন্ত্রে শ্রীকৃষ্ণ স্বরূপ-শক্তি-রূপেই দুর্গা নামে অভিহিত হইতেছেন বলিয়া ইনি মায়াংশভূতা দুর্গা নহেন। এই 'দুর্গা' শব্দের নিরুক্তি এইরূপ—দুঃখে অর্থাৎ গুরু আরাধনাদি প্রয়াস স্বীকার করিয়া গমন অর্থাৎ জানা যায় যাঁহাকে, তিনি দুর্গা। নারদপঞ্চরাত্রে শ্রুতিবিদ্যা সম্বাদে—

যস্যা বিজ্ঞানমাত্রেণ পরাণাং পরমাত্মনঃ।
মুহূর্ত্তাদেব দেবস্য প্রাপ্তি র্ভবতি নান্যথা॥ ৭৩
একেয়ং প্রেমসর্বস্বভাবা শ্রীগোকুলেশ্বরী।
অনয়া সুলভো জ্ঞেয় আদিদেবোঽখিলেশ্বরঃ॥ ৭৪
ভক্তির্ভজন-সম্পত্তি র্ভজতে প্রকৃতিঃ প্রিয়ং।
জ্ঞায়তেঽত্যন্তদুঃখেন সেযং প্রকৃতিরাত্মনঃ।
দুর্গেতি গীয়তে সর্বৈরখণ্ড-রসবল্লভা॥ ৭৫
অস্যা আবরিকা শক্তি র্মহামায়াঽখিলেশ্বরী।
যয়া মুগ্ধং জগৎ সর্বং সর্বদেহাভিমানিনঃ॥ ইতি ৭৬

অতএব—"মায়াং ব্যুদস্য চিচ্ছক্ত্যা কৈবল্যে স্থিত আত্মনীতি" প্রথমোক্তেঃ (৭।২৩)। 'ন যত্র মায়া কিমুতা পরে হরে' রিতি দ্বিতীয়োক্তেঃ (৯।১০)। মায়াতীত-বৈকুণ্ঠাবরণ-কথনে

(৭২-৭৬) যিনি সর্ব্বশ্রেষ্ঠা তিনিই মাত্র কান্ত কৃষ্ণকে সম্যক্ জানেন, সেই ভগবচ্চিন্তা প্রকৃতিকেই দুর্গা কহে। ইনি পরাৎপরা শক্তি এবং মহাবিষ্ণু-স্বরূপিণী। ইঁহার অনুভব মাত্রেই পরমাত্মা দেবতার মুহূর্ত্তমধ্যেই প্রাপ্তি হয়, অন্য প্রকারে হইতে পারে না। এই শ্রীগোকুলেশ্বরীই মুখ্যা ও প্রেমসর্ব্বস্বভাবা (মহাভাব-স্বরূপা)। ইঁহার কৃপায় আদিদেব অখিলেশ্বরও সুলভ বলিয়াই জানিবে। ভক্তিই ভজন-সম্পত্তি, প্রকৃতিই প্রিয়কে ভজন করেন। সেই পরমাত্মার প্রকৃতিকে অত্যন্ত দুঃখেই জানা যায়। কাজেই তিনি দুর্গা বলিয়া কথিত হন। ইনিই অখণ্ডরসবল্লভা (অখণ্ড রসের=রসরাজের প্রিয়তমা অথবা অখণ্ড রসই বল্লভ প্রিয় যাঁহার)। ইঁহারই আবরিকা (আবরণকারিণী) শক্তির নাম—মহামায়া. তিনি অখিলেশ্বরী এবং সকল জগৎ ও সকল দেহাভিমানী জীবই তাঁহার দ্বারা মুগ্ধ হইয়া রহিয়াছে। অতএব "তুমি প্রকৃতির প্রবর্ত্তক, তুমি চিচ্ছক্তি দ্বারা মায়া নিরসন করিয়া পরমানন্দরূপে অবস্থিত আছ।" ইত্যাদি প্রথম স্কন্ধের বাক্যে, এবং দ্বিতীয় স্কন্ধের—"যে স্থানে (নিত্য বৈকুণ্ঠে) হরির মায়াশক্তি নাই, অন্য (মায়াকার্য্য

যথোক্তং পাদ্মোত্তরখণ্ডে—'সত্যাচ্যুতানন্তদুর্গা-বিষ্বক্সেন-গজাননাঃ। শঙ্খপদ্মনিধী লোকা শ্চতুর্থাবরণং স্মৃতং॥' ইত্যাদ্যুক্ত্বা 'নিত্যাঃ সর্ব্বে পরে ধাম্নি যে চান্যেঽপি দিবৌকসঃ। তে বৈ প্রাকৃতনাকেঽস্মিন্ননিত্যা স্ত্রিদিবেশ্বরাঃ॥' ইতি তেষাং শ্রীভগবদংশরূপত্বমুক্তং—ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে—

সর্ব্বত্র দেবদেবোঽসৌ গোপবেশধরো হরিঃ।
কেবলং রূপভেদেন নামভেদঃ প্রকীর্ত্তিতঃ॥ ইতি ৭৭॥

অতো নামমাত্র-সাধারণ্যেঽনন্যভক্তৈর্ন বিভেতব্যং, কিন্তু ভাগবতৈ নিত্য-বৈকুণ্ঠসেবকত্বাৎ বিষ্বকসেনাদিবৎ সৎকার্য্যা এবতে। 'অর্চয়িত্বা তু গোবিন্দং তদীয়ান্নার্চয়েত্তু যঃ' ইত্যাদিবচনেন তদসৎকারে দোষ-শ্রবণাৎ। অতএব তানেবোদ্দিশ্য উক্তমেকাদশে—(১৭।১৯)

রাগ লোভাদি) ত দূরেই থাকুক।" এই বচনেও ভগবৎস্বরূপ-শক্ত্যাত্মক পরাশক্তি দুর্গার কথাই লক্ষিত হইয়াছে। মায়াতীত বৈকুণ্ঠাবরণ কথনেও পাদ্মোত্তরখণ্ডে আছে—"সত্য, অচ্যুত, অনন্ত, দুর্গা, বিষ্বক্সেন, গণেশ, শঙ্খ ও পদ্মনিধি এবং তত্রত্য লোকগণই চতুর্থ আবরণ।" তদনন্তর—"নিত্য পার্ষদগণ সকলেই পরধাম বৈকুণ্ঠে থাকেন, অন্যান্য দেবগণ এই প্রাকৃত স্বর্গে বিরাজ করেন, দেবগণ নিত্যপার্ষদ নহেন।" অতএব ইঁহারা ভগবদংশরূপী ত্রৈলোক্য সম্মোহনতন্ত্রেও উক্ত আছে—

(৭৭) "সর্ব্বত্রই ঐ দেবাদিদেব গোপবেশী হরিই বিরাজ করিতেছেন। কেবলমাত্র রূপভেদেই নাম-ভেদ স্বীকার করা হইয়াছে।" অতএব নামমাত্রে সামান্যে (অর্থাৎ স্বরূপতঃ এবং সামর্থ্যতঃ ভেদ বর্ত্তমান থাকিয়াও নামে অভেদ দৃষ্ট হইলে) অনন্যভক্তদিগের ভয়ের কারণ নাই। কিন্তু তাঁহারা নিত্যবৈকুণ্ঠসেবক বলিয়া বিষ্বক্সেন প্রভৃতির ন্যায় তাঁহাদের সৎকার (পূজাদি) করাই ভক্তগণের কর্ত্তব্য। নতুবা "গোবিন্দকে অর্চ্চনা করিয়া যাহারা তদীয় ভক্তের আরাধনা করে না, তাহারা প্রাকৃত ভক্ত" ইত্যাদি উক্তি অনুসারে তাহাদের দোষ হইবে।

দুর্গাং বিনায়কং ব্যাসং বিষ্বক্সেনং গুরূন্ সুরান্।
স্বে স্বে স্থানে ত্বভিমুখান্ পূজয়েৎ প্রোক্ষণাদিভিঃ ॥৭৮॥

অথ প্রকৃতমনুসরামঃ। তদেবং শ্রীগোপীনাং স্বরূপ-শক্তিত্বে প্রসিদ্ধে শ্রীকৃষ্ণস্য নিত্যপ্রেয়সীরূপত্বং সিদ্ধমেব। তত স্তাভিঃ সহ তস্য পূজন আবশ্যকতা স্বতঃসিদ্ধা। অত্র পুনঃ প্রতিবাদী প্রাহ যদি তাঃ কৃষ্ণস্য নিত্যপ্রিয়াঃ, তর্হি কথং পর-কীয়ারূপত্বং। তত্রাপি পুত্রাদি-সংযোক্তৃত্বং শ্রূয়তে; সত্যং, তদ্রূপত্বং মায়িকমিতি বৈষ্ণবতোষণীনাম্ন্যাং শ্রীদশমটিপ্পন্যাং কৃষ্ণসন্দর্ভাদৌ চ প্রমিতমিতি বিস্তরভিয়া নাত্র প্রপঞ্চিতং।

অথ সামান্যতঃ শ্রীকৃষ্ণপ্রিয়াঃ খলু দ্বিধা; নিত্যসিদ্ধাঃ সাধনসিদ্ধাশ্চ। তত্র নিত্যসিদ্ধাঃ পূর্ব্বোক্তাঃ; সাধনসিদ্ধাশ্চ ত্রিবিধাঃ। ঋষিজাঃ শ্রুতয়ো দেবকন্যাশ্চ। তত্র ঋষিজা যথা পাদ্মোত্তরখণ্ডে—

---

(৭৮) এই জন্যই ইঁহাদিগকে লক্ষ্য করিয়া শ্রীএকাদশে বলা হইয়াছে—"দুর্গা, বিনায়ক, ব্যাস, বিষ্বকসেন, গুরুগণ ও দেবগণকে যথাস্থানে স্বসম্মুখে রাখিয়া প্রোক্ষণাদি পূর্ব্বক পূজা করিবে।"

এক্ষণে প্রকৃত প্রস্তাবের অনুসরণ করিতেছি। এতাবৎ শাস্ত্রযুক্তি দ্বারা শ্রীগোপীগণের স্বরূপ-শক্তিত্ব সুসিদ্ধ হইলে তাঁহাদের শ্রীকৃষ্ণের নিত্য-প্রেয়সীত্বও ফলতঃ সিদ্ধই হইয়াছে। এবং তাহাতে তাঁহাদের সহিত শ্রীকৃষ্ণের পূজার আবশ্যকতাও স্বতঃ সিদ্ধই হইতেছে। এক্ষণে প্রতিবাদী পুনরায় জিজ্ঞাসা করিতেছে—"যদি তাঁহারা কৃষ্ণের নিত্যপ্রিয়া, তবে কেন তাঁহারা পরকীয়া বলিয়া বর্ণিত হইয়াছেন?" শুধু তাহাই নহে, তাঁহাদের পুত্রাদি সংযোগের কথাও ত শুনা যাইতেছে? এক্ষণে উত্তর দিতেছেন—হাঁ সত্যই বটে! ঐ পরকীয়াত্বরূপ যে মায়িক, তাহা বৈষ্ণবতোষণী নামক শ্রীদশম-টিপ্পনীতে এবং কৃষ্ণসন্দর্ভাদিতে প্রমাণিত হইয়াছে।

পুরা মহর্ষয়ঃ সর্ব্বে দণ্ডকারণ্যবাসিনঃ।
দৃষ্ট্বা রামং হরিং তত্র ভোক্তুমৈচ্ছন্ সুবিগ্রহম্ ॥ ৭৯ ॥
তে সর্ব্বে স্ত্রীত্বমাপন্নাঃ সমুদ্ভূতাশ্চ গোকুলে।
হরিং সংপ্রাপ্য কামেন ততো মুক্তা ভবার্ণবাৎ ॥ ইতি ৮০ ॥

ন চ বক্তব্যং গোকুলজাতানাং প্রাপঞ্চিকদেহাদিত্বং ন সম্ভবতীতি, অবতার-লীলায়াঃ প্রাপঞ্চিক-মিশ্রত্বাৎ, শ্রীদেবকী-দেব্যামপি ষড়্গর্ভসংজ্ঞকানাং জন্ম শ্রূয়তে ইতি।

শ্রুতয়ো যথা বৃহদ্বামনপুরাণাদিষু শ্রূয়ন্তে; যত এব তথা ব্যাখ্যাতং * "স্ত্রিয় উরগেন্দ্রভোগভুজদণ্ডবিষক্তধিয়ো

বিস্তার-ভয়ে এখানে আর বেশী বলিলাম না।

(৭৯) সাধারণতঃ শ্রীকৃষ্ণপ্রেয়সীগণ **নিত্যসিদ্ধা** ও **সাধনসিদ্ধা** ভেদে দ্বিবিধ; তন্মধ্যে নিত্যসিদ্ধাগণের কথা পূর্ব্বেই উক্ত হইয়াছে। সাধন-সিদ্ধাগণ ঋষিচরী, শ্রুতিচরী ও দেবকন্যা ভেদে ত্রিবিধ। "ঋষিচরীদের" কথা পাদ্মোত্তরখণ্ডে বর্ণিত হইয়াছে। "প্রাচীনকালে দণ্ডকারণ্যবাসী মহর্ষিগণ সকলেই শ্রীরামহরিকে দর্শন করিয়া তাঁহার সহিত সঙ্গ করিতে ইচ্ছা করিলেন।

(৮০) তাঁহারা সকলে স্ত্রীদেহ প্রাপ্ত হইয়া গোকুলে জন্ম লাভ করিলেন এবং কামভাবে শ্রীহরিকে সম্যক্ প্রকারে লাভ করিয়া ভবার্ণব হইতে মুক্ত হইলেন।" গোকুলজাত প্রাণিদের প্রাপঞ্চিক দেহাদি সম্ভবপর নহে—এ কথা বলা যায় না। যেহেতু অবতার-লীলারও প্রপঞ্চের সহিত সংমিশ্রণ হইয়াছে, এবং শ্রীদেবকীদেবীর গর্ভে ছয়জনের জন্ম হইয়াছিল—ইহাও ত শুনা যায়। **শ্রুতিচরী**:—ইঁহাদের ইতিবৃত্তাদি বৃহদ্বামন পুরাণাদিতে শুনা যায়। ইঁহারা নিত্যসিদ্ধগোপিকাদের ভাবলুব্ধ হইয়া গোপীরূপে নিত্যসিদ্ধাদিগের গণান্তর্ব্বর্ত্তী হইয়াছিলেন। শ্রীদশমে—"গোপসুন্দরীগণ তোমার শ্রীনন্দনন্দনরূপে ভুজগেন্দ্র-

* যত স্তত্র শ্রুতয়োঽপি নিত্যসিদ্ধ-গোপিকাভাবাভিলাষিণ্য স্তদ্রূপেণৈব তদ্গণান্তঃপাতিন্যো বভূবুরিতি ব্যাখ্যাতং।

নয়মপীতি” (১০।৮৭।২৩)। গায়ত্রী চ তাসু জাতেতি পাদ্মে সৃষ্টিখণ্ডে যথা ব্রহ্মণা গোপকন্যায়া গায়ত্র্যা উদ্বাহে গোপেষু শ্রীবিষ্ণুবাক্যং—

“ময়া জ্ঞাত্বা ততঃ কন্যা দত্তা চৈষা বিরিঞ্চয়ে।
যুষ্মাকঞ্চ কুলে চাহং দেব-কার্য্যার্থ-সিদ্ধয়ে।
অবতারং করিষ্যামি মৎকান্তা তু ভবিষ্যতীতি॥” ৮১॥

দেবকন্যাশ্চ যথা শ্রীদশমে—(১।২৩) ‘তৎ-প্রিয়ার্থং সম্ভবন্তু সুরস্ত্রিয়’ ইতি। অত্র সুরস্ত্রিয় স্তাসাং শ্রীকৃষ্ণ-প্রিয়াণামুপযোগায়েবেতি গম্যতে। অত স্তৎপ্রিয়ার্থমিত্যে-বোক্তং, ন তু তৎপ্রীত্যর্থ মিতি। অত স্তাসাং চতুর্ব্বিধত্বমুক্তং পাদ্মে—

“গোপ্যস্তু ঋষিজা গোপকন্যকা: শ্রুতিজাঃ পরাঃ।
দেবকন্যাশ্চ রাজেন্দ্র! ন মানুষ্যঃ কথঞ্চন॥ ইতি ৮২॥

গোপকন্যা এব নিত্যাঃ, ন মানুষ্য: কথঞ্চনেতি প্রাকৃতমানুষ্যনিষেধাৎ। অত স্তাসাং স্বরূপ-শক্তিত্বাদেব শ্রীভগ-বত স্তাভিঃ সহ রিরংসা জাতা; যথাহ শ্রীশুক:—

দেহতুল্য এই ভুজদণ্ডে সমাসক্তচিত্ত হইয়া তোমারই চরণকমলের সুধা অর্থাৎ তোমার স্পর্শবিশেষজাত প্রেমমাধুরী প্রাপ্ত হইয়াছিলেন। আর আমরা শ্রুতিগণও উহাঁদের তুল্যভাবা হইয়া ঐরূপ গোপীদেহ লাভ করতঃ তোমার চরণসান্নিধ্য লাভে কৃতার্থ হইয়াছি।” গায়ত্রীও তাঁহাদের মধ্যে জন্মগ্রহণ করিয়াছেন বলিয়া পাদ্মে সৃষ্টিখণ্ডে ব্রহ্মার সহিত গোপকন্যা গায়ত্রীর বিবাহকালে গোপগণকে শ্রীবিষ্ণু বলিয়াছেন—

(৮১) “আমি সর্ব্বতত্ত্ব জ্ঞাত আছি. তাহারই জন্য এই কন্যাকে ব্রহ্মার হস্তে সমর্পণ করিলাম। আমি দেবকার্য্য-সিদ্ধির জন্য তোমাদের গোপকুলে অবতার গ্রহণ করিব, তখন এই গায়ত্রী আমার কান্তা হইবে।”

(৮২) **দেবকন্যাঃ**—“তাঁহার প্রিয়ার্থে দেবস্ত্রীগণ পৃথিবীতে উৎপন্ন হউন।” শ্রীদশমের এই বচনে দেবকন্যাদেরও গোপ-

ভগবানপি তা রাত্রীঃ শারদোৎফুল্লমল্লিকাঃ।
বীক্ষ্য রন্তুং মনশ্চক্রে যোগমায়ামুপাশ্রিতঃ॥ ইতি ৮৩॥

তা রাত্রী বীক্ষ্য উদ্দীপনত্বেনানুভূয়েতি কৈমুত্যেনালম্বন-রূপাণাং তাসাং প্রেমমহিমা দর্শিতঃ। 'আত্মারামাশ্চ মুনয়'—ইত্যাদৌ ইত্থম্ভূতগুণো হরিরিতিবৎ ইত্থম্ভূতগুণা স্তাঃ যেন তাদৃশস্যাপি তস্য রমণেচ্ছা জায়তে ইতি। অতএব 'ব্যবায়ার্থং তস্য কৈশোরমপি মানিতং জাতমিতি' শ্রীবিষ্ণুপুরাণে দর্শিতং। "সোঽপি কৈশোরক-বয়ো মানয়ন্ মধুসূদনঃ। রেমে তাভি রমেয়াত্মা ক্ষপাসু ক্ষপিতাহিতঃ॥" ইতি। হরিবংশে চ—'যুবতী

কুলে জন্মধারণ বুঝাইতেছে। ঐ স্থলে সুরস্ত্রীগণের অবতার-প্রয়োজন যে ঐ শ্রীকৃষ্ণপ্রেয়াগণের সখী হওয়া, তাহাও বুঝা যায়। সুতরাং মূলে "তৎ-প্রীত্যর্থে" না বলিয়া 'তৎপ্রেয়ার্থে' বলা হইয়াছে।

এইজন্য পদ্মপুরাণে গোপীগণের চতুর্ব্বিধত্ব স্বীকার করিয়াছেন—"হে রাজেন্দ্র! গোপীগণ (১) ঋষিজা, (২) গোপকন্যা, (৩) শ্রুতিজা ও (৪) দেবকন্যা। কিন্তু মানুষী কখনও গোপী হইতে পারেনা।" গোপকন্যারাই নিত্যা, "মানুষী কখনই গোপী নহে" এই বাক্যে প্রাকৃত মানুষীরই নিষেধ করা হইয়াছে। অতএব ইঁহারা স্বরূপশক্তি বলিয়াই ইঁহাদের সহিত শ্রীভগবানের রিরংসা (বিহারেচ্ছা) হইয়াছে। শ্রীশুকদেব বলিয়াছেন—

(৮৩) "ভগবানও সেই রাত্রিসমূহ শরৎকালে প্রস্ফুটিত মল্লিকার সুশোভিত দেখিয়া যোগমায়ার সাহায্যে তাঁহাদের সহিত বিহার করিতে মনস্থ করিলেন" সেই রাত্রিসমূহকে উদ্দীপনরূপে অনুভব করিয়াছেন বলাতে আলম্বনরূপা সেই গোপীদেরই প্রেমমহিমা কৈমুত্যন্যায়ে দেখান হইল। 'আত্মারাম' শ্লোকের এতাদৃশ (স্থাবরজঙ্গম সকলেরই আকর্ষক) গুণবিশিষ্ট হরির ন্যায় সেই গোপীগণও এতাদৃশ গুণবিশিষ্টা যে আত্মা-রামেরও তাঁহাদিগকে সম্ভোগ করিবার ইচ্ছা জাগাইয়াছেন। অতএব শ্রীবিষ্ণুপুরাণে উক্ত হইয়াছে—সম্ভোগ করিয়া করিয়া তাঁহার কৈশোরও সফল হইয়াছে। যথা—কৈশোরবয়সকে কৃতার্থ করিবার জন্য জগতের

গোপকন্যাশ্চ রাত্রৌ সংকাল্য কালবিৎ। কৈশোরকং মানয়ানঃ সহ তাভি র্মুমোদ হ' ইতি। অত্র কালবিদিত্যস্য ব্যাখ্যানং তা রাত্রী বীক্ষ্যেতি। সহ তাভি র্মুমোদ হেত্যস্য সূচকং 'রন্তুং মনশ্চক্রে' ইতি। ইত্যালম্বনকালদেশানাং শ্রীকৃষ্ণায় পরম-সুখদত্বং দর্শিতং। তস্মাৎ হ্লাদিনীশক্তি-বিলাস লক্ষণ-তৎপ্রেম-ময্যেবৈষা রিরংসা, ন তু প্রাকৃতকামময়ীতি। শ্রীস্বামিভিরপি ব্যক্তমুক্তং—'দ্বাত্রিংশে বিরহালাপবিক্লিন্ন-হৃদয়ো হরিরিতি' স্ব-প্রেমামৃতকল্লোলবিহ্বলীকৃত-চেতস' ইতি। অতএব তচ্ছ্রবণফল দ্বারা তদর্চ্চনস্যাবশ্যকতাং দর্শয়তি শ্রীমন্মুনীন্দ্রঃ।

বিক্রীড়িতং ব্রজবধূভিরিদঞ্চ বিষ্ণোঃ
শ্রদ্ধান্বিতোঽনুশৃণুয়াদথ বর্ণয়েদ্ যঃ।
ভক্তিং পরাং ভগবতি প্রতিলভ্য কামং
হৃদ্‌রোগমাশ্বপহিনোত্যচিরেণ ধীরঃ॥ ৮৪ (১০।৩৩৩৯) ইতি

অমঙ্গলনাশী অব্যয়াত্মা সেই মধুসূদনও গোপীগণের সহিত নিশাযোগে বিহার করিতে লাগিলেন।" হরিবংশে—"সেই সময়জ্ঞ শ্রীকৃষ্ণ যুবতী গোপকন্যাগণকে রাত্রিকালে সন্দর্শন করিয়া কৈশোরের সম্মাননার্থ তাঁহাদের সহিত আনন্দ করিতে লাগিলেন।" তাহা হইলে শ্রীকৃষ্ণ সম্বন্ধে তত্রত্য আলম্বন, কাল ও দেশের প্রীতিপ্রদত্বই সূচিত হইল। কাজেই বলিতে হইবে যে এই রমণেচ্ছা স্বীয় হ্লাদিনীশক্তির সহিত বিলাস-লক্ষণ (অপ্রাকৃত) প্রেমময়ীই বটে, কদাচ প্রাকৃত কামময়ী নহে। শ্রীধর-স্বামিপাদও স্পষ্টতঃই বলিয়াছেন—"শ্রীদশমে ৩২শ অধ্যায়ের শ্রীহরি—গোপীদের বিরহবিলাপে ব্যথিত-হৃদয় এবং গোপীগণ—তাঁহার স্বীয় প্রেমামৃতসমুদ্রোত্থ তরঙ্গ মালায় বিক্ষুব্ধচিত্ত। অতএব শ্রীকৃষ্ণ এবং গোপীগণে প্রাকৃত কামের লবলেশও নাই বলিয়াই শ্রীমন্মুনীন্দ্র শুকদেবচরণ রাসক্রীড়া শ্রবণ-ফল দ্বারা গোপীজনবল্লভের অর্চ্চনার আবশ্যকতা দেখাইয়াছেন—

(৮৪) যিনি ব্রজবধূদের সহিত শ্রীকৃষ্ণের এই রাসক্রীড়া শ্রদ্ধা-

অত্র স্বপ্রিয়াভিঃ সম্বলিতস্য শ্রীকৃষ্ণস্য ক্রীড়ায়াঃ শ্রবণ-বর্ণনমাত্রেণ বহুসাধনদুঃসাধ্যাপি পরা ভক্তি রুদয়তে। উদয়-মাত্রেণ চ হৃদ্‌রোগঃ শীঘ্রমপক্রিয়তে ইতি হি স্পষ্টমেবেতি ফলাতি-শয়-কথনেন প্রবর্ত্তনাদ্‌ বিধিত্বমেব সিদ্ধ্যতি। 'যস্য পর্ণময়ী জুহূ র্ভবতি, ন স পাপং শ্লোকং শৃণোতীতিবৎ। ন চাধিকারী কনিষ্ঠ ইতি বাচ্যং ধীর ইত্যুক্তত্বাৎ।

অথ দশার্ণমন্ত্রে নামান্তরেণানির্দ্দিশ্য শ্রীবল্লবীনাং নাম-বিশেষমালম্ব্যৈব স্বয়ং ভগবতো নির্দ্দেশাৎ তাসাং তৎপরিচায়কাঙ্গ-রূপত্বমেব বোধিতং।, 'গোপীগোপপশূনাং বহিঃ স্মরেদস্য গীর্বাণ-ঘটামিত্যাদি' * ক্রমদীপিকায়াং (৩।৩২) গৌতমীয়তন্ত্রে—

নবীননীরদশ্যামং নীলেন্দীবরলোচনং।

বল্লবীনন্দনং ‡ বন্দে কৃষ্ণং গোপালরূপিণম্‌ ॥৮৫ ইত্যাদৌ—

সহকারে শ্রবণ বা কীর্ত্তন করিবেন, তিনি অচিরকালমধ্যে ভগবানে পরমাভক্তি লাভ করিয়া ধীর হইবেন এবং শীঘ্র হৃদ্‌রোগ কাম ত্যাগ করিতে পারিবেন। এস্থলে তাৎপর্য্য এই—নিজপ্রিয়াগণ-সম্বলিত শ্রীকৃষ্ণের ক্রীড়ার শ্রবণবর্ণনমাত্রেই বহু সাধনেও দুঃসাধ্য পরমা ভক্তির উদয় হয়। আর ঐ ভক্তি উদিত হইয়াই হৃদ্‌রোগ শীঘ্র বিনাশ করে। এই স্পষ্টোক্তি ফলাতিশয্য বর্ণন করিয়া প্রবর্ত্তন করায় উহার বিধিত্বই সিদ্ধ হইল। "যাহার পলাশ-নির্মিত জুহূ (যজ্ঞপাত্র) হয়, তাঁহার আর পাপচরিত্র শ্রবণ করিতে হয় না।"—এই মীমাংসা-বাক্যে যেরূপ পলাশকাষ্ঠ-দ্বারা জুহূ নির্ম্মাণের প্রতিই বিধিত্ব আরোপিত হইয়াছে, তদ্রূপ রাসক্রীড়া শ্রবণ বা বর্ণন-সম্পর্কেই তাঁহাদের পূজা-বিষয়ে বিধি নির্দ্দিষ্ট হইল। এতাদৃশ অধিকারী কনিষ্ঠ, এই কথা বলিতে পারা যায় না, যেহেতু তিনি ধীর অর্থাৎ অবিকৃত-চিত্ত।

---

* টীকা চ—অস্য পরমেশ্বরস্যাগ্রতো গোপীগোপপশূনাং বহিঃ গীর্বাণঘটাং দেবসমূহং স্মরেৎ।

‡ 'নন্দনো হর্ষকে সুতে' ইতি মেদিনী।

রুচিরোষ্ঠপুটন্যস্তবংশীমধুরনিস্বনৈঃ।
লসদ্‌গোপালিকা-চেতো মোহয়ন্তং মুহুর্মুহুঃ ॥ ৮৬ ॥
বল্লবীবদনাম্ভোজমধুপান-মধুব্রতম্।
ক্ষোভয়ন্তং মন স্তাসাং সুস্মেরাপাঙ্গবীক্ষণৈঃ ॥ ৮৭ ॥
যৌবনোদ্ভিন্নদেহাভিঃ সংসক্তাভিঃ পরস্পরং।
বিচিত্রাম্বরভূষাভি র্গোপনারীভি রাবৃতামতি ॥ ৮৮ ॥

অত্র 'সা ত্বাং ব্রহ্মর্ষ নৃপবধূঃ* কামমাশু ভজিষ্যতীতি' ৩।২১।২৮) কর্দ্দমং প্রতি শ্রীশুক্লবচনবচ্চ গোপজাতিভি র্নারীভি রিত্যর্থঃ। 'ক্ষোভয়ন্তং' 'মোহয়ন্তং মুহুর্মুহু' রিতি বর্ত্তমানদ্বয়-প্রয়োগেণ নিত্যমেব তদুপাসকৈঃ পঠ্যমানস্তবেন (গোপী-কৃষ্ণয়োঃ) নিত্যত্বমেব লক্ষ্যতে। সনৎকুমারকল্পে চ—'গোপাঙ্গনা পরিবৃতং মুলে কল্পতরো' স্থিত' মিত্যাদি। রুদ্র—

দশাক্ষরমন্ত্রে অন্য নামে নির্দ্দেশ না করিয়া বল্লবীগণের নাম বিশেষ (গোপীজন) অবলম্বন পূর্ব্বক স্বয়ং ভগবানের নিরূপণ করায় সেই গোপী-গণের তৎপরিচারক অঙ্গরূপত্বই বুঝা গেল। ক্রমদীপিকাতে আছে—"এই পরমেশ্বরের অগ্রভাগে গোপী, গোপও পশুগণকে এবং বহির্দ্দেশে দেবতাসমূহকে স্মরণ করিবে।" গৌতমীয়তন্ত্রে উক্ত হইয়াছে—

(৮৫-৮৮) নবমেঘ-শ্যামল, নীলপদ্মলোচন, 'বল্লবীনন্দন' গোপাল রূপী কৃষ্ণকে বন্দনা করি। বল্লবীনন্দন=গোপীগণের আনন্দদায়ক। তিনি মনোহর অধরে অর্পিত বেণুর মোহন তানে বিলাসিনী গোপীদের চিত্তকে মুহুর্মুহু মোহন করিতেছেন। তিনি গোপীদের বদন-পদ্মের মধুপানোন্মত্ত ভ্রমর, ঈষৎ মৃদুমধুর হাস্যযুক্ত কটাক্ষ-বিক্ষেপে তাঁহাদের মনঃক্ষোভ করিতেছেন ও প্রস্ফুরিত-যৌবনা, পরস্পর অব্যবহিতা এবং বিচিত্রভূষণবস্ত্রাদিধারিণী গোপনারীগণ কর্ত্তৃক পরিবেষ্টিত হইয়াছেন ইত্যাদি। শ্রীতৃতীয়ে দেবহূতি ও কর্দ্দমঋষির বিবাহ-প্রসঙ্গে শ্রীভগবান্ শুক্ল বলিতেছেন—"হে কর্দ্দমঋষি! সেই নৃপবধূ (রাজকন্যা) তোমাকেই

---

* নৃপবধূঃ রাজকন্যা (স্বামী)।

যামলস্থ শৌরিতন্ত্রে—"গোপীগোগোপবীতো রুরুনখবিলসৎ কণ্ঠভূষশ্চিরং ন" ইত্যাদি। মৃত্যুঞ্জয়তন্ত্রে—'স্মরেদ্ বৃন্দাবনে রম্যে মোহয়ন্তমনারতং। বল্লবী-বল্লভং কৃষ্ণং গোপকন্যা-সহস্রশঃ' ইত্যাদি। 'ফুল্লেন্দীবরকান্তিমি'ত্যাদি। এবং স্বায়ম্ভুবাগমাদাবপি ॥

পুনঃ প্রতিবাদী প্রাহ—ভবতু নাম তাঃ পূজ্যাঃ, কিন্তু তাসাং নাম কুত্রাপি ন শ্রুতং। তত্রাপি ভবিষ্যোত্তরে মল্লদ্বাদশী-প্রসঙ্গে শ্রীকৃষ্ণযুধিষ্ঠির-সংবাদে—

ইচ্ছানুসারে শীঘ্র পতিত্বে বরণ করিবে।" এই বাক্যে নৃপবধূ শব্দে যেরূপ নৃপজাতীয়া বধূ বুঝায়, নৃপ কর্ত্তৃক বিবাহিতা নহে, তদ্রূপ গৌতমীয় তন্ত্রের 'গোপনারী' শব্দে গোপজাতীয়া নারীই লক্ষ্য, গোপগণ কর্ত্তৃক ব্যূঢ়া নহে।

গৌতমীয়তন্ত্রের মূল শ্লোকে 'ক্ষোভয়ন্তং' ও 'মোহয়ন্তং' (ক্ষোভ করিতেছেন ও মোহ করিতেছেন) পদদ্বয়ের বর্ত্তমানকালে প্রয়োগ হওয়ায় নিত্যই তদুপাসকগণ কর্ত্তৃক পঠ্যমান স্তবকালে ঐ গোপীকৃষ্ণের নিত্যত্বই লক্ষিত হইতেছে। সনৎকুমারকল্পে—'তিনি গোপাঙ্গনা কর্ত্তৃক পরিবৃত হইয়া কল্পবৃক্ষের মূলে অবস্থিত' ইত্যাদি। রুদ্রযামলের শৌরী তন্ত্রে—"যিনি গোপী, গো ও গোপগণ কর্ত্তৃক বেষ্টিত, রুরু নামক মৃগের নখযুক্ত কণ্ঠভূষা পরিধান করিয়াছেন"—ইত্যাদি। মৃত্যুঞ্জয়তন্ত্রে—'রম্য বৃন্দাবনে সহস্র সহস্র গোপকন্যাগণকে যিনি নিত্য মোহিত করিতেছেন, সেই বল্লবী-বল্লভ কৃষ্ণকে স্মরণ করিবে' ইত্যাদি। 'প্রফুল্ল ইন্দীবরের তুল্য যাঁহার কান্তি' ইত্যাদি। এইরূপ স্বায়ম্ভুব আগমাদিতেও গোপীজন-বল্লভের ধ্যানাদি দেখা যায়।

---

(৮৯) পুনরায় প্রতিবাদী প্রশ্ন করিতেছেন—হাঁ, গোপীগণ না হয় পূজ্যই হইলেন, কিন্তু তাঁহাদের নাম ত কোথাও শুনা যায় না? তাহার উত্তর দিতেছি—

"গোপীনামানি রাজেন্দ্র! প্রাধান্যেন নিবোধ মে।
গোপালী পালিকা ধন্যা বিশাখা ধ্যাননিষ্ঠিকা।
রাধানুরাধা সোমাভা তারকা দশমী তথা॥" ৮৯॥

গোপালীয়ং নূনং পাদ্মোক্তগায়ত্রীচরীভবেৎ। পালিকেতি সংজ্ঞায়াং কণ্। দশমী তথেতি দশমীত্যপি নামৈকং, তচ্চান্বর্থমিতি সর্ব্বান্তে পঠিতং। যদ্বা তথেতি দশম্যপি তারকানাম্নীত্যর্থঃ। তথা স্কান্দে প্রহ্লাদসংহিতায়াং দ্বারকা-মাহাত্ম্যে মায়াবসরঃ প্রস্তাবে উদ্ধবগমনে (১২।২৫-৩৩) ললিতোবাচেত্যাদিনা 'ললিতা শ্যামলা ধন্যা বিশাখা রাধা শৈব্যা পদ্মা ভদ্রা' ইত্যেতানি অষ্টৌ গণিতানি। অথ 'বনিতাশতকোটিভিরাকুলিত'মিত্যাগম-প্রসিদ্ধেঃ; 'বনিতাশতযূথপ' ইতি শ্রীভাগবত-প্রসিদ্ধেঃ। অন্যান্যপি লোক-শাস্ত্রয়োরবগন্তব্যানি। অথ শতকোটিত্বান্যথানুপপত্ত্যা তাসাং তন্মহাশক্তিত্বমেব গম্যতে। তত্রাপি সর্ব্বথা শ্রেষ্ঠে রাধা-চন্দ্রা--

---

ভবিষ্যপুরাণ উত্তরখণ্ডে মল্লদ্বাদশী-প্রসঙ্গে শ্রীকৃষ্ণ-যুধিষ্ঠির-সংবাদে তাঁহাদের নাম শুনা যায়। "হে রাজেন্দ্র! প্রধান প্রধান গোপী-দিগের নাম শ্রবণ কর, (১) গোপালী, (২) পালিকা, (৩) ধন্যা, (৪) বিশাখা, (৫) ধ্যাননিষ্ঠিকা, (৬) রাধা, (৭) অনুরাধা, (৮) সোমাভা, (৯) তারকা, (১০) দশমী (অথবা তারকা)। গোপালী সম্ভবতঃ পাদ্মে উক্ত গায়ত্রীচরী হইবেন। দশমী নাম-বাচক অথবা তারকাই নাম। স্কন্দপুরাণে প্রহ্লাদসংহিতায় মায়াবসর-প্রস্তাবে উদ্ধবের আগমনে 'শ্রীললিতা বলিলেন' ইত্যাদি বাক্যানন্তর—'ললিতা, শ্যামলা, ধন্যা, বিশাখা রাধা, শৈব্যা, পদ্মা ও ভদ্রা--এই আটজনের গণনা হইয়াছে। 'শতকোটি বনিতা সঙ্গে রাস-বিলাস' ইত্যাদি আগমবাক্যে 'বনিতা-শতের যূথপতি কৃষ্ণ' এই ভাগবত-বাক্যেও প্রসিদ্ধ থাকায় বহুসংখ্যক গোপিকাই আছেন। অন্যান্য গোপিকার নামাদি লোকও শাস্ত্রমুখে শুনিবে। গোপীদের সংখ্যা শতকোটি বলিয়া বিনিশ্চিত হইলে তাঁহাদিগকে শ্রীকৃষ্ণের মহাশক্তিরূপাই বুঝিতে হইবে। তাঁহাদের মধ্যেও আবার সর্ব্বপ্রকারে শ্রেষ্ঠা রাধা

বলীত্যাভে। ভবিষ্যোত্তরে সোমাভাশব্দেন চন্দ্রাবল্যেব সূচিতা, অর্থসাম্যপ্রায়াৎ। যতঃ শ্রীরাধয়া সহ প্রতিযোগিত্বমৈতিহ্যমস্যাত্র বিরাজতে। তথাচ শ্রীবিল্বমঙ্গলচরণাঃ—

রাধামোহনমন্দিরাদুপগত শ্চন্দ্রাবলীমূচিবান্
রাধে! ক্ষেমময়েঽস্তি তস্য বচনং শ্রুত্বাহ চন্দ্রাবলী।
কংস ক্ষেমময়ে বিমুগ্ধহৃদয়ে কংসঃ ক্ব দৃষ্ট স্ত্বয়া
রাধা ক্বেতি বিলজ্জিতো নতমুখঃ স্মেরো হরিঃ পাতু বঃ ॥৯০
তয়োরপ্যুভয়োর্ম্মধ্যে রাধিকা সর্ব্বথাধিকা।
মহাভাব-স্বরূপেয়ং গুণৈরতিবরীয়সী ॥ ৯১ ॥

যথোক্তং মৎস্যপুরাণে দক্ষং প্রতি দেবী-বচনং—
'রুক্মিণী দ্বারবত্যাং তু রাধা বৃন্দাবনে বনে।'
চিত্রকূটে তথা সীতা বিন্ধ্যে বিন্ধ্যনিবাসিনী।
দেবকী মথুরায়াস্তু পাতালে পরমেশ্বরীত্যাদি ॥ ৯২ ॥

ও **চন্দ্রাবলী**। পূর্ব্বোক্ত ভবিষ্য-বচনে 'সোমাভা' শব্দে চন্দ্রাবলীই সূচিত হইয়াছেন, কারণ উভয় নামে প্রায়শঃ অর্থসাম্য রহিয়াছে। শ্রীরাধার সহিত ইহারই প্রতিযোগিত্ব ইতিহাসে বর্ণিত আছে বলিয়া উভয়েই সর্ব্বগোপীমধ্যে শ্রেষ্ঠা। এ বিষয়ে শ্রীবিল্বমঙ্গলের উক্তি এই—

(৯০) "একদা শ্রীকৃষ্ণ শ্রীরাধার মোহন মন্দির হইতে প্রত্যাবর্ত্তন পূর্ব্বক চন্দ্রাবলীকে (রাধাভ্রমে) জিজ্ঞাসা করিলেন—"রাধে! তোমার কুশল ত?" তাঁহার বাক্য শুনিয়া চন্দ্রাবলী বলিলেন—"হে কংস! কুশল ত?" তখন তিনি বলিলেন—"ওহে বিমুগ্ধহৃদয়ে! এ স্থানে কংসকে তুমি কোথায় দেখিলে?" চন্দ্রাবলী বলিলেন—"তুমিই বা রাধাকে কোথায় দেখিলে হে?" এই কথায় সুলজ্জিত নতমুখ ও হাস্যপরায়ণ হরি তোমাদিগকে পালন করুন।" এই উক্তিতে চন্দ্রাবলী যে শ্রীরাধার বিরুদ্ধপক্ষীয়া, তাহাই সপ্রমাণ হইল।

(৯১) এই দুইজনের মধ্যেও আবার **শ্রীরাধাই সর্ব্বপ্রকারে অধিকা** (উৎকৃষ্টা); যেহেতু ইনি

অত্র রুক্মিণী-সহপাঠাদিত্থং বোধয়তি—যথা দ্বারকায়াং তস্যা এব সর্ব্বথাধিক্যং তথা শ্রীবৃন্দাবনে তস্যা ইতি। স্বরূপ--শক্তিব্যূহ-রুক্মিণী--রাধা--দেবকীনাং মায়াংশরূপেণাভেদকথনন্তু শক্তিত্ব-সাধারণ্যেনৈব। যথা জীবাত্ম-পরমাত্মনো শ্চিৎসাম্যেনৈক্যং তদ্বদিতি। অথ যথা রুক্মিণী-কৃষ্ণয়োঃ পরস্পরশোভিত্বং শ্রীশুকেন বর্ণিতং—'অস্যৈব ভার্য্যা ভবিতুমিত্যাদিনা' (১০।৫৩।৩৭) তথৈব রাধাকৃষ্ণয়োরপি ঋক্‌পরিশিষ্টে শ্রুত্যা বর্ণিতং—'রাধয়া মাধবো দেবো মাধবেনৈব রাধিকা বিভ্রাজন্তে জনেষ্বা' ইতি। বিভ্রাজন্তে বিভ্রাজতে আ সম্যক্ ইতি শ্রুতিপদার্থঃ। দর্শিতঞ্চ তস্যাঃ স্বরূপং বৃহদ্‌গৌতমীয়ে বলদেবং প্রতি শ্রীকৃষ্ণেন—

মহাভাব-স্বরূপা এবং নিখিল গুণে বরীয়সী।

(৯২) মৎস্যপুরাণে দেবী দক্ষকে বলিয়াছেন—"রুক্মিণী দ্বারকায় এবং রাধা বৃন্দাবনবনে অধীশ্বরী। চিত্রকূটে সীতা, বিন্ধ্যাচলে বিন্ধ্য-বাসিনী, মথুরায় দেবকী (মহিষী) এবং পাতালে পরমেশ্বরী ইত্যাদি।

এই স্থলে রুক্মিণীর সহিত শ্রীরাধার সহপাঠ হওয়ার এই তাৎপর্য্য—যেমন দ্বারকাতে রুক্মিণীরই সর্ব্বথা আধিক্য, ঠিক তেমনই বৃন্দাবনে শ্রীরাধারই সর্ব্বথা প্রাধান্য। স্বরূপশক্তিব্যূহরূপা রুক্মিণী, রাধা ও দেবকী প্রভৃতির মায়াংশরূপার (পরমেশ্বরীর) সহিত অভেদ কেবল তাঁহাদের শক্তিত্ব-সাধারণ্যের প্রতি দৃষ্টি করিয়াই বলা হইয়াছে। যেমন জীবাত্মা ও পরমাত্মার বাস্তব ভেদ-সত্ত্বেও চিদংশের সাম্য ধরিয়া উভয়ের অভেদ বলা হয়, তদ্রূপ এইস্থলেও বুঝিতে হইবে। অপরন্তু শ্রীশুকদেব যেমন রুক্মিণী--কৃষ্ণের পরস্পর-শোভিতা বর্ণনা করিয়াছেন, (রুক্মিণীই ইঁহার ভার্য্যা হইবার যোগ্য, অন্য নারী নহে; আর এই অনবদ্য কৃষ্ণই ভীষ্মক-নন্দিনীর যোগ্যপতি) তদ্রূপ ঋক্‌পরিশিষ্ট শ্রুতিতে শ্রীরাধাকৃষ্ণেরও পরস্পর-শোভাতিশয্যের বর্ণনা আছে; যথা—"রাধার সহিত মাধব এবং মাধবের সহিত রাধা ব্রজবাসিগণমধ্যে সম্যক্ শোভা পাইয়া থাকেন।" শ্রীকৃষ্ণ স্বয়ং বলদেবকে শ্রীরাধা-স্বরূপ বলিয়াছেন—(বৃহদ্‌গৌতমীয়তন্ত্র)

সত্ত্বং তত্ত্বং পরত্বঞ্চ তত্ত্বত্রয়মহং কিল।
ত্রিতত্ত্বরূপিণী সাপি রাধিকা মম বল্লভা ॥ ৯৩ ॥
প্রকৃতেঃ পর এবাহং সাপি মচ্ছক্তিরূপিণী।
সাত্ত্বিকং রূপমাস্থায় পূর্ণোঽহং ব্রহ্ম চিৎপরঃ ॥ ৯৪ ॥
ব্রহ্মণা প্রার্থিতঃ সম্যক্ সম্ভবামি যুগে যুগে।
ত্বয়া সার্দ্ধং তয়া সার্দ্ধং নাশায় দেবতাদ্রুহামিতি ॥ ৯৫ ॥

অত্র সত্ত্বং কার্য্যত্বং, তত্ত্বং কারণত্বং, পরত্বং ততোঽপি শ্রৈষ্ঠ্যং যত্তত্ত্বত্রয়ং তদহমিত্যর্থঃ। তথৈব বোধয়তি তথৈবাগ্রে ধ্যানপ্রসঙ্গে—

দেবস্যাভেদরূপেণ তপ্তহেমসমপ্রভাং।
রক্তবস্ত্রপরীধানাং রক্তালঙ্কার-ভূষিতাং ॥ ৯৬ ॥
শ্রীরাধাং বামভাগে তু পূজয়েদ্ ভক্তিতৎপরৈঃ।
দেবী কৃষ্ণময়ী প্রোক্তা রাধিকা পরদেবতা ॥ ৯৭ ॥
বরাভয়করা ধ্যেয়া সেবিতা সর্ব্বদৈবতৈঃ।
সর্ব্বলক্ষ্মীময়ী সর্ব্বকান্তিঃ সম্মোহিনী পরা ॥ ইতি ৯৮ ॥

অত্র পূজয়েদিতি কণ্ঠোক্তিরেব, এবমগ্রেঽপি। মৃত্যুঞ্জয়তন্ত্রে—

(৯৩-৯৫) "আমি সত্ত্ব, তত্ত্ব ও পরত্ব এই ত্রিতত্ত্ব-স্বরূপই, আর আমার বল্লভা রাধিকাও ত্রিতত্ত্ব-রূপিণী। আমি যেমন প্রকৃতির অতীত অর্থাৎ ত্রিগুণাতীত, আমার শক্তিরূপা রাধাও তদ্রূপ ত্রিগুণাতীতাই। আমি চিদ্ঘন পূর্ণব্রহ্ম হইয়াও ব্রহ্মা-কর্ত্তৃক প্রার্থিত হইলে সাত্ত্বিকরূপ ধারণ পূর্ব্বক যুগে যুগে আবির্ভূত হই। তোমার সহিত ও সেই রাধার সহিত প্রকট হইয়া আমি দেবশত্রুগণকে বিনাশ করি।" এস্থানে সত্ত্ব শব্দে কার্য্যত্ব, তত্ত্ব শব্দে কারণত্ব ও পরত্ব শব্দে এতদতিরিক্ত শ্রেষ্ঠত্ব— এই তত্ত্বত্রয়স্বরূপ আমিই।

(৯৬-৯৮) পুরাণ আগমাদিতে শ্রীরাধাকে সর্ব্বশ্রেষ্ঠা বলিয়া নির্দ্দেশ থাকায় শ্রীকৃষ্ণের সহিত অভেদে তাঁহার পূজাব্যবস্থাও (ঐ বৃহদ্ গৌতমীয়ে) ধ্যানপ্রসঙ্গে দেখা যায়—"শ্রীকৃষ্ণের সহিত অভিন্নবুদ্ধিতে তপ্তকাঞ্চনবর্ণা, রক্তবস্ত্রপরিধানা রক্তালঙ্কার-ভূষিতা শ্রীরাধাকে বামভাগে

পীতবস্ত্রপরীধানাং বংশযুক্তকরাম্বুজাং।
কৌস্তুভোদ্দীপ্তহৃদয়াং বনমালা-বিভূষিতাং।
শ্রীমৎকৃষ্ণাঙ্ঘ্রি-পল্যঙ্কনিলয়াং পরমেশ্বরীমিত্যাদি ॥ ৯৯ ॥
তথা--সর্ব্বলক্ষ্মীময়ীং দেবীং পরমানন্দ-নন্দিতাং।
রাসোৎসবপ্রিয়াং রাধাং কৃষ্ণানন্দ-স্বরূপিণীং ॥
ভজে চিদমৃতাকার-পূর্ণানন্দমহোদধিং ॥ ১০০ ইতি ধ্যায়েত্যাদি
সম্মোহনতন্ত্রে—চিন্তয়েদ্ রাধিকাং দেবীং গোপগোকুলসঙ্কুলা-মিত্যাদি চ।

অস্যাঃ শ্রেষ্ঠত্বমাদিবারাহে—(কটির-পরিবর্ত্তন্যাং গোবর্দ্ধন-পরিক্রমে তৎকুণ্ডপ্রসঙ্গে) যথা—

গঙ্গায়া শ্চোত্তরং গত্বা দেবদেবস্য চক্রিণঃ।
অরিষ্টেন সমং তত্র মহদ্ যুদ্ধং প্রবর্ত্তিতম্ ॥ ১০১ ॥

পূজা করিবে। তিনি দেবী (দ্যোতমানা বা কৃষ্ণ-ক্রীড়ানিকেতন), কৃষ্ণময়ী (সর্ব্বত্র কৃষ্ণস্ফূর্ত্তিশীলা বা কৃষ্ণস্বরূপা) রাধিকা (কৃষ্ণবাঞ্ছাপূর্ত্তিকারিণী), বরাভয়করা, সর্ব্বদেবগণ কর্ত্তৃক পূজিতা (পঞ্চদেবতা বা নবগ্রহের অধিষ্ঠান) সর্ব্বলক্ষ্মীময়ী (সর্ব্বলক্ষ্মীগণের আকর, কৃষ্ণের ষড়্বিধ ঐশ্বর্য্যের অধিষ্ঠাত্রী, সর্ব্বসৌন্দর্য্যশালিনী ইত্যাদি), সর্ব্বকান্তি (কৃষ্ণবাঞ্ছাময়ী), সর্ব্বমোহিনী (কৃষ্ণমনোমোহিনী) এবং পরা (সর্ব্বশ্রেষ্ঠা)।" এই স্থলে মূলে 'পূজয়েৎ' পূজা করা উচিত—এই বাক্যটি শ্রীকৃষ্ণের কণ্ঠোক্তি।

(৯৯) মৃত্যুঞ্জয়তন্ত্রে (সময়ভেদে ধ্যানভেদও) দৃষ্ট হইতেছে— "পীতবসনা, বেণুযুক্তহস্তা, কৌস্তুভোদ্ভাসিতবক্ষঃস্থলা, বনমালা-বিভূষিতা, শ্রীমান্ কৃষ্ণচন্দ্রের চরণ-পালঙ্কে উপবিষ্টা পরমেশ্বরী……

(১০০) সর্ব্বলক্ষ্মীময়ী, দেবী, পরমানন্দমোদিনী, রাসোৎসব-প্রিয়া, কৃষ্ণানন্দ-স্বরূপিণী, চিন্ময়সুধা-পূরিত আনন্দসাগর রাধাকে ভজন করি।"

সম্মোহনতন্ত্রে—গোপ এবং গোগণে বেষ্টিত দেবী রাধাকে সম্যক্ চিন্তা করিবে।

ঘাতয়িত্বা তত্র তস্মিন্নরিষ্টং বৃষরূপিণং।
কোপেন পার্ষ্ণিঘাতেন মহাতীর্থং প্রকল্পিতং॥ ১০২॥
স্নাত স্তত্র তদা হৃষ্টো বৃষং হত্বা সগোপকঃ।
বিপাপ্মা রাধিকাং প্রাহ কথং ভদ্রে ভবিষ্যতি॥ ১০৩॥
তত্র রাধা সমাশ্লিষ্য কৃষ্ণমক্লিষ্টকারিণং।
স্বনাম্না বিদিতং কুণ্ডং কৃতং তীর্থমদূরতঃ॥ ১০৪॥
রাধাকুণ্ডমিতি খ্যাতং সর্ব্বপাপহরং শুভং।
অরিষ্টহন্ রাধাকুণ্ডস্নানাৎ ফলমবাপ্যতে॥ ১০৫॥
রাজসূয়াশ্বমেধাভ্যাং নাত্র কার্য্যা বিচারণা।
গোহত্যা-ব্রহ্মহত্যাদি পাপং ক্ষিপ্রং প্রণশ্যতি॥ ইতি ১০৬॥

অত্র সতীষ্বপি সর্ব্বাসু তাসু অস্যা এব তেন সহ তাদৃশপ্রেমব্যবহারেণোৎকর্ষাবগমাৎ শ্রেষ্ঠত্বমায়াতং। তথা ব্রতরত্নাকরধৃত ভবিষ্যপুরাণে চ—

(১০১-১০৬) ইহার শ্রেষ্ঠত্ব সম্বন্ধে আদিবারাহে পার্শ্ব পরিবর্ত্তন একাদশীতে গোবর্দ্ধন-পরিক্রমায় রাধাকুণ্ড-প্রসঙ্গে উক্ত হইয়াছে—"চক্রধারী দেবদেব কৃষ্ণ মানসগঙ্গা হইতে উত্তরদিকে গমন করিলে, অরিষ্টের সহিত তাঁহার ঘোরতর যুদ্ধ আরম্ভ হইল। তদনন্তর বৃষরূপী অরিষ্টাসুরকে ক্রোধে বধ করিয়া তিনি পার্ষ্ণির (গোড়ালির) আঘাতে এক মহাতীর্থের সৃষ্টি করিলেন। ঐ বৃষকে হত্যা করিয়া গোপগণের সহিত আনন্দিত মনে এখন তথায় স্নান করিলেন এবং বৃষ-হত্যাজনিত পাপ হইতে মুক্ত হইয়া রাধিকাকে বলিলেন—'হে ভদ্রে! এখন কি করিতে হইবে?' তখন রাধা অক্লিষ্টকর্ম্মা কৃষ্ণকে আলিঙ্গন করিলেন এবং অদূরে নিজের নামে একটি কুণ্ড রচনা করিলেন—তাহার নাম রাধাকুণ্ড, ইনি সর্ব্বপাপনাশন ও সর্ব্বশুভদায়ক। অরিষ্টকুণ্ড ও রাধাকুণ্ডে স্নান করিলে রাজসূয় অশ্বমেধ প্রভৃতি যজ্ঞের ফল প্রাপ্তি হয়। ইহাতে আর সংশয় নাই। গোহত্যা, ব্রাহ্মণহত্যাদি সর্ব্বপাতক শীঘ্রই বিনষ্ট হয়।" এই স্থলে অন্যান্য গোপীগণের সাক্ষাতে তাঁহার সহিত ঐরূপ প্রেমব্যব-

বাল্যেঽপি ভগবান্ কৃষ্ণ স্তরুণং রূপমাশ্রিতঃ।
রেমে বিহারৈ র্বিবিধৈঃ প্রিয়য়া সহ রাধয়া ॥ ১০৭ ॥
একদা কার্ত্তিকে মাসি পৌর্ণমাস্যাং মহোৎসবঃ।
আসীন্নন্দগৃহে ইত্যাদৌ·········
তস্মিন্ দিনে চ ভগবান্ রাত্রৌ রাধা-গৃহং যযৌ।
সা চ ক্রুদ্ধা তমুদরে কাঞ্চীদাম্না ববন্ধ হ ॥ ১০৮ ॥
কৃষ্ণস্তু সর্ব্বমাবেদ্য নিজগেহ-মহোৎসবং।
প্রিয়াং প্রসাদয়ামাস ততঃ সা তমবোচয়ৎ ॥ ১০৯ ॥
ইদঞ্চোবাচ তাং কৃষ্ণঃ প্রেয়সীং প্রীতমানসঃ।
কাঞ্চীদাম ত্বয়া তন্বি! উদরে যন্মমার্পিতং ॥ ১১০ ॥
দামোদরেতি মে নাম প্রিয়ং তেন শুভাননে।
নাতঃ প্রীতিকরং নাম মম লোকেষু বিদ্যতে ॥ ১১১ ॥
নিত্যমেতৎ প্রজপতাং সর্ব্বসিদ্ধি র্ভবিষ্যতি।
ভক্তিঞ্চ দুর্লভাং প্রাপ্য মম লোকে মহীয়তে ॥ ১১২ ॥

হারের বর্ণনা থাকায় তাঁহার উৎকর্ষ অর্থাৎ শ্রেষ্ঠত্ব বুঝাইতেছে। ব্রজ-রত্নাকরধৃত ভবিষ্যপুরাণে—

(১০৭-১০৪) "বাল্যকালেও ভগবান্ শ্রীকৃষ্ণ তরুণ রূপ আশ্রয় করিয়া প্রিয়া রাধার সহিত বিবিধ বিহার সম্পাদনে রমণ করিতে লাগিলেন। একদা কার্ত্তিকমাসে পূর্ণিমা তিথিতে নন্দালয়ে মহোৎসব হইতেছিল। সেই দিন রাত্রিযোগে ভগবান্ রাধার গৃহে উপনীত হইলেন। রাধা কোপিতা হইয়া তাঁহাকে নীবী দ্বারা উদরদেশে বন্ধন করিলেন। কৃষ্ণ নিজগৃহের মহোৎসব-প্রসঙ্গ আদ্যোপান্ত নিবেদন করিয়া প্রেয়সীকে প্রসন্ন করিলেন। তৎপর তিনি কৃষ্ণের সহিত কথোপকথন করিতে লাগিলেন। তখন কৃষ্ণ সেই প্রেয়সীকে সন্তুষ্টচিত্তে এই কথা বলিলেন—হে কৃশাঙ্গি! তুমি আমার উদরে কাঞ্চীদাম অর্পণ করায় আমার প্রিয় নাম **দামোদর** হইবে। হে শুভাননে! ইহা হইতে অধিক প্রীতিকর আমার নাম চতুর্দ্দশ ভুবনে নাই। যাহারা নিত্য

উলূখলে যদা মাত্রা বদ্ধোঽহং ভবিতা প্রিয়ে !
উদরে দামভি র্লোকে তদা ব্যক্তং ভবিষ্যতি ॥ ১১৩ ॥
অনেন নামমন্ত্রেণ যোঽস্মিন্ মাসি ত্বয়া সহ।
মামর্চয়েদ্ বিধানেন স লভেৎ সর্ব্ববাঞ্ছিতমিতি ॥ ১১৪ ॥

অত্রাপি প্রিয়য়া সহ রাধয়া ইতি শ্রীকৃষ্ণেচ্ছয়া শ্রীকৃষ্ণবদ্ বাল্যেপি আবিষ্কৃতনবযৌবনমেব—ইতি জ্ঞেয়ং।

'তত আরভ্য নন্দস্য ব্রজঃ সর্ব্বসমৃদ্ধিমান্।
হরে নিবাসাত্মগুণৈ রমাক্রীড়মভূন্নৃপ ॥ ১১৫ (১০।৫।১৮)

ইত্যনেন শ্রীকৃষ্ণপ্রাদুর্ভাবানন্তরং তাসামাবির্ভাব-কথনাৎ, তত্রাপি শ্রেষ্ঠত্বং পূর্ব্ববজ্ জ্ঞেয়ং। তত্র তাদৃশভাবৈ র্বর্ণনং তস্যাঃ শ্রীশুক-দেবেনাপি কৃতং।

একা ভ্রুকুটীমাবধ্য প্রেমসংরম্ভ-বিহ্বলা।
ঘ্নন্তীবৈক্ষৎ কটাক্ষেপৈঃ সন্দষ্টদশনচ্ছদা ॥ ১১৬ (১০।৩২।৬)

এই নাম জপ করে, তাহাদের সর্ব্বসিদ্ধি হইবে এবং দুর্লভ ভক্তি লাভ করতঃ আমার ধামে পূজিত হইবে। হে প্রিয়ে! যখন মাতা আমাকে উদূখলে দাম দ্বারা উদরে বন্ধন করিবেন, তখনই এই নাম প্রচার হইবে। যে এই নামাত্মক মন্ত্র দ্বারা এই কার্ত্তিকমাসে আমাকে তোমার সহিত বিধিমত অর্চ্চনা করে, সে সর্ব্বাভীষ্ট লাভ করে। এই প্রসঙ্গে 'প্রিয়া রাধার সহিত' এই উক্তিতে বুঝিতে হইবে যে শ্রীকৃষ্ণেচ্ছায় বাল্যকালেও তাঁহার নবযৌবন প্রকট হইয়াছিল।

(১১৫) "শ্রীকৃষ্ণাবির্ভাবের পর হইতেই নন্দব্রজ সর্ব্বসমৃদ্ধিতে পরিপূর্ণ হইয়াছিল এবং শ্রীহরির নিবাস হওয়ায় তাহাতে সর্ব্বপ্রিয়ত্বাদি গুণাবলী দ্বারা লক্ষ্মীর বিহারস্থান হইল।" এই শ্লোকের অভিপ্রায়ে বুঝা যায় যে শ্রীকৃষ্ণপ্রাদুর্ভাবের পরেই সেই নিত্যপ্রেয়সীগণেরও আবির্ভাব হইয়াছিল এবং ইহাদের মধ্যেও সর্ব্বশ্রেষ্ঠা যে শ্রীরাধা তাহাও পূর্ব্ব বিবৃত যুক্তিসমূহ হইতেই জানা যায়। শ্রীদশমে এইভাবের বর্ণনা শ্রীশুক-দেবও করিয়াছেন—(১১৬) কোনও মুখ্যা গোপী ভ্রুকুটি রচনা করতঃ

ইত্যনেন—একা মুখ্যা 'একে মুখ্যান্যকেবলা ইত্যমরঃ'। এবং শ্রীমদ্‌গোপালতাপন্যাং যদ্‌গান্ধর্বীতি বিশ্রুতা সা তু সৈব জ্ঞেয়া। তস্যা এব মুখ্যত্বাদি-লিঙ্গেন সর্বত্র চাবগমাৎ। অতএব শ্রীরাধা সম্বলিত-দামোদর-পূজা কার্ত্তিকে বিহিতা। শ্রীকৃষ্ণসত্যভামা সম্বাদীয়ে কার্ত্তিকমাহাত্ম্যে চ প্রাতঃস্নান-সঙ্কল্পমন্ত্রং—(হরিভক্তি-বিলাস ১৬।৮৪)

কার্ত্তিকেঽহং করিষ্যামি প্রাতঃস্নানং জনার্দ্দন !

প্রীত্যর্থং তব দেবেশ দামোদর ময়া সহ ॥ ১১৭ ॥ অত্র 'মা' শব্দ-প্রয়োগঃ। তস্যাঃ পরমলক্ষ্মীরূপত্বাৎ। অর্ঘ্যদানমন্ত্রে চ—সাক্ষাত্তন্নামোক্তেঃ। যথা—

'ব্রতিনঃ কার্ত্তিকে মাসি স্নাতস্য বিধিবন্মম।
দামোদর গৃহাণার্ঘ্যং দনুজেন্দ্র-নিসূদন !! ১১৮
নিত্যে নৈমিত্তিকে কৃৎস্নে কার্ত্তিকে পাপশোষণে।
গৃহাণার্ঘ্যং ময়া দত্তং রাধয়া সহিতো হরে ॥' ১১৯ ॥

প্রণয়কোপাবেশে বিবশা হইয়া অধর দংশন পূর্ব্বক এতাদৃশ কটাক্ষশর নিঃক্ষেপ করিলেন, মনে হয় যেন শ্রীকৃষ্ণকে বিদ্ধই করিতেছেন। শ্রীগোপালতাপনীতে যিনি গান্ধর্বী বলিয়া প্রসিদ্ধা, তিনিই এই স্থলে উদ্দিষ্টা হইয়াছেন। যেহেতু তিনিই সর্ব্বত্র মুখ্যত্বাদি চিহ্নে চিহ্নিতা হইয়াছেন।

অতএব শ্রীরাধাসম্বলিত দামোদর-পূজা কার্ত্তিকমাসে বিহিত। শ্রীকৃষ্ণসত্যভামা-সম্বাদে কার্ত্তিকমাহাত্ম্যে—

(১১৭) প্রাতঃস্নানের সংকল্পমন্ত্রে আছে—"হে জনার্দ্দন! হে দামোদর! আমি মা অর্থাৎ রাধার সহিত তোমার প্রীতির জন্য কার্ত্তিক-মাসে প্রাতঃস্নান করিব। এস্থলে 'মা' শব্দের প্রয়োগের তাৎপর্য্য এই যে তিনি পরমলক্ষ্মীরূপা।

(১১৮-১১৯) অর্ঘ্যদানমন্ত্রে সাক্ষাৎ শ্রীরাধার নামই উক্ত হইয়াছে—হে দৈত্যনাশক দামোদর! আমি কার্ত্তিকে বিধিবৎ স্নান

ইতি যুগ্মত্বেন উপাদানাৎ তস্যা এব শ্রেষ্ঠত্বং। তদ্-যুগলোপাসনায়াং ভবিষ্যপুরাণবচনং দর্শিতমেব। তথা দশাধ্যায়ি-কার্ত্তিকমাহাত্ম্যং চেম্মূনং পাদ্মানুগতং * স্যাত্তর্হি তত্র তদ্যুগলোপাসনং প্রকটতরমেবেতি। তথা বাসনাভাষ্যোত্থাপিত আগ্নেয়-বচনেঽপি তস্যাঃ শ্রেষ্ঠত্বং। যথা—

গোপ্যঃ পপচ্ছু রুষসি কৃষ্ণানুচরমুদ্ধবং।
হরিলীলাবিহারাংশ্চ তত্রৈকাং রাধিকাং বিনা।
রাধা তদ্ভাব-সংলীনা বাসনায়া বিরামিতা ইত্যাদি ॥ ১২০ ॥

অত্র তদ্ভাবসংলীনা ইত্যনেন দিব্যোন্মাদময়বচনং 'মধুপ কিতববন্ধো' ইত্যাদিকং তস্যা এবেতি বিজ্ঞাপ্য সর্ব্বাসু গোপীষু তস্যাঃ শ্রৈষ্ঠ্যং দর্শিতং। যুক্তঞ্চ তত্র যতঃ—শ্রীকৃষ্ণান্বেষকর্ত্রীণাং তাসাং তামেবোদ্দিশ্য তদিদং বচনং শ্রূয়তে যথা—

করিয়া ব্রতাচরণ করিতেছি। হে হরি! তুমি আমার অর্ঘ্য গ্রহণ কর। কার্ত্তিকে নিত্যনৈমিত্তিকাদি সকল কৃত্যই পাপনাশক। এই মৎপ্রদত্ত অর্ঘ্যটি রাধার সহিত তুমি গ্রহণ কর। এই স্থলে শ্রীরাধাকৃষ্ণ দুইয়েরই গ্রহণ (উক্তি) থাকায় শ্রীরাধারই শ্রেষ্ঠত্ব হইল। এই যুগলোপাসনা সম্বন্ধে ভবিষ্যপুরাণ পূর্ব্বেই (১০৭-১১৪) প্রমাণিত হইয়াছে। আবার দশাধ্যায়ি-কার্ত্তিক মাহাত্ম্যের সহিত যদি পদ্মপুরাণের (সর্ব্ব গোপীমধ্যে রাধিকাই কৃষ্ণের অতিশয় বল্লভা ইত্যাদি) মিলন করিয়া পঠিত হয়, তবেও তাহাতে যুগলোপাসনাই প্রকটতর হইবে। আবার বাসনাভাষ্যে উদ্ধৃত অগ্নিপুরাণের বচনেও তাঁহারই শ্রেষ্ঠত্ব সূচিত হইয়াছে—

(১২০) কৃষ্ণের দূত উদ্ধবকে একমাত্র রাধা ব্যতীত অন্যান্য গোপীগণ উষাকালে হরিলীলাবিহারাদির প্রসঙ্গ জিজ্ঞাসা করিয়াছেন।

---

* যথা রাধা প্রিয়া বিষ্ণো স্তস্যাঃ কুণ্ডং প্রিয়ং তথা।
সর্ব্বগোপীষু সৈবৈকা বিষ্ণোরত্যন্তবল্লভা।
বৃন্দাবনাধিপত্যঞ্চ দত্তং তস্যৈ প্রসীদতা।
কৃষ্ণেনান্যত্র দেবী তু রাধা বৃন্দাবনেবনে ॥ইতি পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে

অনয়া রাধিতো নূনং ভগবান্ হরিরীশ্বরঃ।
যন্নো বিহায় গোবিন্দঃ প্রীতো যামনয়দ্রহঃ॥ ১২১॥

অপ্যেণপত্ন্যুপগতঃ প্রিয়য়েহ গাত্রৈ স্তন্বন্ দৃশাং সখি! সুনির্বৃতিমচ্যুতো বঃ। কান্তাঙ্গসঙ্গ-কুচকুঙ্কুম-রঞ্জিতায়াঃ কুন্দস্রজঃ কুলপতেরিহ বাতি গন্ধঃ॥ (১০।৩০।১১) ১২২॥ বাহুং প্রিয়াংস উপধায় গৃহীতপদ্মো রামানুজ স্তুলসিকালিকুলৈ র্মদান্ধৈঃ অন্বীয়মান ইহ ব স্তরবঃ প্রণামং কিম্বাভিনন্দতি চরন্ প্রণয়াবলোকৈঃ॥ ইতি (১০।৩০।১২) ১২৩॥ কিং বহুনা—অস্যাঃ সৌভাগ্যবাঞ্ছা দ্বারকা-মহিষীণামপি শ্রূয়তে। তত্র তাসাং তাদৃশবচনং শ্রীশুকদেবেনাপ্যুদিতং (১০।৮৩।৪১) যথা—"ন বয়ং সাধ্বি! সাম্রাজ্যমিত্যাদ্যুক্তং। আহুঃ—

রাধা কিন্তু তদ্ভাবে সংলীনা (অর্থাৎ নবমী মোহদশা প্রাপ্ত) হইয়া প্রশ্নাদি বাসনায় বিরামিত (অসমর্থ) হইয়াছিলেন। এ বাক্যের 'তদ্ভাবসংলীনা' পদ দ্বারা এই সূচিত হইল যে 'মধুপ, কিতববন্ধো' ইত্যাদি দিব্যোন্মাদময় বচন-সমূহ শ্রীরাধারই, অতএব সর্ব্বগোপী-সমাজে তিনিই শ্রেষ্ঠতমা। তাহাও উপযুক্তই বটে, যেহেতু (১২১-১২৩) শ্রীকৃষ্ণান্বেষণ-যাত্রা গোপীগণই রাধাকে উদ্দেশ্য করিয়াই নিম্নলিখিত বাক্যগুলি বলিয়াছেন—(১) সেই রমণী আরাধনা দ্বারা নিশ্চয়ই ভগবান্ ঈশ্বর হরিকে তুষ্ট করিয়াছে, নতুবা শ্রীগোবিন্দ আমাদিগকে ত্যাগ করিয়া ইহাকে লইয়া নির্জ্জনে যাইবেন কেন? (২) হে হরিণপত্নীগণ! আমাদের অচ্যুত অঙ্গ-প্রত্যঙ্গ দ্বারা তোমাদের নয়নানন্দদান করিতে করিতে প্রিয়ার সহিত কি এই স্থানে আসিয়াছিলেন? এই ত এস্থানে কুলপতি শ্রীকৃষ্ণের প্রিয়াঙ্গসঙ্গহেতু কুচকুঙ্কুম-রঞ্জিত কুন্দকুসুমমালার গন্ধ প্রবাহিত হইতেছে!! (৩) হে তরুগণ! শ্রীহরি, করে কমল ধারণ পূর্ব্বক প্রিয়ার স্কন্ধদেশে বাহু সমর্পণ করিয়া মদান্ধ (তুলসীমালার গন্ধে আকৃষ্ট) ভ্রমর-পংক্তিসহ এই স্থলে বিচরণ করিতে করিতে প্রণয়দৃষ্টিপাতে তোমাদের প্রণাম অভিনন্দন করিয়াছেন কি?

'কাময়ামহ এতস্য শ্রীমৎ পাদরজঃ শ্রিয়ঃ।
কুচকুঙ্কুম-গন্ধাঢ্যং মূর্দ্ধ্না বোঢ়ুং গদাভৃতঃ॥ ১২৪ (১০।৮৩।৪২)
ব্রজস্ত্রিয়ো যদ্বাঞ্ছন্তি পুলিন্দ্যস্তৃণবীরুধঃ।
গাব শ্চারয়তো গোপাঃ পাদস্পর্শং মহাত্মনঃ॥' ১২৫ ইতি
ব্রজস্ত্র্যাদীনাং বাঞ্ছা দর্শিতা—

পূর্ণাঃ পুলিন্দ্য উরুগায়-পদাব্জরাগ-
শ্রীকুঙ্কুমেন দয়িতাস্তন-মণ্ডিতেন।
তদ্দর্শন-স্মররুজ স্তৃণরুষিতেন
লিম্পন্ত্য আননকুচেষু জহু স্তদাধিম্॥ ১২৬ ইত্যনেন

